Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

adda247 A Unit of banker's adda CAREER POWER
ANNOUNCES FRESH BATCH FOR SSC CHSL (10+2), MTS, WBPSC CLERKSHIP ICDS SUPERVISOR / EPFO ASSISTANT / LIC ADO / AAO / ASSISTANT
BANK ▸ IBPS / RRB PO / CLERK
RISHRA | DURGAPUR | SILIGURI
CONTACT - 8335877777

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

সাধারণদের সরকারি চাকরির সঠিক প্রশিক্ষণ কেন্দ্র
WBCS - CGL - BANK - RAIL
grassroot
© 7427927701
Dunlop • Tamluk
Sonarpur • Bolpur

বর্ষ ৩৯ সংখ্যা ৪৪ কলকাতা বুধবার, ৫ জুন ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২১ জ্যৈষ্ঠ ১৪২৬ দাম ৫.০০ টাকা ২৪ পাতা R. N. 37120/80

## ভেতরের পাতায়

### ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালটেন্টসে ২৩৯

ডেটা এন্ট্রি অপারেটর, রিসেপশনিস্ট, ল্যাব অ্যাটেন্ডান্ট-সহ বিভিন্ন পদে ২৩৯ জনকে নেবে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালটেন্টস ইন্ডিয়া। ...পৃঃ ৮

### এয়ারফোর্সে এয়ারম্যান

বেশ কিছু এয়ারম্যান নেবে ভারতীয় বিমানবাহিনী। নিয়োগ হবে গ্রুপ 'এক্স' এবং গ্রুপ 'ওয়াই' ট্রেডে। ...পৃঃ ৮

### নেভিতে ইঞ্জিনিয়ারিং পাঠরত তরুণ

ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাঠরত বেশ কিছু তরুণকে ট্রেনিং দিয়ে বিভিন্ন টেকনিক্যাল ও এক্সিকিউটিভ ব্রাঞ্চে নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। ইউনিভার্সিটি এন্ট্রি স্কিমে শর্ট সার্ভিস কমিশনে নিয়োগ হবে। ...পৃঃ ৮

### ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় ম্যানেজমেন্ট ট্রেনি

৭৯ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া। নিয়োগ হবে সিভিল, মেকানিক্যাল, কেমিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং শাখায়। ...পৃঃ ৮

### জীবিকার আটঘাট

...পৃঃ ৯-১৬

# পশ্চিমবঙ্গের ২৪০৫

## তরুণ-তরুণীকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং

রাজ্যের সরকারি নার্সিং ট্রেনিং স্কুলগুলিতে ৬ মাসের ইন্টার্নশিপ ট্রেনিং-সহ তিন বছরের জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে। কোর্স শুরু হবে অক্টোবরে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর HNG/4T-38-2018/Pt-I/485.

**আসনসংখ্যা:** তরুণীদের জন্য ২,৩০০টি, তরুণদের জন্য ১০৫টি। মোট আসনের মধ্যে তফসিলি জাতির প্রার্থীদের জন্য ৫২৯টি, তফসিলি উপজাতিদের জন্য ১৪৪টি, ও বি সি-এ প্রার্থীদের জন্য ২৪১টি, ও বি সি-বি প্রার্থীদের জন্য ১৬৮টি, সমাজকল্যাণ

**অনলাইন আবেদনের শেষ তারিখ ১৭ জুন**

দপ্তর কর্তৃক স্বীকৃত অনাথ আশ্রমে বসবাসকারী প্রার্থীদের জন্য ৪৬টি এবং মহিলা সিভিল ডিফেন্স ভলান্টিয়ার্স প্রার্থীদের জন্য ৫৮টি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য ৭২টি আসন সংরক্ষিত থাকবে।

প্রার্থী যে জেলা থেকে আবেদন করবেন, প্রার্থীকে অবশ্যই আবেদনের দিন পর্যন্ত সেই জেলায় একটানা ৫ বছর স্থায়ীভাবে বসবাস করে থাকতে হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। ইংরেজিতে অন্তত ৪০ শতাংশ নম্বর থাকতে হবে। এর পাশাপাশি বাংলা বা

এরপর বাইশের পাতায়

# রাজ্যে ৪৫১০০ আসনে

## ডি এল এড কোর্সে ভর্তি-প্রক্রিয়া শুরু

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের অনুমোদনপ্রাপ্ত এবং এন সি টি ই কর্তৃক স্বীকৃত রাজ্যের বিভিন্ন সরকারি এবং বেসরকারি শিক্ষক-শিক্ষণ প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি এল এড) কোর্সে ভর্তির আবেদনের প্রক্রিয়া শুরু হয়েছে। আসনসংখ্যা ৪৫,১০০। উল্লেখ্য, রাজ্যের সরকারি, সরকারি সাহায্যপ্রাপ্ত প্রাইমারি স্কুলগুলিতে শিক্ষকতার ক্ষেত্রে এই প্রশিক্ষণ থাকা বাধ্যতামূলক। ডি এল এড কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**অনলাইন আবেদনের শেষ তারিখ ১২ জুন**

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল।

**বয়স:** ১-৭-২০১৯ তারিখে বয়স ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ৫ বছর এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। ৩-৯-২০০১-এর আগে নিয়োগ হওয়া কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে বয়সের

এরপর বাইশের পাতায়

# রাজ্যের ৫০০ তরুণীকে অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং

**স্টাইপেন্ড: প্রতি মাসে ৫০০ টাকা**

রাজ্যের ছয়টি সরকারি নার্সিং ট্রেনিং স্কুলগুলিতে ২ বছরের অক্সিলিয়ারি নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে। শুধু মহিলারাই আবেদন করবেন। কোর্স শুরু হবে অক্টোবরে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: HNG/4T-43-2018/484.

মোট আসনের মধ্যে তফসিলি জাতির প্রার্থীদের জন্য ১১০টি, তফসিলি উপজাতিদের জন্য ৩০টি, ও বি সি-এ প্রার্থীদের জন্য ৫০টি, ও বি সি-বি প্রার্থীদের জন্য ৩৫টি, সমাজকল্যাণ দপ্তর কর্তৃক স্বীকৃত অনাথ আশ্রমে বসবাসকারী

এরপর বাইশের পাতায়

TIEM®
Govt. Reg. : S/2L/No. 33016
The Institute of Education & Management
AN ISO 9001:2015 Certified
Admissions open
Hotel & Hospitality Management


❖ Job bond letter.
❖ Free Separate Hostel Facility for Girls & Boyes.
❖ Concession for SC/ST/OBC/Girls.
❖ Books & Uniform Free.
❖ Educational Loan.
❖ Fully AC Campus. ❖ wi-fi Connectivity.
কোর্স করতে করতে চাকরির সুযোগ
Contact us
Tamluk Campus : Hospital More, Tamluk, Purba Medinipur, Pin-721636
Call : 9134049034/8697588002
Koklata Campus : 6, Seal's Garden Lane, Kolkata - 700 002
Call : 9002469602/6289638534

Web: rabindrapathbhaban.com
রবীন্দ্র পাঠ ভবন™
(AN ISO 9001 : 2015 CERTIFIED ORGANIZATION)
ITI কলেজ
Installment এর সুবিধা আছে
NCVT (Govt. Of India) অনুমোদিত
ELECTRICIAN
FITTER
SURVEYOR
DRAUGHTSMAN
EARLY CHILDHOOD EDUCATOR TEACHERS TRAINING
CNC & VMC ট্রেনিং করিয়ে 100% চাকরীর ব্যবস্থা করা হয়।
ITI কোর্সে ট্রেনিং করিয়ে 100% চাকরীর ব্যবস্থা করা হয়।
উৎকর্ষ বাংলা
Free ট্রেনিং উপরি চাকরী
উৎকর্ষ বাংলায় ৫০০০ ছেলে মেয়ের দায়িত্বে রবীন্দ্র পাঠ ভবন
Course Details:
নার্সিং ট্রেনিং
বিউটিশিয়ান
রিটেলিং
ডেটা এনট্রি
ফ্যাশান ডিজাইন
ওয়েল্ডিং
মোবাইল রিপিয়ারিং
ইলেকট্রিশিয়ান
GUARANTEE
Head Office: BELGHARIA, 2NO RAIL GATE, 033-2541-2244
উৎকর্ষ বাংলা ট্রেনিং সেন্টার
বেলঘরিয়া- 8335047919 বর্ধমান- 8336878518
ভাতার- 9064997948 বেহালা- 8335047935
আগরপাড়া- 8335066919 বীরনগর- 6290489992
নিমতা- 8336878517 আঁকুই- 7047384825
কল্যাণী- 8335066916 রিষড়া- 7278139067

## সাউথ ইস্টার্ন কোলফিল্ডসে

# ৫৫০০ ট্রেড অ্যাপ্রেন্টিস

৫,৫০০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে সাউথ ইস্টার্ন কোলফিল্ডস। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ২০১৪ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে কম্পিউটার অপারেটর, ইলেক্ট্রিশিয়ান, ফিটার-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর ২৭৪১।

**ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ:** কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১,৪০০টি।

এরপর আটের পাতায়

## বর্ডার রোডস অর্গানাইজেশনে

# ৭৭৮

ইলেক্ট্রিশিয়ান, ভেহিক্যাল মেকানিক, মাল্টি স্কিল্ড ওয়ার্কার (কুক) এবং ড্রাইভার মেকানিক্যাল ট্রান্সপোর্ট পদে ৭৭৮ জন কর্মী নেবে বর্ডার রোডস অর্গানাইজেশন। এটি প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে। শুধুমাত্র পুরুষরাই আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ১/২০১৯।

**শূন্যপদের বিবরণ:** ইলেক্ট্রিশিয়ান: মোট শূন্যপদ: ১০১টি (সাধারণ ৪২, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৭, আর্থিকভাবে অনগ্রসর ১০)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে আই টি আই থেকে অটো

এরপর বাইশের পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ৪৪ □ ৫ জুন ২০১৯

ই-মেল ঠিকানা
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**আর্জেন্ট রিক্রুটমেন্ট- লিখিত গ্যারান্টি-সহ 5 দিনের মধ্যে অফার লেটার-সহ এয়ারপোর্ট ও Bank (DSA)-তে M/F চাই**

পঃ বঃ-সহ উঃ বঃ বেকার ছেলেমেয়েদের জন্য গভঃ স্বীকৃত লাইসেন্সপ্রাপ্ত অফিস দিচ্ছে কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও নিজের জেলায় Bank DSA-তে কাজের সুযোগ। কোনওরকম ডোনেশন লাগে না। 60 বছর কাজের এগ্রিমেন্ট থাকবে। ১৮-৪০-এ নামসই থেকে স্নাতক, আবেদন করতে পারে। ৭ দিনের মধ্যে যোগাযোগ করুন। R. L. T. Dum Dum, Kol-30, (M): 74788-28215.

□

**স্টার হোটেলে 6-17,500/-**

রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

**Jio / Vodafone / Naptol কাস্টমার** কেয়ারে বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক, বেতন-INC + OT-সহ 11,800/-, SUCCESS POINT MANAGEMENT SERVICE, Salt Lake, Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 90880-93059, উঃ ও দঃ ২৪ পরগনা: 98301-20692, মেদিনীপুর: 90513-76362.

□

**SBI / HDFC / ICICI / YES BANK/** PAN CARD / PAYTM ব্যাঙ্কিং প্রসেসে অফিসিয়াল পদে 337 জন স্মার্ট বাংলাভাষী M/F (18-35) সরাসরি নিয়োগ চলছে। বেতন: 11,534/- – 34,895/-, W2C, Kol-56, বেলঘরিয়া / দমদম: 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, ধর্মতলা / বেহালা: 62892-51870, হাওড়া / বালি: 90513-83837.

□

**Direct নিয়োগ**
**এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে**
**M: 96148-26939**

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48,900/-, PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রীতে। S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-74.

□

**স্টার হোটেলে চাকরি**

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

**হোটেলে স্থায়ী চাকরি**

কেন্দ্র-রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় 3/6/9 মাসের কোর্স। লিখিত গ্যারান্টি-সহ আয় ৮,০০০/- + থাকা খাওয়া ফ্রি। www.bshm.co.in গড়িয়া: 92316-80651.

□

## কর্মখালি

**সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank**

বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www.gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 90640-30192.

□

**Direct কোম্পানিতে ন্যূনতম H. S. পাশ** (18-30) 19 জন কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8-10K, Itech, ডানলপ, Kol-108. M: 83368-25980.

□

**SBI/HDFC/Naptol/কাস্টমার কেয়ারে** বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: M.P.-H.S, বেতন: INC + OT-সহ 12,000/-, Z. M. S, Salt Lake Sec-V, Kol-91. কলকাতা: 96747-95345, হাওড়া ও হুগলি: 70440-49492, উঃ ও দঃ ২৪ পরগনা: 98301-20692.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I** Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

**Airport ও মেট্রোতে 322 জনের Direct নিয়োগ**

**GST নং: 29AAACA6412D3J3** কন্ট্রাক্টরের অধীনে SV, ইনচার্জ, চেকিং, ট্রলিবয়, টোকেনবয় পদে সম্পূর্ণ বিনা ডোনেশনে M/F চাই। এছাড়া প্রতিটি জেলায় BANK (DSA)-তে Official পদে কর্মী চাই। বেতন: 16,200/- – 32,700/-. যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। ESI, PF ও OT-এর সুবিধা। (M): 94778-58099. A. J. Belgharia, Kol-56.

□

**Airport ও মেট্রোয় পার্মানেন্ট জব**
**Govt - R/L No.-0287**

কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,600/- – 48,500/-, S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-54. M: 89678-57516.

□

**স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ**

স্পট জয়েনিং। জেলায় জেলায় **Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 89728-69872.

□

**আপনার ভবিষ্যৎ গড়ুন সঠিক জায়গায়- ফোন করুন গ্যারান্টি-সহ 3 দিনে স্পট জয়েনিং**
**যোগাযোগ: (M): 83484-08500**

**Govt. Regd. No. L/C 8447,** সম্পূর্ণ বিনা ডোনেশনে সমস্ত বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী Airport-এ কন্ট্রাক্টরের অধীনে ও Pvt. Bank (DSA)-তে জয়েনিং চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: (14,500/- – 48,700/-) OT+PF+ESI বোনাস প্রমোশন -সহ যাতায়াত ও থাকা খাওয়া ফ্রী। ফর্ম দেওয়া চলছে। বিশদ জানতে ফোন করুন M: 83484-08500, G. C. দমদম।

□

**Salary 10400 - 19500/-**

**3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া** Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

## কর্মখালি

**এয়ারপোর্ট ও মেট্রোর গভঃ রেজিঃ সংস্থা R/L No.-3292**
**M: 74070-36062**

**শূন্যপদ: 216, বয়স: 18-35 পুরুষ** মহিলা কর্মপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই থেকে স্নাতক। বেতন: 16,900/- – 48,700/-, PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। S. J. S, Kol-110.

## স্কুল-কলেজ শিক্ষা

**রামকৃষ্ণ মিশন শিল্পায়তন**
**বেলুড় মঠ, হাওড়া**
**ভর্তির বিজ্ঞপ্তি**

রামকৃষ্ণ মিশন শিল্পায়তন (**Private** Industrial Training Institute), বেলুড় মঠ, হাওড়ায় N.C.V.T স্বীকৃত ITI Welder Trade-এ ১৯ জুন, ২০১৯ পর্যন্ত ভর্তির আবেদনপত্র দেওয়া এবং জমা নেওয়া হবে। WBSCT & VE & SD স্বীকৃত 10+2 (Vocational) একাদশ শ্রেণীতে Electrical এবং Computer বিভাগে ভর্তির জন্য আবেদনপত্র দেওয়া শুরু হয়েছে। বিশদ তথ্য প্রতিষ্ঠানে এবং Website-www.itirkmbelur.ac.in এ পাওয়া যাবে। Ph: (033) 2654-1052. -সম্পাদক।

□

**প্রশিক্ষণ ও চাকুরী**

কেন্দ্রীয় সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের দ্বারা অনুমোদিত ও AICTE স্বীকৃত NIELIT-এর CCC, O-LEVEL, A-LEVEL, B-LEVEL (MCA) Course-এর মাধ্যমে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরীর সুনিশ্চিত সুযোগ। এছাড়াও ANDROID DEVELOPMENT, PHP & MYSQL, JAVA, PYTHON, DOT NET, ORACLE ও HARDWARE & NETWORKING ইত্যাদি কর্মসহায়ক Course গুলির শেষে বিভিন্ন নামী সংস্থায় চাকুরীর জন্য PLACEMENT ASSISTANCE. যোগাযোগ: ICEI, CIC BLDG, KOL-71, +91-98302-33674 (M), +91-98366-74750 (M), মেদিনীপুর: +91-95317-65595 (M), (03222) 271423 (L).

□

**প্যারামেডিক্যালে ভর্তি**

**মাধ্যমিক ও 10 + 2 উত্তীর্ণদের 'জুন ১৯'** সেশনে ভর্তি চলছে। ফিজিওথেরাপি, ল্যাবটেক, ও.টি, ই.সি.জি, রেগুলার ক্লাস, হোস্টেল আছে। ইন্টার্নশিপ ও প্রাইভেট চাকরি। B.I.A.H.S, বেহালা, আমতলা, বহরমপুর, রানাঘাট, চাপড়া, জলঙ্গী। যোগাযোগ: 98306-62930, 86974-88882, 86974-88883, 87777-85881, 98303-46797.

□

**নার্সিং ট্রেনিং (100% Job)**

**Shree Jain Hospital (Howrah),** GNM, B. Sc, Approved by INC / KNC, Bangalore 10TH + 12TH Passed (Science/Commerce/Arts). Call: 75968-74245 / 75968-74246.

□

**নার্সিং কোর্স**

নাইটিঙ্গেল নার্সিং ট্রেনিং-এ 9 মাস প্রাক্টিক্যাল ট্রেনিং-সহ 18 মাসের ANM কোর্সে May 2019 সেশনে ভর্তি চলিতেছে। H. S. 17-30 বয়স। P: 98745-29443, কেষ্টপুর।

□

**Learn Technical Analysis of Stock** Market earn money with sure knowledge. Just Call: Amitava Sil, Mob: 62916-68857.

□

**নার্সিং কোর্সে ভর্তি**

**GNM ও B. Sc (N) সরাসরি ভর্তির জন্য** যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

**পাঠকের প্রতি**

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide** বেলঘরিয়া CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

**নার্সিং ট্রেনিং**

**পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত (STVT),** 2 Years Diploma In Nursing, Hospital Practice যুক্ত, Placement Assistance, Nursing কোর্সে ভর্তি চলিতেছে। রবীন্দ্র পাঠ ভবন, 83350-66916 / 83350-66915.

□

## স্কুল-কলেজ শিক্ষা

**GNM নার্সিং**

**INC স্বীকৃত 3 বছরের GNM নার্সিং** কোর্সে ভর্তি চলছে। নার্সিং ট্রেনিং শেষে নিশ্চিত চাকরির সুযোগ। ক্যারিয়ার অ্যাকাডেমি অফ মেডিকেল সাইন্স, গড়িয়া স্টেশন রোড, ছোটবটতলা, কোল-84, (M): 70035-90174 / 98742-30442.

□

**Math & Eng** সোনারপুর **WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি, পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

**নার্সারীর জন্য দক্ষ মালী চাই**

নার্সারীর সকল প্রকার কাজ জানা ও অর্কিডের উপর বিশেষ দক্ষতাসম্পন্ন অভিজ্ঞ মালীর দরকার। এছাড়াও দিবারাত্র থেকে কাজ করার জন্য অফিস বয়, ক্যান্টিন সুপারভাইসর এবং গার্লস হোস্টেলের জন্য লেডি ওয়ার্ডের প্রয়োজন।

সত্বর যোগাযোগ —
**9679812701/8145001188**

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৮ জুন দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৯ জুন **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৫ জুন দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

**Rabindra Path Bhaban Pvt ITI**
Requires Vocational Trainers
**OPPORTUNITY**

Rabindra Path Bhaban Pvt ITI, Partner of NSDC, requires professional Qualified Vocational Trainer on contractual basis in School of west Bengal to implement CSS-VSEScheme (NSQF). Candidate must be West Bengal domicile

| Sector(s) | No. of Position | Qualification | |
|---|---|---|---|
| Beauty & Wellness | 09 | Graduate with 1 Year working experience | Berachampa, Baduria, Habra, Hasnabad |
| Plumbing Sector | 07 | Degree in Civil Eng. or Diploma in Civil Eng. with 3 Years Experience | Howrah, Purba Mednipur, Paschim Mednipur, Bankura, Birbhum, Murshidabad |
| TOTAL | 16 | For 7 days from the date of this advertisement | |

Cont: 8335068911 / 7278139067 Mail : rabindra_path_bhaban@yahoo.co.in
Belgharia, 2nd Rail Gate, Kolkata - 700 083

**ক্যালকাটা নার্সিং ট্রেনিং ইনস্টিটিউট**
১০বি, শেক্সপিয়ার সরণী (Axis ব্যাঙ্কের বিপরীতে), কলিকাতা-৭০০০৭১
বাস স্টপ – বিড়লা তারামণ্ডল

১৭ থেকে ২৭ (০১.০১.১৯ পর্যন্ত) বছর বয়সী অন্তত ৪৫% নম্বর পেয়ে ১২ ক্লাস পাস, ইংরেজিতে ন্যূনতম ৪৫% নম্বর আবশ্যিক। পশ্চিমবঙ্গে বসবাসকারী মহিলাদের জন্য ৩ বছরের

**জেনারেল নার্সিং ও মিডওয়াইফারী কোর্স**

(ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল এবং ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা অনুমোদিত)
অক্টোবর'২০১৯ সেশনে ভর্তির জন্য ফর্ম ও প্রসপেক্টাস ০৭.০৬.১৯ থেকে ২০.০৬.১৯ পর্যন্ত সকাল ১০ টা থেকে বিকেল ৪ টের মধ্যে (ছুটির দিন বাদে) ৩৫০ টাকার বিনিময়ে পাওয়া যাবে।
ফর্ম পূরণ করে জমা দেবার শেষ তারিখ ২১.০৬.২০১৯ বিকেল ৪ টের মধ্যে।

**ট্রেনিং শেষের পর চাকুরির সুযোগ দেওয়া হয়ে থাকে**

**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির
স্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য।
সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

প্রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড: সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড: ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে অবাক করা গল্প-সুরে বাদ্য-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর অশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
সুব্রজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# দুধ থেকে ক্রিম বের করার মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** এই মেশিনের সাহায্যে দুধ থেকে ক্রিম বের করে সেই ক্রিম থেকে ঘি, মাখন প্রভৃতি তৈরি করতে পারেন। আবার সেই ক্রিম সরাসরি প্যাকেটজাত করে বাজারে বিক্রি করতে পারেন। অথবা কেক-পেস্ট্রি তৈরির বেকারিগুলিতেও সরবরাহ করতে পারেন।

**কীভাবে করবেন:** প্রথমে বাজার থেকে ঘন দুধ কিনে এনে তা মেশিনের নির্দিষ্ট জায়গায় ঢেলে দিতে হবে। এবার মেশিন চালু করলে নিজে থেকেই দুধ থেকে ক্রিম বের হয়ে আলাদা পাত্রে জমা হবে। মোটামুটিভাবে বলা যায়, এই মেশিনে ১ লিটার ঘন দুধ থেকে ২৫০ গ্রাম ক্রিম বের করা সম্ভব। তবে দুধের ঘনত্বের তারতম্যের ওপর ক্রিম উৎপাদনের পরিমাণেরও তারতম্য হতে পারে। এই মেশিনটি ৪০ লিটার, ৫০ লিটার এবং ১০০ লিটার পর্যন্ত সাইজের হতে পারে। ৪০ এবং ৫০ লিটার সাইজের মেশিনের জন্য মোটর লাগবে ২ হর্সপাওয়ার এবং ১০০ লিটার সাইজের মেশিনের জন্য মোটর লাগবে ৫ হর্সপাওয়ার। বিদ্যুৎ লাগবে ২২০ থেকে ৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটর সমেত ৪০ লিটার সাইজের মেশিনের দাম ৪০,০০০ টাকা, ৫০ লিটার সাইজের মেশিনের দাম ৪৫,০০০ টাকা এবং ১০০ লিটার সাইজের মেশিনের দাম ৬০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com


# নিশ্চিত চাকুরীমুখী কোর্স

যোগ্যতা মাধ্যমিক / উচ্চমাধ্যমিক (এ বছরের পরীক্ষার্থীরাও eligible)

| COURSES | BASIC | ADVANCE |
|---|---|---|
| ☆ MOBILE REPAIRING (Android / I-Phone) | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ HARDWARE & NETWORKING (Laptop / printer) | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ TOURISM MANAGEMENT | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ JOURNALISM & MASS COMMUNICATION | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ FASHION /JEWELLERY /INTERIOR | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ RETAIL / OFFICE MANAGEMENT | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ NURSING / PARA MEDICAL (MLT , X-RAY , OTT, PT) | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |
| ☆ MEDICAL SALES REPRESENTATIVE | 6 MONTHS | 1Yr. /2 Yrs. |

- ☆ 100% job opportunity.
- ☆ Free Educational Kit
- ☆ স্বল্প খরচে হোস্টেলের সুবিধা & Special Classes For IELTS / TOEFL
- ☆ কোর্সের শেষে দেশে ও বিদেশে চাকরির সুযোগ
- ☆ ভারত সরকারের UGC / MHRD দ্বারা স্বীকৃত কোর্স

FREE Spoken English

## Tutorial Section

VIII/X/XII Fail ? ১ বছরে NIOS (Govt.) বোর্ড থেকে পাশ করুন।
১ চান্সে পাশ করুন (Distance / Reguler)
B.A / B.Sc / B.Com / M.A / M.Sc / M.Com / BBA / BCA / B.Tech / MBA / PHARMACY / B.ED / LLB

NEET / JEE (MAIN + ADVANCE)
CAT , MAT , GMAT , CLAT , JENPAUH

## Mindmine
Institute For Skill Training (MIST)
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )
+ মৌলালী (Taltala) @7595077657
+ ঠাকুরপুকুর (Joka) @7595077656



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীদের আর কোনো হতাশা নয়...

কোর্স করলেই চাকরি কোর্স করলেই চাকরি কোর্স করলেই চাকরি

সরাসরি ভর্তি নেওয়া হচ্ছে Session 2019-2020 ■ সিট সীমিত → আগে আসার ভিত্তিতে সুযোগ

MANAGEMENT কোর্স, GOVT. OF WEST BENGAL ■ Duration- 3 years, সবচেয়ে কম কোর্স ফি

HOTEL Management | BBA | BCA

ফার্মাসি ও নার্সিং কোর্স PCI & INC Recognised Govt. of India

GNM | B.Sc. Nursing | D.Pharm | B.Pharm

ITI কোর্স, GOVT. OF WEST BENGAL ■ Duration- 2 years, সবচেয়ে কম কোর্স ফি

FITTER | WIREMAN | PLUMBER | ELECTRICIAN | WELDER | SURVEYOR

POLYTECHNIC কোর্স, GOVT. OF WEST BENGAL ■ Duration- 3 years, সবচেয়ে কম কোর্স ফি

CIVIL Engineering | MECHANICAL Engineering | ELECTRICAL Engineering | ELECTRONICS & Tele Communication | AUTOMOBILE Engineering

হেড অফিস সোনারপুর : 9007313724, 9007700707
বাঁকুড়া : 8348043505, 8348041398

HALDAR ACADEMY
ESTD. 2010
FIRST ISO 9001 : 2015 CERTIFIED
Only Franchisee Call : 8334923405


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কারেন্ট অ্যাফেয়ার্স

২২ মে-২৮ মে

**২২ মে** সুপ্রিম কোর্টে ৪ বিচারপতির নিয়োগে সম্মতি দিল কেন্দ্র। এঁরা হলেন বিচারপতি অনিরুদ্ধ বসু, বিচারপতি এ এস বোপান্না, বিচারপতি বি আর গাভাই ও বিচারপতি সূর্য কান্ত। কেন্দ্র অবশ্য এই নিয়োগে আপত্তি জানিয়েছিল। কিন্তু তা মানতে রাজি ছিল না সুপ্রিম কোর্টের কলেজিয়াম। এই চার বিচারপতি নিযুক্ত হলে আপাতত শীর্ষ আদালতে বিচারপতির কোনও পদ শূন্য থাকবে না। সুপ্রিম কোর্টে এখন বিচারপতির পদ ৩১টি। বর্তমানে সেখানে আছেন ২৭ জন।

**২৩ মে** ব্রিটিশ প্রধানমন্ত্রী টেরেসা মে-র ব্রেক্সিট বিল আবার থমকে গেল ব্রিটিশ পার্লামেন্টে। তাঁর নিজের দল কনজারভেটিভ পার্টির ভেতরেই কড়া বিরোধিতার জন্যই এদিন পার্লামেন্টের ভোটাভুটি স্থগিত হয়ে যায়। ব্রিটিশ সরকারের হুইপ মার্ক স্পেনসার এদিন হাউস অব কমন্সে জানিয়েছেন, ব্রেক্সিট বিল নিয়ে কবে আলোচনা হবে সে ব্যাপারে পরে জানিয়ে দেওয়া হবে।

**২৪ মে** লোকসভা নির্বাচনের ফল প্রকাশের ২৪ঘন্টার মধ্যেই দলের বিরুদ্ধে প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করে শাস্তির মুখে পড়লেন বীজপুরের তৃণমূল বিধায়ক শুভ্রাংশু রায়। দল তাঁকে ছ'বছরের জন্য সাসপেন্ড করেছে।

**২৫ মে** লোকসভা নির্বাচনে পশ্চিমবঙ্গের ফলাফলে তৃণমূলের বিপর্যয়ের ফলে মুখ্যমন্ত্রিত্ব ছাড়তে চেয়েছিলেন বলে নিজেই সাংবাদিক সম্মেলনে জানালেন মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন নির্বাচনী ফল পর্যালোচনার বৈঠকে দল তাঁকে ইস্তফার অনুমতি দেয়নি বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী। তবে মুখ্যমন্ত্রী পদে থাকলেও মমতা জানিয়েছেন, এখন থেকে সরকারি কাজের চেয়ে দলের কাজেই তিনি বেশি সময় দেবেন।

## লোকসভা নির্বাচনে জিতে ফের ক্ষমতায় মোদী




২৩ মে: বুথ ফেরৎ সমীক্ষাকে সত্য প্রমাণিত করে লোকসভা নির্বাচনে ৩৫২ আসন পেয়ে ফের জয়লাভ করল এনডিএ জোট। বিজেপি একাই ৩০৩ আসন পেয়েছে। এরফলে ৪৮ বছর পর ইন্দিরা গান্ধীর মতো আবার কোনও সরকার দ্বিতীয় বার নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ফিরে আসছে। ইউপিএ জোট পেয়েছে মাত্র ৮৬ আসন। কংগ্রেস সারাদেশে ৫১ আসন পেয়ে রীতিমত বিপর্যয়ের মুখোমুখি হয়েছে। কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী নিজেও হেরে গিয়েছেন আমেথি লোকসভা কেন্দ্রে। তবে কেরলের ওয়েনাদ থেকে জিতেছেন তিনি। পশ্চিমবঙ্গে ৪২টি আসনের মধ্যে তৃণমূল কংগ্রেস পেয়েছে ২২টি আসন। অন্যদিকে বিজেপি ১৮ আসন পেয়ে নজির গড়েছে। উত্তরবঙ্গ ও জঙ্গল মহলের আসনগুলি ছাড়াও বনগাঁ ও বারাকপুর লোকসভা আসন দখল করে তৃণমূলের সংগঠনে রীতিমত ফাটল ধরিয়ে দিয়েছে বিজেপি। কংগ্রেস বহরমপুর ও দক্ষিণ মালদা আসন দু'টিতে জয় পেয়েছে। বামফ্রন্ট একটিও আসন পায়নি। নির্বাচনের ফলাফল চূড়ান্ত হতেই বিদেশি রাষ্ট্রনেতারা শুভেচ্ছাবার্তা পাঠাতে থাকেন নরেন্দ্র মোদীকে। মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প লেখেন, 'গুরুত্বপূর্ণ কাজগুলি একসঙ্গে এগিয়ে নিয়ে যাওয়ার অপেক্ষায় আছি।' মোদীকে চিঠি পাঠিয়ে চিনা প্রেসিডেন্ট শি চিনফিংও বলেছেন, দ্বিপাক্ষিক সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যেতে চান তিনিও। পাক প্রধানমন্ত্রী ইমরান খানও টুইট করেন, 'দক্ষিণ এশিয়ার শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধির লক্ষ্যে একসঙ্গে কাজ করতে চাই।'

ছবি: পি টি আই



"সন্ত্রাসের ভয়, পাকিস্তানি হামলার ভয়, দেশবিরোধীদের ভয়— নাগরিকদের মধ্যে ভয় ঢোকানোয় জোর নজর দিয়েছেন মোদী। ১৯৮২-র ফকল্যান্ড যুদ্ধ ব্রিটিশ প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচারের জনপ্রিয়তা বাড়িয়েছিল, ফেব্রুয়ারিতে পাকিস্তানের সঙ্গে লড়াই ভোটে প্রভূত সাহায্য করেছে মোদীকে।"

**অমর্ত্য সেন**, *নোবেলজয়ী অর্থনীতিবিদ*
এক মার্কিন সংবাদপত্রে লেখা নিবন্ধে মোদীর জয়কে ক্ষমতার জয় বলে বর্ণনা করে

## ইস্তফা দেওয়ার ঘোষণা টেরেসা মে-র



২৪ মে: ব্রিটিশ প্রধানমন্ত্রী তথা কনজারভেটিভ দলের নেত্রী টেরেসা মে প্রধানমন্ত্রী পদ থেকে খুব শীঘ্রই ইস্তফা দেওয়ার কথা ঘোষণা করলেন। দলীয় নেত্রীর পদ থেকেও তিনি ৭ জুন সরে যাবেন বলে জানিয়েছেন। দলীয় সূত্রের খবর, টেরেসা ইস্তফা দেওয়ার পরই নতুন নেতা নির্বাচনের প্রক্রিয়া শুরু হবে। জুলাই মাসের মধ্যেই নেতা ঠিক হয়ে যাবে। ততদিন পর্যন্ত কার্যনির্বাহী প্রধানমন্ত্রী হিসেবে কাজ চালিয়ে যাবেন টেরেসা। ব্রেক্সিট নিয়ে ব্যর্থতার জন্য টেরেসার সরে যাওয়া একরকম প্রত্যাশিতই ছিল। কনজারভেটিভ নেত্রী তবু হাল ছাড়েননি। বিরোধীদের কাছ থেকেও সমর্থন আদায়ের চেষ্টা করেছেন। লেবার পার্টির নেতা জেরেমি করবিনের সঙ্গেও বারবার বৈঠক করেছেন। এমনকি চতুর্থবারের জন্য ব্রেক্সিট বিলের খসড়া এনে পার্লামেন্টে শেষ চেষ্টাও করে দেখেছেন। কিন্তু কাজ দেয়নি কোনও প্রচেষ্টাই।

**নির্বাচনে জয়ের পর সংসদের সেন্ট্রাল** হলে পা রেখে সংখ্যালঘুদের বিশ্বাস অর্জন করার আশ্বাস দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। 'সবকা সাথ' এবং 'সবকা বিকাশ'-এর সঙ্গে নতুন মন্ত্র যোগ করলেন, 'সবকা বিশ্বাস'। প্রথমে বিজেপি সংসদীয় দলের নেতা, তার পরে আনুষ্ঠানিকভাবে এনডিএ-র সংসদীয় দলনেতা নির্বাচিত হওয়ার পরে বিজেপি তথা এনডিএ সাংসদদের উদ্দেশে মোদী বলেছেন, 'সংবিধানকে সাক্ষী রেখে আমরা প্রতিজ্ঞা করি যে সব বর্গের মানুষকে নতুন উচ্চতায় নিয়ে যেতে হবে। ধর্ম-জাতির ভিত্তিতে কোনও ভেদাভেদ হবে না। সবকা সাথ, সবকা বিকাশ এবং তার সঙ্গে সবকা বিশ্বাস আমাদের মন্ত্র হবে।'

**দেশ জুড়ে হিন্দি চাপিয়ে দেওয়ার চেষ্টার** বিরুদ্ধে সরব হলেন তামিলনাড়ুর ডিএমকে সভাপতি এম কে স্ট্যালিন। ভারত মানে হিন্দিভাষী রাজ্যগুলোর বাইরেও অনেককিছু। শুধু হিন্দিভাষী রাজ্যগুলোই দেশ চালাবে, সে দিন আর নেই। এ ভাবেই নরেন্দ্র মোদীকে বার্তা দিয়েছেন স্ট্যালিন। তামিলনাড়ুতে বিজেপিকে আটকে দিয়ে স্ট্যালিন বলেন, 'রাজ্য-কেন্দ্রিক গঠনমূলক রাজনীতিই হবে আগামী দিনের নীতি। কেন্দ্রের কোনও সরকারই রাজ্যগুলোকে উপেক্ষা করতে পারবে না। শুধু হিন্দিভাষী রাজ্যগুলোই দেশ চালাবে, সে দিন চলে গেছে।'

**২৬ মে** নির্বাচনের পূর্ণাঙ্গ ফল প্রকাশের আগেই পাক প্রধানমন্ত্রী টুইট করে অভিনন্দন জানিয়েছিলেন। এদিন ফোন করে নরেন্দ্র মোদীর সঙ্গে কথা বললেন ইমরান খান। বিদেশমন্ত্রক সূত্রে জানানো হয়েছে, ফোন বার্তায় মোদী তাঁকে মনে করিয়ে দিয়েছেন যে 'ভারত এবং পাকিস্তান যৌথভাবে দারিদ্রের মোকাবিলা করতে পারে। পাশাপাশি সন্ত্রাসমুক্ত পরিবেশ গড়ার প্রশ্নেও জোর দিয়েছেন মোদী। পাক প্রধানমন্ত্রী ফোন করার পরে সে দেশের বিদেশ মন্ত্রকের মুখপাত্র মহম্মদ ফয়সল টুইট করে এই ফোনালাপের কথা ঘোষণা করেন। তাঁর কথায়, 'পাক প্রধানমন্ত্রী ইমরান খান দক্ষিণ এশিয়ার শান্তি ও উন্নয়ন নিয়ে নিজের মতামত জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রীকে। তিনি আরও জানিয়েছেন যে, এই লক্ষ্যপূরণের জন্য মোদীর সঙ্গে যৌথভাবে কাজ করতে চান।'

**দীর্ঘ সাত পর্বের লোকসভা ভোটের** নির্বাচনী আচরণবিধি প্রত্যাহার করে নেওয়া হতেই নবান্ন থেকে এক নির্দেশে কলকাতা এবং বিধাননগরের পুলিশ কমিশনার পদে যথাক্রমে অনুজ শর্মা এবং জ্ঞানবন্ত সিংকে ফিরিয়ে আনল রাজ্য সরকার। নির্বাচন কমিশন অনুজকে সরিয়ে রাজেশ শর্মা এবং জ্ঞানবন্তকে সরিয়ে নটরাজন রমেশবাবুকে দায়িত্ব দিয়েছিল।

**ভারতের পরিসংখ্যান ব্যবস্থাকে আরও** আধুনিক করা ও ঢেলে সাজার পক্ষে সওয়াল করলেন নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান রাজীব কুমার। তিনি জানান, বিশ্ব ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ রেখে সেই প্রক্রিয়া শুরু করেছেন তাঁরা। রাজীব কুমার বলেন, 'এটা স্পষ্ট যে, দেশের পরিসংখ্যান ব্যবস্থাকে বিশ্ব মানের করে তুলতে হবে। এ জন্য তার আধুনিকীকরণ দরকার।' অতীতে রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন গভর্নর রঘুরাম রাজন, প্রাক্তন মুখ্য আর্থিক উপদেষ্টা অরবিন্দ সুব্রহ্মণ্যম-সহ অনেকেই জিডিপি হিসেবের পদ্ধতিকে স্বচ্ছ করার পক্ষে সওয়াল করেছিলেন। এর মধ্যেই ২৩ মে লোকসভা নির্বাচনের ফল ঘোষণার দিন পরিসংখ্যান ও কর্মসূচি রূপায়ণ মন্ত্রক সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় পরিসংখ্যান দপ্তর (সিএসও) এবং ন্যাশনাল স্যাম্পল সার্ভে অফিস (এনএসএসও)-কে জাতীয় পরিসংখ্যান দপ্তরে মিশিয়ে দেওয়া হবে।

**২৭ মে** রাজ্যের নতুন স্বরাষ্ট্রসচিবের দায়িত্ব পেলেন আলাপন বন্দ্যোপাধ্যায়। নির্বাচন কমিশন রাজ্যের স্বরাষ্ট্রসচিবের পদ থেকে অত্রি ভট্টাচার্যকে সরিয়ে দেওয়ার পর তাঁকে পুরনো পদে ফিরিয়ে আনা হবে বলে মনে করা হয়েছিল। কিন্তু মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এদিন নবান্নে নতুন স্বরাষ্ট্রসচিবের নিয়োগের কথা জানিয়ে দেন। শিল্প দপ্তরের দায়িত্বও থাকবে আলাপনবাবুর হাতেই। অত্রি ভট্টাচার্য থাকছেন শুধু পর্যটনসচিবের দায়িত্বে।

**রাজ্যের নতুন নির্বাচন কমিশনার হলেন** সৌরভ দাস। রাজ্যের বর্তমান নির্বাচন কমিশনার অমরেন্দ্রকুমার সিংহ অবসর নেওয়ায় ওই পদে এলেন সৌরভ দাস। প্রাক্তন পঞ্চায়েত সচিব সৌরভ বাবু স্বনির্ভর ও স্বনিযুক্তি দপ্তরের উপদেষ্টা পদে কর্মরত ছিলেন। তাঁকে আগামী বছর প্রায় ১০০টি পুরসভার ভোট পরিচালনা করতে হবে।

**২৮ মে** প্রকাশ্যে দলের বিরুদ্ধে কথা বলে সাসপেন্ড হওয়া তৃণমূল বিধায়ক শুভ্রাংশু রায় বিজেপিতে যোগ দিলেন। মুকুল রায়ের পুত্র শুভ্রাংশু ছাড়াও বাঁকুড়া জেলার বিষ্ণুপুরের তৃণমূল বিধায়ক তুষারকান্তি ভট্টাচার্য এবং উত্তর দিনাজপুরের হেমতাবাদের সিপিএম বিধায়ক দেবেন্দ্রনাথ রায়ও এদিন দিল্লি গিয়ে বিজেপিতে যোগ দিয়েছেন। তুষারবাবু তিনবছর আগে কংগ্রেস ত্যাগ করে তৃণমূলে এলেও বিধানসভার নথিতে এখনও কংগ্রেস বিধায়ক হিসেবে পরিচিত। তাঁর এই দলত্যাগ নিয়ে বিধানসভায় স্পিকারের শুনানি চলছে। এই অবস্থায় এবার তিনি বিজেপির পতাকার নীচে এলেন।

## জাপান সফরে ট্রাম্প



২৭ মে: সস্ত্রীক জাপান সফরে গিয়ে সে দেশের নতুন সম্রাট নারুহিতোর সঙ্গে দেখা করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। কয়েকশো বছরের রীতি ভেঙে সম্প্রতি সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন জাপানের প্রাক্তন সম্রাট আকিহিতো। কয়েক সপ্তাহ আগে তাঁর জায়গায় সিংহাসনে বসেছেন তাঁরই ছেলে নারুহিতো। সিংহাসনে আরোহণের পর এই প্রথম কোনও রাষ্ট্রনেতা জাপানের সম্রাটের সঙ্গে আনুষ্ঠানিকভাবে দেখা করলেন। জাপান সফর সম্পর্কে ট্রাম্প টুইটারে লেখেন, '২০০ বছর পরে এমন একটা ঘটনা ঘটল। আমেরিকার প্রতিনিধিত্ব করতে পেরে আমি গর্বিত।' জাপানের সম্রাট নারুহিতো ও সম্রাজ্ঞী মাসাকো-র সঙ্গে দেখা করা ছাড়াও সেদেশের প্রধানমন্ত্রী শিনজো আবের সঙ্গে বৈঠক সারেন ট্রাম্প। আলোচনার মূল বিষয় ছিল উত্তর কোরিয়ার সঙ্গে জাপানের সম্পর্ক এবং দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তি।

## আরবি সাহিত্যে ম্যানবুকার জোকহার



২২ মে: আরবি সাহিত্যে ওমানের লেখিকা জোকহা আলহার্থি তাঁর বই 'সেলেস্টিয়াল বডিজ'-এর জন্য এ বারের ম্যানবুকার পুরস্কার পেলেন। আরবি সাহিত্যে এই প্রথম দেওয়া হল এই পুরস্কার। জোকহার মূল বইটি আরবিতেই লেখা। ইংরেজিতে তার অনুবাদ করেছেন মার্কিন লেখিকা ম্যারিলিন বুথ। পুরস্কারের পঞ্চাশ হাজার পাউন্ড ভাগ করে দেওয়া হবে লেখক ও অনুবাদকের মধ্যে।

## যুদ্ধবিমান চালকের স্বীকৃতি ভাবনার



২২ মে: ভারতে প্রথম কোনও মহিলা পাইলট পুরোদস্তুর যুদ্ধবিমান চালক হিসেবে স্বীকৃতি পেলেন ভারতীয় বায়ুসেনার পাইলট ভাবনা কান্থ। মিগ-বাইসন যুদ্ধবিমান নিয়ে দিনের আলোয় অভিযানে যাওয়ার অনুমতি পেয়েছেন তিনি। বায়ুসেনা জানিয়েছে, ভাবনা তাদের প্রথম মহিলা যুদ্ধবিমান চালকদের প্রথম ব্যাচের সদস্য। তিনি বর্তমানে রাজস্থানের বিকানেরে নাল ঘাঁটিতে মোতায়েন। রাতে অভিযানে যাওয়ার প্রশিক্ষণ শেষ হলেই তিনি রাতের অভিযানেও অংশগ্রহণ করবেন। উল্লেখ্য, ২০১৫ সালে পরীক্ষামূলকভাবে মহিলা পাইলটদের যুদ্ধবিমান চালক হওয়ার সুযোগ দিতে রাজি হয় বায়ুসেনা।

## সুরাটে অগ্নিকাণ্ডে মৃত ২০ ছাত্র




২৪ মে: গুজরাটের সুরাটে ভয়াবহ অগ্নিকাণ্ডে ২০ জন পড়ুয়ার মৃত্যু হল। এদিন দুপুরে সুরাটের সারতানায় তক্ষশীলা কমপ্লেক্সে আগুন লাগে। পাঁচতলা ভবনটির উপরের তলায় ছিল কোচিং সেন্টার। অগ্নিকাণ্ডের সময় সেখানে ক্লাস চলছিল। প্রাণ বাঁচাতে জনাদশেক পড়ুয়া রাস্তায় লাফও দেয়। দমকলের ১৯টি ইঞ্জিন আগুন নিয়ন্ত্রণে আনে।

ছবি: পি টি আই

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

## নিখরচায় টেলারিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তি



টেলারিংয়ের ২ বছরের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতার গভর্নমেন্ট টেলারিং ইনস্টিটিউট। এটি রাজ্যের টেক্সটাইলস ডিরেক্টোরেটের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। সফল ভাবে কোর্স সম্পূর্ণ করার পর আরও এক বছরের উচ্চতর কোর্সে প্রশিক্ষণ দেওয়া হবে।

**আসনসংখ্যা:** ৩০টি (পুরুষ ১৫, মহিলা ১৫)। **ক্যাটেগরি অনুসারে আসনসংখ্যা:** সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, দৈহিক প্রতিবন্ধী ২। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত অষ্টম শ্রেণি পাশ। সেই সঙ্গে বাংলা লিখতে, পড়তে ও বলতে জানা চাই। **বয়স:** ১-৭-২০১৯ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

কোনও কোর্স ফি নেই। স্টাইপেন্ড প্রতি মাসে ১০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.westbengalhandloom.org আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓প্রার্থীর এক কপি রঙিন স্ট্যাম্প মাপের ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। ✓অভিজ্ঞতার সার্টিফিকেটের (থাকলে) প্রত্যয়িত নকল। ✓কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ১০×২৭ সেমি মাপের একটি খাম। কোনও ডাকটিকিট সাঁটাতে হবে না।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ভরা খামের ওপর লিখবেন: APPLICATION FOR ADMISSION TO GOVT. TAILORING INSTITUTE FOR TAILORING TRAINING.

ওয়েবসাইটে নির্দিষ্ট বয়ানে লেখা ঠিকানার অংশটি প্রিন্ট করে কেটে আবেদনপত্র-ভরা খামের ওপর সেঁটে দেবেন। আবেদনপত্র ৭ জুনের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: SUPERINTENDENT, GOVT. TAILORING INSTITUTE, P-12, C.I.T. NEW ROAD, DEB LANE,KOLKATA 700014. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি

কৃষি বিষয়ক তিনটি স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়। বিষয়গুলি হল: এগ্রিকালচার, হর্টিকালচার এবং এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং। প্রতিটি কোর্সের মেয়াদ ৪ বছর। কোর্সগুলি পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের মোহনপুর, বর্ধমান এবং বাঁকুড়া ক্যাম্পাসে। দক্ষ খেলোয়াড়রা আবেদন করতে পারেন শুধুমাত্র এগ্রিকালচারের স্নাতক কোর্সের ক্ষেত্রে। এই কোর্সগুলিতে ভর্তির বিজ্ঞপ্তি নম্বর Admission/UG/Ag-I (Part-III)/L-194.

**বি এসসি (অনার্স) ইন এগ্রিকালচার:** ক্যাম্পাস অনুসারে আসনসংখ্যা: মোহনপুর ১১১টি। বর্ধমান ৩২টি। শুশুনিয়া, বাঁকুড়া ৩২টি। **বি এসসি (অনার্স) ইন হর্টিকালচার:** মোহনপুর ৩২টি। **বি টেক (অনার্স) ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং:** মোহনপুর ২৭টি।

**শিক্ষাগত যোগ্যতা:** এগ্রিকালচার ও হর্টিকালচারের ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি-সহ উচ্চমাধ্যমিক। উক্ত চারটি বিষয়ে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। ভোকেশনাল শাখার ক্ষেত্রে আবশ্যিক বিষয় হিসেবে বায়োলজি ও ইংরেজি, ঐচ্ছিক বিষয় হিসেবে ফিজিক্স বা কেমিস্ট্রি এবং এগ্রিকালচার ও হর্টিকালচারের সম্পর্কিত যে-কোনও দু'টি বিষয় পড়ে থাকতে হবে। পাঁচটি বিষয়ে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় বৈধ র‍্যাঙ্ক করে থাকতে হবে।

**বয়স:** ৩১-৮-২০১৮ তারিখে অন্তত ১৬ বছরের হতে হবে।

দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে ন্যূনতম জেলা স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: টেবল টেনিস, ব্যাডমিন্টন, ক্রিকেট, ফুটবল ও ভলিবল।

### অনলাইনে আবেদনের সময় আপলোড করবেন

✓প্রার্থীর জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (৩.৫×৪.৫ সেমি, ১০ থেকে ১৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৩.৫×১.৫ সেমি, ৫ থেকে ৭০ কেবি সাইজের মধ্যে)।

✓জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল (৫০০×৮০০ পিক্সেল ডাইমেনশন, ১৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

✓জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা উচ্চমাধ্যমিকের মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল (৫০০×৮০০ পিক্সের ডাইমেনশন, ১৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

✓প্রযোজ্য ক্ষেত্রে জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা কাস্ট বা ও বি সি বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (৫০০×৮০০ পিক্সেল ডাইমেনশন, ১৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।

✓দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের থেকে পাওয়া স্পোর্টস সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (৫০০×৮০০ পিক্সের ডাইমেনশনে, ১৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে)।



সব ক্ষেত্রেই প্রার্থীকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং দক্ষ খেলোয়াড়দের জন্য আসন সংরক্ষিত হবে।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bckv.edu.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৫ জুন। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় ব্যবস্থাতেই। অনলাইনে ফি দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা রুপে বা ডেবিট কার্ডের মাধ্যমে। অফলাইনে চালানের মাধ্যমে ফি দিতে হবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৮ জুন। ফি জমা দিলে ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট বা রসিদ নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদনের সময় অ্যাপ্লিকেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। অনলাইন আবেদন-সংক্রান্ত কোনও প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৮০১৩৯৩৫১৪২/৮৩৩৪৯৪৬৮৪৫।









Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (২), ২০১৯'-এর মাধ্যমে এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —প্রদীপ্ত শাসমল, কাঁকড়তলা, বীরভূম।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (২), ২০১৯'-এর মাধ্যমে এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: গ্র্যাজুয়েট ডিগ্রি। ফিজিক্স ও অঙ্ক নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করে থাকা চাই। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। পাশাপাশি, উচ্চতা হতে হবে অন্তত ১৬২.৫ সেমি। উচ্চতা ও বয়সের অনুপাতে ওজন থাকতে হবে। অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা-সহ বুকের ছাতি থাকতে হবে। এ ছাড়া পায়ের মাপ দরকার লম্বায় ৯৯-১২০ সেমি, থাই লম্বায় সর্বোচ্চ ৬৪ সেমি ও বসে থাকা অবস্থায় উচ্চতা ৮১.৫-৯৬ সেমি হতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। শুধুমাত্র হাইপারমেট্রোপিয়ার ক্ষেত্রে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। চশমা থাকলে আবেদন করা যাবে না। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হবে। ১২ জুন থেকে ৮ জুলাই পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in

□ *ইউ পি এস সি-র মাধ্যমে প্রতিরক্ষা দপ্তরে ইলেক্ট্রনিক্স শাখায় সিনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট পদে আবেদনের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —অর্চিস্মান সাহা, রানিনগর, মুর্শিদাবাদ।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে প্রতিরক্ষা দপ্তরে ইলেক্ট্রনিক্স শাখায় সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ইলেক্ট্রনিক্সে স্নাতকোত্তর বা অন্যতম বিষয় হিসেবে ইলেক্ট্রনিক্স-সহ ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদন করতে পারবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন'-এর ধরনধারণ সম্পর্কে বিস্তারিত জানতে চাই। —মলয় বিশ্বাস, মদনপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (২), ২০১৯' পরীক্ষাটি এ বছর হবে ৮ ... কলকাতা। ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির ক্ষেত্রে লিখিত পরীক্ষা হবে এই তিন বিষয়ে: ইংলিশ, জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির পরীক্ষা হবে শুধু ইংলিশ ও জেনারেল নলেজ বিষয়ে। সবক্ষেত্রেই প্রতি পেপারে ১০০ নম্বর। সময় ২ ঘণ্টা করে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকবে। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে থাকবে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞানের ওপর মাধ্যমিক মানের প্রশ্ন। লিখিত পরীক্ষায় সফল হলে ৩০০ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে ২০০) নম্বরের ইন্টেলিজেন্স অ্যান্ড পার্সোন্যালিটি টেস্ট। এটি দু'পর্যায়ে হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট ও পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজি টেস্ট ও কনফারেন্স। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## নেট/সেট

□ *পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের 'স্টেট এলিজিবিলিটি টেস্ট' (সেট) পরীক্ষায় বসার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? পরীক্ষায় কী কী বিষয়ে কত নম্বরের প্রশ্ন হবে? —সুমনা ঘোষ, বারুইপাড়া, নদিয়া।*

□□ পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের 'স্টেট এলিজিবিলিটি টেস্ট' (সেট) পরীক্ষার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট ৫৫ শতাংশ (তফসিলি, ও বি সিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার ডিগ্রি। পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯ সেপ্টেম্বর, ১৯৯১-এর আগে মাস্টার ডিগ্রির পরীক্ষা সম্পূর্ণ করে থাকলে (ফলপ্রকাশ এই তারিখের পরে হলেও চলবে) এবং পরীক্ষায় ৫০ শতাংশ নম্বর নিয়ে পাশ করে থাকলেই সেট পরীক্ষায় বসতে পারবেন। সেট পরীক্ষা তিনটি পেপারের। সব পেপারেই অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে। কোনও নেগেটিভ মার্কিং নেই। প্রথম পেপারে থাকবে রিজনিং এবিলিটি, কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং এবং জেনারেল অ্যাওয়্যারনেসের প্রশ্ন। ৫০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নের মান ২। অর্থাৎ ১০০ নম্বরের পেপার। দ্বিতীয় ও তৃতীয় পেপারে থাকবে প্রার্থীর বিষয়ের ওপর প্রশ্ন। মোট ১০০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি প্রশ্নে ২ নম্বর করে মোট ২০০ নম্বরের পেপার। কোয়ালিফাইং নম্বর মোট নম্বরের ৪০ শতাংশ (তফসিলি, ও বি সিদের ক্ষেত্রে ৩৫ শতাংশ)। সেট পরীক্ষার বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.wbcsconline.in

## কোর্স, ট্রেনিং

□ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম'-এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —স্বপ্না দে, ...*

□□ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ওশানোগ্রাফিক স্টাডিজ বিভাগে 'রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম'-এর ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় বি ই বা বি টেক অথবা অনার্স-সহ বি এ বা বি এসসি অথবা এম এ বা এম এসসি। প্রার্থী বাছাই করা হয় একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন থাকে জেনারেল সায়েন্টিফিক অ্যাপ্টিটিউড বিষয়ে। খুঁটিনাটি বিষয়ে বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.jaduniv.edu.in

□ *আই আই এস ডব্লু বি এমে সোশ্যাল ওয়েলফেয়ারে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সটি করতে চাই। বিস্তারিত জানাবেন। —অনির্বাণ বসু, পুরুলিয়া।*

□□ সোশ্যাল ওয়েলফেয়ারের ২ বছরের স্নাতকোত্তর (এম এস ডব্লু) কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখার অনার্স গ্র্যাজুয়েটরাই আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিং ও আইনের গ্র্যাজুয়েটরাও কোর্সটি পড়তে পারেন। ডিগ্রি প্রদান করবে কলকাতা বিশ্ববিদ্যালয়। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। মোট ৪ সেমেস্টারের কোর্স। মোট ফি ১ লক্ষ ৭০ হাজার টাকা। অনলাইনে দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iiswbm.edu ফি বাবদ ৭০০ টাকা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে অনলাইনে জমা দেওয়া যাবে। অফলাইনে স্টেট ব্যাঙ্কেও নগদে ফি জমা দেওয়া যাবে। এ ছাড়া প্রতিষ্ঠানের অফিস থেকেও ৭০০ টাকার বিনিময়ে আবেদনের ফর্ম কিনতে পাওয়া যাচ্ছে। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১৪ জুন। লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও পার্সোনাল ইন্টারভিউ ২৬ ও ২৭ জুন। প্রতিষ্ঠানের ঠিকানা: ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট হাউস, কলেজ স্কোয়্যার (ওয়েস্ট), কলকাতা-৭০০ ০৭৩।

□ *তুলনামূলক সাহিত্যে এম এ করছি। পাশাপাশি যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে রেডিও প্রোডাকশনের সার্টিফিকেট কোর্সটি করতে চাই। কোনও প্রবেশিকা পরীক্ষা হয় কি? কী কী বিষয় শেখানো হয়? —মৌমিতা সেনগুপ্ত, আরামবাগ, হুগলি।*

□□ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ৬ মাসের রেডিও প্রোডাকশনের সার্টিফিকেট কোর্স করা যায়। বিশ্ববিদ্যালয়ের স্কুল অব মিডিয়া কমিউনিকেশন অ্যান্ড কালচারে কোর্সটি করানো হয়। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক পাশ। এটি একটি সান্ধ্য কোর্স। ফলে কলেজের পড়াশোনার পাশাপাশিও কোর্সটি করে নেওয়ার সুযোগ রয়েছে। বয়সের কোনও বিধিনিষেধ নেই। একটি প্রবেশিকা পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে ভর্তি নেওয়া হয়। পরীক্ষায় প্রার্থীর পারিপার্শ্বিক জ্ঞান যাচাই করা হয়। প্রার্থীর রেডিওতে কাজের উৎসাহও পর্যবেক্ষণ করা হয়। খুঁটিনাটি বিষয়ে বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.jaduniv.edu.in

## ব্যাঙ্ক

□ *আই বি পি এস পরীক্ষার মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ক্লার্ক পদে আবেদনের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই ও পরীক্ষার ধরনধারণ বিষয়ে বিস্তারিত জানাবেন। —সোনালী দে, হাওড়া।*

□□ ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)-এর মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ক্লার্ক পদে আবেদনের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক বা সমতুল। সঙ্গে কম্পিউটার জ্ঞান থাকা বাধ্যতামূলক। কম্পিউটার বিষয়ক সার্টিফিকেট, ডিপ্লোমা বা ডিগ্রি কোর্স করে থাকতে হবে। অথবা স্কুল বা কলেজ বা কোনও প্রতিষ্ঠানে অন্যতম বিষয় হিসেবে কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হবে। যে-রাজ্যের শূন্যপদে দরখাস্ত করবেন, সংশ্লিষ্ট রাজ্যে আঞ্চলিক ভাষা লিখতে, বলতে ও পড়তে জানা চাই। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রোসেস ফর রিক্রুটমেন্টস অব ক্লার্কস ইন পার্টিসিপেটিং অর্গানাইজেশনস' হবে অনলাইন পদ্ধতিতে, দু'পর্যায়ে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫), রিজনিং এবিলিটি (৩৫)। সময়সীমা ১ ঘণ্টা। প্রতিটা বিষয়ের জন্য ২০ মিনিট করে সময় ধার্য। এই পরীক্ষায় পাশ করলে মেন পরীক্ষার জন্য বিবেচিত হবেন। মেন পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০), জেনারেল ইংলিশ (৪০), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০), ফিনান্সিয়াল বা জেনারেল অ্যাওয়্যারনেস (৫০)। মোট সময়সীমা ২ ঘণ্টা ৩০ মিনিট। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। বিস্তারিত সিলেবাসের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ibps.in

□ *স্টেট ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার ক্যাটেগরিতে কাস্টমার রিলেশনশিপ এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —কৌশিক মান্না, বেলুট-রসুলপুর, বাঁকুড়া।*

□□ স্টেট ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার ক্যাটেগরিতে কাস্টমার রিলেশনশিপ এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে আর্থিক পণ্য-সংক্রান্ত তথ্য নথিবদ্ধ করার কাজে অভিজ্ঞতা এবং উচ্চমানের যোগাযোগের দক্ষতা থাকতে হবে। এর পাশাপাশি বৈধ টু-হুইলার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। ১২ জুনের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইট দু'টির যে-কোনও একটির মাধ্যমে: https://bank.sbi/careers বা https://www.sbi.co.in/careers

□ *পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ট্রেনিং দিয়ে ব্যাঙ্ক অব বরোদায় প্রবেশনারি অফিসার নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? প্রার্থী বাছাই কীভাবে করা হয়ে থাকে? —শিবেন্দু ঘোষ, বসিরহাট, ...*

□□ ব্যাঙ্কিং অ্যান্ড ফিনান্সে ১ বছরের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সটি করায় বরোদা মণিপাল স্কুল অব ব্যাঙ্কিং। কোর্সের শেষে সফল প্রার্থীদের ব্যাঙ্ক অব বরোদায় প্রবেশনারি অফিসার পদে নিয়োগ করা হয়ে থাকে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক বা সমতুল ডিগ্রি থাকতে হবে। প্রার্থী বাছাই করা হয়ে থাকে অনলাইন পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় থাকবে রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, ব্যাঙ্কিং ব্যবস্থা-সংক্রান্ত প্রশ্ন-সহ জেনারেল অ্যাওয়্যারনেস। প্রতিটি অংশের মান ৫০ নম্বর। অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ওয়েবসাইট: www.bankofbaroda.co.in

## অন্যান্য চাকরি

□ *লাইফ ইনশিওরেন্স কর্পোরেশনে অ্যাপ্রেন্টিস ডেভেলপমেন্ট অফিসার পদে দরখাস্ত করেছি। প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে জানাবেন। —শতরূপ মণ্ডল, এগরা, পূর্ব মেদিনীপুর।*

□□ লাইফ ইনশিওরেন্স কর্পোরেশনে অ্যাপ্রেন্টিস ডেভেলপমেন্ট অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। সবশেষে থাকবে মেডিক্যাল এক্সামিনেশন। প্রিলিমিনারি পরীক্ষার তারিখ ৬ ও ১৩ জুলাই। প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে রিজনিং এবিলিটি (৩৫ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর) ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর) বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন। সময়সীমা মোট ১ ঘণ্টা। মেন পরীক্ষা ১০ অগস্ট। মেন পরীক্ষায় ১৫০টি প্রশ্ন হবে রিজনিং এবিলিটি অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, ইংলিশ ল্যাঙ্গুয়েজ এবং ইনশিওরেন্স অ্যান্ড ফিনান্সিয়াল মার্কেটিং অ্যাওয়্যারনেস বিষয়ে। সময় ২ ঘণ্টা। ওয়েবসাইট: www.licindia.in

□ *ভারতীয় বিমানবাহিনীতে গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) শাখায় অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? —অনুপ সাহা, মছলন্দপুর।*

□□ ভারতীয় বিমানবাহিনীতে গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) শাখায় অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছরের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। ইন্টিগ্রেটেড পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। উভয় ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্কে ৬০ শতাংশ করে নম্বর থাকতে হবে। অথবা নিম্নলিখিত বিষয়ের যে-কোনও একটিতে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়া বা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্সের (ইন্ডিয়া) অ্যাসোসিয়েট মেম্বারশিপের সেকশন এ, বি পাশ অথবা ৬০ শতাংশ নম্বর-সহ ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্সের গ্র্যাজুয়েট মেম্বারশিপ এক্সামিনেশন পাশ। বিষয়গুলি হল: কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ... টেকনোলজি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (মাইক্রোওয়েভ), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি। এর পাশাপাশি উচ্চতা হতে হবে ১৫৭.৫ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে উভয় চোখে ৬/৯ পর্যন্ত সংশোধনযোগ্য। দেখতে পারেন এই ওয়েবসাইট: https://careerindianairforce.cdac.in

□ *ভারতীয় নৌবাহিনীতে আর্টিফিশার অ্যাপ্রেন্টিস ব্যাচে ট্রেনিং দিয়ে নাবিক পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয়ে থাকে কোন পদ্ধতিতে? —স্বর্ণেন্দু বারুই, জামালপুর, বর্ধমান।*

□□ ভারতীয় নৌবাহিনীতে আর্টিফিশার অ্যাপ্রেন্টিস ব্যাচে ট্রেনিং দিয়ে নাবিক পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, ফিজিক্যাল ফিটনেস টেস্ট এবং মেডিক্যাল টেস্টের মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা। লিখিত পরীক্ষায় থাকবে ইংরেজি, বিজ্ঞান, অঙ্ক এবং সাধারণ জ্ঞানের ওপর উচ্চমাধ্যমিক স্তরের অবজেক্টিভ ধরনের প্রশ্ন। ইংরেজি ও হিন্দি ভাষায় প্রশ্ন করা হবে। সময় ১ ঘণ্টা। ফিজিক্যাল ফিটনেস টেস্টে থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (উঠক-বৈঠক) এবং ১০টি পুশ আপ। এরপর ফাইনাল মেডিক্যাল টেস্ট। দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *ইন্দো-টিবেটান বর্ডার পুলিশে কনস্টেবল (ড্রাইভার) পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয় কোন প্রক্রিয়ায়? বিস্তারিত জানাবেন। —সৈকত দে, দিঘির পাড়, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ইন্দো-টিবেটান বর্ডার পুলিশে কনস্টেবল (ড্রাইভার) পদের নিয়োগের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয়ে থাকে বিবিধ পর্যায়ে। প্রথম পর্যায়ে হাইট বার টেস্ট। পরবর্তী পর্যায়ে শারীরিক সক্ষমতার পরীক্ষা। এতে থাকে সাড়ে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, তিনটি সুযোগে ১১ ফুট লং জাম্প ও তিনটি সুযোগে সাড়ে ৩ ফুট হাই জাম্প। এর পর শারীরিক মাপজোক যাচাই। পরবর্তী ধাপে থাকে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা। লিখিত পরীক্ষায় প্রশ্ন হয় এই সমস্ত বিষয়ে: জেনারেল নলেজ (১০ নম্বর), ম্যাথমেটিক্স (১০ নম্বর), হিন্দি (১০ নম্বর), ইংলিশ (১০ নম্বর) ও সংশ্লিষ্ট ট্রেডে (৬০ নম্বর)। সময়সীমা ২ ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। পরবর্তী পর্যায়ে স্কিল টেস্ট হবে ৫০ নম্বরের। সবশেষে থাকবে নথিপত্র যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশন। দেখুন এই ওয়েবসাইট: www.recruitment.itbpolice.nic.in

নাম : ..........................................

ঠিকানা : ..........................................

..........................................

..........................................

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্সে

# ২২৭ ট্রেড অ্যাপ্রেন্টিস

অ্যাটেন্ড্যান্ট অপারেটর, ইনস্ট্রুমেন্ট মেকানিক, ইলেক্ট্রিশিয়ান-সহ বিভিন্ন ট্রেডে ২২৭ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট ১৯৬১ অনুসারে ১ থেকে ২ বছরের ট্রেনিং দেওয়া হবে মহারাষ্ট্রের ট্রম্বে বা থলে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া হবে।

**ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ:** অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্লান্ট): ৪০টি। ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্লান্ট): ৫টি। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি, স্নাতকস্তরে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স বা বায়োলজি পড়ে থাকতে হবে। বয়স: ২৫ বছরের মধ্যে হতে হবে। উভয় ক্ষেত্রেই প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

ইনস্ট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্লান্ট): ২০টি। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি, স্নাতকস্তরে ফিজিক্স এবং কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। বয়স: ২৫ বছরের মধ্যে হতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

মেইন্টেন্যান্স মেকানিক (কেমিক্যাল প্লান্ট) ২০টি। ইলেক্ট্রিশিয়ান: ১৭টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। বয়স: ২১ বছরের মধ্যে হতে হবে। উভয়ক্ষেত্রেই প্রশিক্ষণের মেয়াদ ২ বছর।

স্টেনোগ্রাফার (ইংলিশ): ২০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা স্নাতক। বয়স: ২১ বছরের মধ্যে হতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর তিন মাস।

সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা স্নাতক। বয়স: ২৫ বছরের মধ্যে হতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর তিন মাস।

হাউসকিপার (হসপিটাল): ৫টি। শিক্ষাগত যোগ্যতা: উচচমাধ্যমিক। বয়স: ২৫ বছরের মধ্যে হতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর ছয় মাস।

ফুড প্রোডাকশন (জেনারেল): ৪টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। বয়স: ২১ বছরের মধ্যে হতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ২ বছর।

এক্সিকিউটিভ (হিউম্যান রিসোর্স): ৬টি। শিক্ষাগত যোগ্যতা: হিউম্যান রিসোর্সে এম বি এ অথবা এম এস ডব্লু অথবা পার্সোনেল ম্যানেজমেন্ট বা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনসে ২ বছরের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পাশ। বয়স: ২৫ বছরের মধ্যে হতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

এক্সিকিউটিভ (মার্কেটিং): ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: মার্কেটিংয়ে এম বি এ অথবা মার্কেটিং ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা। বয়স: ২৫ বছরের মধ্যে হতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

উপরোক্ত সবকটি ক্ষেত্রেই ১-৫-২০১৯ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

কেমিক্যাল: ১৯টি। মেকানিক্যাল: ১৮টি। ইলেক্ট্রিক্যাল: ১২টি। ইনস্ট্রুমেন্টেশন: ৮টি। সিভিল: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। বয়স: ১-৩-২০১৯ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মেডিক্যাল ল্যাব টেকনোলজিতে ডিপ্লোমা। বয়স: ১-৩-২০১৯ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

সব ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা চূড়ান্ত বাছাইয়ে ৫ শতাংশ নম্বরের ছাড় পাবেন।

সব ক্ষেত্রেই ১-৫-২০১৯ তারিখে প্রার্থীর বয়স অন্তত ১৮ বছর হতে হবে। নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** অ্যাটেন্ড্যান্ট অপারেটর, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, ইনস্ট্রুমেন্ট মেকানিক, ইলেক্ট্রিশিয়ান এবং এক্সিকিউটিভের ক্ষেত্রে প্রতি মাসে ৮,৬৯৯ টাকা। মেইন্টেন্যান্স মেকানিক, স্টেনোগ্রাফার, সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট, হাউসকিপার এবং ফুড প্রোডাকশনের ক্ষেত্রে প্রতি মাসে ৭,৭৩২ টাকা। ইঞ্জিনিয়ারিং এবং মেডিক্যাল ল্যাব টেকনোলজির ক্ষেত্রে প্রতি মাসে ৫,০০০ টাকা।

আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rcfltd.com আবেদনের শেষ তারিখ ১৩ জুন। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইনে আবেদনপত্র পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং সিস্টেম জেনারেটেড রেজিস্ট্রেশন স্লিপের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


# সরকার স্বীকৃত নার্সিং কলেজে ট্রেনিং নিয়ে চাকরি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা আবেদনের যোগ্য



এখন শুধু রাজপথ নয়, জেলায়-জেলায় বড় রাস্তা বা ছোট রাস্তার পাশে গড়ে উঠেছে নার্সিং হোম এবং ক্রমাগত বাড়ছে হসপিটালের সংখ্যা। বিশ্ব জুড়ে - দেশ জুড়ে, চাই অসংখ্য ট্রেনিংপ্রাপ্ত নার্স কর্মী। মেয়েদের জীবনে প্রতিষ্ঠিত হওয়ার জন্য চাই শুধু একটি সঠিক নার্সিং ট্রেনিং। কম খরচে নার্সিং ট্রেনিং দিয়ে মেয়েদের প্রতিষ্ঠিত করার লক্ষ্যে, কর্মযজ্ঞ শুরু হয়েছে বালিগঞ্জের রবীন্দ্র পাঠ ভবন নার্সিং ট্রেনিং কলেজে। এই কলেজ Affiliated by BSS (Ministry of HRD, Govt. of India, Guidance of NCERT).

প্রতিষ্ঠানের পক্ষ থেকে এক সাক্ষাৎকারে জানানো হয়েছে, এই কোর্সটির নাম "2 Years BSS Practical Nursing (Govt. of India)"। Personality development ও Grooming-এর সঙ্গে সঙ্গে অত্যাধুনিক প্রযুক্তিসম্পন্ন Lab-এ Medical Instrument-এর সাহায্যে practice-এর ব্যবস্থা। এই ট্রেনিং-এ Installment-এ Fees দেওয়ার সুযোগ আছে। কোর্স শেষে চাকরির সুযোগ এবং এককালীন স্কলারশিপ পাওয়ার ব্যবস্থা। ভর্তির জন্য এখনই যোগাযোগ করুন : রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 97329-37726।

# IIBS-এর ট্রেনিং মানেই ব্যাঙ্ক/সরকারি চাকরি

লক্ষাধিক শূন্যপদে পরীক্ষা দিয়ে নিশ্চিত সরকারি চাকরি পেতে, কম খরচে এখানকার গ্যারান্টি কোর্সে এখনই ভর্তি হয়ে ক্লাস শুরু করুন।

- Till Success Facility
- www.iibskolkata.com

**ভর্তি চলছে**

• IBPS • RRB • RBI • RAIL • SSC • PSC • CGL • LIC • GR-D

**INDIAN INSTITUTE OF BANKING & SERVICES** (ESTD.–1987)

20/1, Ballygunge Station Road, Kolkata-700 019, Ph : 2461-0361, 74784-30465

বিগত বছরে আমাদের প্রতিষ্ঠান থেকে পাশ করে সরকারী চাকরীতে কর্মরত।



Anindita Pandit, Paschim Midnapur — Suman Roy, Bankura — Mousumi Sarkar, Malda — Sabira Khatun, Murshidabad

# VISWA BHARATHI TRUST

**B.Ed - 60,000/-**
**D.El.Ed - 58,000/-**
**LL.B - 57,000/-**

কোর্সে ভর্তি চলছে (পশ্চিমবঙ্গ থেকে)

কেন VISWA BHARATHI TRUST-এ ভর্তি হবে?

১. কলেজের নিজস্ব MULTI SPECIALITY HOSPITAL।
২. কলেজে 60% - 80% রেজাল্ট।
৩. ২৪ ঘন্টা সি.সি.টিভি ক্যামেরা, Aquaguard জল ও কারেন্টের ব্যবস্থা আছে।
৪. সমস্ত ছাত্র-ছাত্রীদের ইংরাজি ভীতি কাটানোর জন্য Special Spoken English-এর ব্যবস্থা আছে।
৫. কোর্স শেষে বিদেশ, কলকাতা ও ব্যাঙ্গালোর চাকরির সুযোগ।
৬. ছুটির দিনে বেড়াতে নিয়ে যাওয়া হয়।
৭. স্টুডেন্টদের লোন ও স্কোলারশিপ-এর সহায়তা করা হয়।

সম্পূর্ণভাবে উন্নত মানের বেঙ্গলী কুক দ্বারা খাবারের ব্যবস্থা 1day Fish, 2days Egg, 1day Chicken

# GNM, BSC, নার্সিং এ ভর্ত্তি (ব্যাঙ্গালোর ও অন্ধ্র)

**SRI SHARADA NURSING COLLEGE (B.Sc)**
**VISWA BHARATHI SCHOOL OF NURSING (GNM)**

INC স্বীকৃত। উচ্চমাধ্যমিক পাশ (35%-45%) মার্কস সহ যে কোনো শাখার ছেলে ও মেয়ে উভয় ভর্ত্তি হতে পারে।



Aliya Khatun, Bankura

পেপারে ঘোষ এডুকেশন সেন্টারে Ad দেখে আমি বাঁকুড়া থেকে কলকাতা এসে G.N.M. নার্সিং-এ ভর্ত্তি হই। আমার পরিবারের অবস্থা খারাপ থাকায় আমি ঘোষ এডুকেশনের সেন্টারের সহযোগিতায় লোন নিয়ে বর্তমানে ব্যাঙ্গালোরে পড়াশুনা করছি, এবং মুসলিম বলে প্রতি বছর ৩০,০০০ স্কলারশিপ পাই।



Moumita Sarkar, Malda

আমি ঘোষ এডুকেশন সেন্টারের মাধ্যমে ব্যাঙ্গালোরে নার্সিং কোর্সে ভর্ত্তি হই। সেখান থেকে বি.এস.সি পাশ করার পর ওয়েস্ট বেঙ্গল স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত করি ঘোষ এডুকেশন সেন্টারের মাধ্যমে। বর্তমানে আমি সরকারি চাকুরিতে কর্মরত জলপাইগুড়ির জেলা হাসপাতালে।



গতবছর পেপারে Ad দেখে আমি কামারপুকুর (আরামবাগ) এসে ঘোষ এডুকেশন সেন্টারের মাধ্যমে ব্যাঙ্গালোরে আমার ছেলেকে GNM নার্সিং এ ভর্ত্তি করাই। এখানে কলেজের মান অন্যান্য কলেজের থেকে উন্নত। এনাদের মত দায়িত্ববান মানুষের হাতে আমার ছেলেকে তুলে দিয়ে আমি খুশি।



আমি পুরুলিয়া থেকে কলকাতায় এসে আমার মেয়েকে GNM নার্সিং এ ভর্ত্তি করি ঘোষ এডুকেশন সেন্টারের মাধ্যমে। আমি পেশায় ডাক্তার। তাই কাজে ভিষন ব্যাস্ত থাকি, কিন্তু এই প্রতিষ্ঠান ব্যাঙ্গালোর থেকে মেয়েকে নিয়ে আসা ও নিয়ে যাওয়া অভিভাবকের মতো দায়িত্ব পালন করে। তাই যাওয়া আসা নিয়ে আমার কোন চিন্তা নেই। ডঃ সমরেশ মণ্ডল, পুরুলিয়া

**100% LOAN ও PLACEMENT HELPING, MINORITY SCHOLARSHIP**

## বিগত বছর গুলিতে আমাদের প্রতিষ্ঠান থেকে যারা ভর্ত্তি হয়েছে তাদের কয়েকজনের ছবি দেওয়া হলো



বিঃ দ্রঃ- মাত্র ১০০০০ টাকায় ভর্ত্তি করে ৬ ঘন্টার মধ্যে Admission Letter হাতে পাবেন।

# ঘোষ এডুকেশন সেন্টার

An ISO 9001:2015 certified

দমদম রেল স্টেশন, কলকাতা - 700030, H.O. : 7797314385

কলকাতা : 9609440908, জলপাইগুড়ি : 9681176207 (C.O) কামারপুকুর (আরামবাগ) : 7047093097, মুর্শিদাবাদ ঃ 8001883094, দঃ দিনাজপুর : 9735022549, সোনারপুর : 8001946942, মেদিনীপুর : 8001967916, ওনদা (বাঁকুড়া) : 6297535731, দুর্গাপুর : 8001883094

**GNM-2,20,000**
**BSC-3,30,000**

শিক্ষক এবং সম্মানীয় ব্যাক্তিরা ফ্রাঞ্চাইজির জন্য যোগাযোগ করুন

**7797314385**


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# নেভিতে ইঞ্জিনিয়ারিং পাঠরত তরুণ

ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাঠরত বেশ কিছু তরুণকে ট্রেনিং দিয়ে বিভিন্ন টেকনিক্যাল ও এক্সিকিউটিভ ব্রাঞ্চে নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। ইউনিভার্সিটি এন্ট্রি স্কিমে শর্ট সার্ভিস কমিশনে নিয়োগ হবে। সব ক্ষেত্রেই ফাইনাল ইয়ার তথা চতুর্থ বর্ষের ষষ্ঠ সেমেস্টারে (৫ বছরের ইন্টিগ্রেটেড ডিগ্রি কোর্সের ক্ষেত্রে পঞ্চম বর্ষের অষ্টম সেমেস্টারে) পাঠরতরা আবেদনের যোগ্য। ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল পরীক্ষায় ৬০ শতাংশ নম্বর পেতে হবে। ট্রেনিং শুরু হবে ২০২০-র জুনে।

**শিক্ষাগত যোগ্যতা:** পঞ্চম সেমেস্টার (ইন্টিগ্রেটেডের ক্ষেত্রে সপ্তম সেমেস্টার) পর্যন্ত মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নির্দিষ্ট বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক ডিগ্রি পাঠরতরা আবেদন করবেন।

ব্রাঞ্চ অনুসারে টেকনিক্যাল বিভাগের শাখা: **ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চ:** মেকানিক্যাল, মেরিন, ইনস্ট্রুমেন্টেশন, প্রোডাকশন, অ্যারোনটিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস, অটোমোবাইল, মেটালার্জি, মেকাট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল।

**ইলেক্ট্রিক্যাল ব্রাঞ্চ:** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, কন্ট্রোল সিস্টেম ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স, অ্যাভিওনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইনস্ট্রুমেন্টেশন।

**ব্রাঞ্চ অনুসারে এক্সিকিউটিভ বিভাগের শাখা: আই টি:** কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি।

**বয়স:** জন্মতারিখ হতে হবে ২-৭-১৯৯৬ থেকে ১-৭-১৯৯৯-এর মধ্যে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: ১৫৭ সেমি। গোর্খা প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি: ইলেক্ট্রিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চের ক্ষেত্রে ৬/২৪, ৬/২৪, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। আই টি-র ক্ষেত্রে ৬/৬০, ৬/৬০, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে ন্যাভাল ক্যাম্পাস সিলেকশন টিমের ইন্টারভিউয়ে ডাকা হবে। এতে সফল হলে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউ। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন ও ডিসকাশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক, গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউ। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে। সফল প্রার্থীদের মেডিক্যাল এক্সামিনেশন হবে।

যাঁরা প্রথমবার এই এন্ট্রিতে পরীক্ষা দেবেন তাঁরা পরীক্ষাকেন্দ্রে যাতায়াতের জন্য ট্রেনের এসি থ্রি-টিয়ারের ভাড়া পাবেন। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে কলকাতা, ব্যাঙ্গালোর, ভোপাল, কোয়েম্বাটুর বা বিশাখাপত্তনমে। প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পূর্ণ হবে ডিসেম্বর থেকে এপ্রিল মাসের মধ্যে।

প্রথমে ২২ সপ্তাহের ট্রেনিং দেওয়া হবে এঝিমালার ন্যাভাল একাডেমিতে। এক্সিকিউটিভ ব্রাঞ্চ (আই টি)-এর ক্ষেত্রে ট্রেনিংয়ের মেয়াদ ৪ সপ্তাহ। এরপর প্রফেশনাল ট্রেনিং হবে দেশের বিভিন্ন ট্রেনিং এস্টাবলিশমেন্টে।

সফল ট্রেনিংশেষে নিয়োগ হবে সাব-লেফটেন্যান্ট র‍্যাঙ্কে। তখন বেতনক্রম: ৫৬,১০০-১,১০,৭০০ টাকা। মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৭ জুন থেকে ২৭ জুন পর্যন্ত। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো, বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র আপলোড করতে হবে। যথাযথভাবে দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পরে অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। এই নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালটেন্টসে ২৩৯

ডেটা এন্ট্রি অপারেটর, রিসেপশনিস্ট, ল্যাব অ্যাটেন্ড্যান্ট-সহ বিভিন্ন পদে ২৩৯ জনকে নেবে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালটেন্টস ইন্ডিয়া। এটি কেন্দ্রের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। চুক্তিতে নিয়োগ হবে সংস্থার নাগপুর অফিসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BECIL/HR/PROJECT/AIIMS (Nagpur)/Advt.2019/17.

শূন্যপদের বিবরণ: **ডেটা এন্ট্রি অপারেটর:** ৬৫টি। শিক্ষাগত যোগ্যতা: বি সি এ বা স্নাতক, সঙ্গে আই টিতে এম এসসি কোর্স পাশ। এর পাশাপাশি ঘণ্টায় ৮০০০ কী ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। এম সি এ প্রার্থীদের অগ্রাধিকার। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২০,০৭২ টাকা।

**রিসেপশনিস্ট:** ১৭টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটারে অফিস অ্যাপ্লিকেশনস, স্প্রেড শিট এবং প্রেজেন্টেশনস তৈরিতে দক্ষতা থাকতে হবে। এম বি এ প্রার্থীদের অগ্রাধিকার। বয়স: ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৮,৪৬০ টাকা।

**ল্যাব অ্যাটেন্ড্যান্ট:** ২৭টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে মেডিক্যাল ল্যাব টেকনোলজিতে ডিপ্লোমা। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২০ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৮,৪৬০ টাকা।

**মালি:** ১০টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট কাজে জ্ঞান থাকতে হবে। বয়স: ২০ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৬,৭৭০ টাকা।

**হেড কুক:** ৬টি। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ, সঙ্গে ভারতীয় ও পশ্চিমী রান্নায় অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ থেকে ৫০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২০,০৭২ টাকা।

**অফিস/স্টোর অ্যাটেন্ড্যান্ট:** ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা আই টি আই কোর্স পাশ। বয়স: ২০ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৫,১৮৪ টাকা।

**হাউস কিপিং স্টাফ (ইউটিলিটি):** ৭০টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা। বয়স: ২০ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৫,১৮৪ টাকা।

**অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট:** ৮টি। শিক্ষাগত যোগ্যতা: বি কম, সঙ্গে ট্যালি সফটওয়্যারের ব্যবহার জানতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এম বি এ বা এম কম করে থাকলে অগ্রাধিকার। বয়স: ২০ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২০,০৭২ টাকা।

**ডিসেকশন হল অ্যাটেন্ড্যান্ট:** ৬টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২০ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৮,৪৬০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.becil.com দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ফি বাবদ ৫০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)-র ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি BROADCAST ENGINEERING CONSULTANTS INDIA LIMITED-এর অনুকূলে নিউ দিল্লিতে প্রদেয় হতে হবে।
- ✓প্রার্থীর দু'কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্যান কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম, ডিমান্ড ড্রাফট নম্বর, তারিখ এবং টাকার অঙ্ক লিখে দেবেন। দরখাস্ত স্পিড পোস্টের মাধ্যমে ৩০ জুনের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Deputy General Manager (HR), BECIL Bhawan, C-56/A-17, Sector-62, Noida-201 307 (U.P.).

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০১২০-৪১৭৭৮৫০।

# ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় ম্যানেজমেন্ট ট্রেনি

৭৯ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া। নিয়োগ হবে সিভিল, মেকানিক্যাল, কেমিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং শাখায়। প্রার্থীকে ২০১৯ সালের গেট (গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং বৈধ স্কোর কার্ড থাকতে হবে। প্রথমে এক বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এর পর এক বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HRD/Rectt./Advt./2019-20/06.

**ইঞ্জিনিয়ারিং শাখানুসারে শূন্যপদের বিন্যাস:** মেকানিক্যাল: ৩৬টি, সিভিল: ১৬টি, কেমিক্যাল: ১০টি, ইলেক্ট্রিক্যাল: ৯টি, ইনস্ট্রুমেন্টেশন: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। সেইসঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হতে হবে। অর্থাৎ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এর ক্ষেত্রে এম ই, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং-এর ক্ষেত্রে সি এইচ, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে সি ই, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে ই ই এবং ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে আই এন পত্রে গেট-২০১৯ পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। ২০১৮-র আগে ইঞ্জিনিয়ারিং পাশ করে থাকলে আবেদন করবেন না।

সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

প্রশিক্ষণ চলাকালীন **স্টাইপেন্ড:** প্রতি মাসে ৬০,০০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

গেট পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.engineersindia.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২০ জুন পর্যন্ত। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো (৭৫ কেবি সাইজের মধ্যে), সই (২৫ কেবি সাইজের মধ্যে) এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিকভাবে অনগ্রসরদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ই-মেল করতে পারেন

# এয়ারফোর্সে এয়ারম্যান

বেশ কিছু এয়ারম্যান নেবে ভারতীয় বিমানবাহিনী। নিয়োগ হবে গ্রুপ 'এক্স' (এডুকেশন ইনস্ট্রাক্টর ট্রেড ছাড়া) এবং গ্রুপ 'ওয়াই' (ইন্ডিয়ান এয়ারফোর্স-সিকিউরিটি, মিউজিশিয়ান ট্রেড ছাড়া) ট্রেডে। শুধুমাত্র অবিবাহিত পুরুষরাই আবেদন করবেন। ট্রেনিং হবে ০২/২০২০ কোর্সে।

**শিক্ষাগত যোগ্যতা:** গ্রুপ 'এক্স'-এর ক্ষেত্রে: অঙ্ক ও ফিজিক্স-সহ উচ্চমাধ্যমিক। ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর-সহ পরীক্ষায় মোট অন্তত ৫০ শতাংশ পেয়ে থাকতে হবে। অথবা নির্দিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখাগুলির যে-কোনওটিতে সরকার অনুমোদিত পলিটেকনিক প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ৩ বছরের ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা। এর পাশাপাশি মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। ইঞ্জিনিয়ারিং শাখার তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.airmenselection.cdac.in

গ্রুপ 'ওয়াই'-এর ক্ষেত্রে: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। ইংরেজিতে ৫০ শতাংশ নম্বর-সহ পরীক্ষায় মোট অন্তত ৫০ শতাংশ পেয়ে থাকতে হবে। তবে মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি পড়ে থাকতে হবে।

**গ্রুপ 'এক্স'-এর মতো শিক্ষাগত যোগ্যতা থাকলে দু'টি গ্রুপের জন্যই আবেদন করা যাবে। পরীক্ষা হবে একইসঙ্গে। ইংরেজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে পাশ করলে গ্রুপ 'ওয়াই' এবং ইংরেজি, অঙ্ক ও ফিজিক্স বিভাগে পাশ করলে 'এক্স' গ্রুপের জন্য নির্বাচিত হওয়া যাবে। উভয় বিভাগেই পাশ করলে দুই গ্রুপের জন্যই মনোনীত হওয়া যাবে।** সেক্ষেত্রে প্রার্থীর মেধা, প্রবণতা ইত্যাদির ভিত্তিতে গ্রুপ নির্ধারিত হবে। ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমাধারীরা শুধু গ্রুপ 'এক্স'-এর জন্য আবেদন করতে পারবেন।

**জন্মতারিখ:** ১৯-৭-১৯৯৯ থেকে ১-৭-২০০৩-এর মধ্যে হতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫২.৫ সেমি, বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। উচ্চতা ও বয়স অনুসারে ওজন হতে হবে। অপারেশনস অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে ন্যূনতম ৫৫ কেজি ওজন হতে হবে। ভালো শ্রবণশক্তির অধিকারী হতে হবে। ৬ মিটার দূরত্ব থেকে চাপা স্বরের কথা দু'কানে স্পষ্ট শোনার ক্ষমতা থাকতে হবে। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে।

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্ট, দৈহিক সক্ষমতার পরীক্ষা এবং অ্যাডাপ্টেবিলিটি টেস্টের মাধ্যমে। সবশেষে হবে মেডিক্যাল এক্সামিনেশন।

অনলাইন টেস্টে অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। গ্রুপ 'এক্স' প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজি, অঙ্ক ও ফিজিক্স এবং গ্রুপ 'ওয়াই' প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়্যারনেসের প্রশ্ন হবে। গ্রুপ 'এক্স' প্রার্থীদের ক্ষেত্রে ১ ঘণ্টার ও গ্রুপ 'ওয়াই' প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ মিনিটের পরীক্ষা। দুই গ্রুপের পরীক্ষার জন্য মোট সময় ৮৫ মিনিট। প্রশ্ন হবে ইংরেজি, ফিজিক্স, ম্যাথমেটিক্স, রিজনিং এবং জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, ১০টি পুশ আপ, ১০টি সিট আপ এবং ২০টি স্কোয়াট।

নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ২০২০-র ১০ জুন।

প্রথমে জয়েন্ট বেসিক ফেজ ট্রেনিং দেওয়া হবে। এরপর প্রার্থীদের পাঠানো হবে ট্রেড ট্রেনিংয়ে। ট্রেনিংয়ের সময় প্রতি মাসে ১৪,৬০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। শুরুতে বেতন— গ্রুপ 'এক্স' প্রার্থীদের ক্ষেত্রে ৩৩,১০০ টাকা ও গ্রুপ 'ওয়াই' প্রার্থীদের ক্ষেত্রে ২৬,৯০০ টাকা। মাস্টার ওয়ারেন্ট অফিসার র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.airmenselection.cdac.in, www.careerindianairforce.cdac.in ১ থেকে ১৫ জুলাই পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো

*এরপর বাইশের পাতায়*

# সাউথ ইস্টার্ন কোলফিল্ডসে ৫৫০০

*প্রথম পাতার পর*

স্টেনোগ্রাফার-ইংলিশ: ৫০টি। স্টেনোগ্রাফার-হিন্দি: ৫০টি। সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: ৫০টি। ইলেক্ট্রিশিয়ান: ১,৬০০টি। ফিটার: ১,৫০০টি। ওয়েল্ডার-গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক: ৩৯০টি। টার্নার: ৫০টি। মেশিনিস্ট: ৫০টি। ডিজেল মেকানিক: ১২০টি। ড্রাফটসম্যান (সিভিল): ২৫টি। ড্রাফটসম্যান (মেকানিক্যাল): ১৫টি। মেকানিক অটো ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক: ১০০টি। প্লাম্বার: ৫০টি। কার্পেন্টার: ৫০টি।

**ক্যাটেগরি অনুসারে আসনসংখ্যার বিন্যাস:** সাধারণ ২,২১৫, তফসিলি জাতি ৭৬৮, তফসিলি উপজাতি ১,২৫৯, ও বি সি ৭০৯, আর্থিকভাবে অনগ্রসর ৫৪৯।

**শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট বা মাধ্যমিক পাশ, সঙ্গে এন সি ভি টি বা এস সি ভি টি কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ।

**বয়স:** ২৩-৭-২০১৯ তারিখে ড্রাফটসম্যান, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার এবং সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে অন্তত ১৬ বছরের এবং বাকি ট্রেডের ক্ষেত্রে অন্তত ১৮ বছরের হতে হবে।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ৭,৬৫৫ টাকা।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। নির্বাচিত প্রার্থীতালিকা প্রকাশিত হবে এই ওয়েবসাইটে: www.secl-cil.in

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইট পোর্টালের মাধ্যমে: www.apprenticeship.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। রেজিস্ট্রেশনের পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। এরপর এস্টাব্লিশমেন্ট সার্চ অপশনে গিয়ে সাউথ ইস্টার্ন কোলফিল্ডসের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৩ জুলাই। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



মনের হাল ধরার পেশা ...পৃঃ ১২
যোগ, নেচারোপ্যাথি ও ফিজিওথেরাপির পেশা ...পৃঃ ১২
পোস্ট হার্ভেস্ট টেকনোলজি নিয়ে পড়াশোনা ...পৃঃ ১৩

# কর্মক্ষেত্র জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ১৫ পাতায়

## ব্রডকাস্ট জার্নালিজম, পাবলিক রিলেশনস ফটোগ্রাফি, ভিডিওগ্রাফি, ওয়েব ডিজাইনিং

**সরকারি কমিউনিটি কলেজ প্রকল্পে ডিরোজিও মেমোরিয়াল কমিউনিটি কলেজে পড়া যাচ্ছে ব্রডকাস্ট জার্নালিজম, পাবলিক রিলেশনস, প্রিন্টিং ও বুক পাবলিশিংয়ের ৩ বছরের ব্যাচেলর্স ডিগ্রি কোর্স এবং ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি এবং ওয়েব ডিজাইনিং ও ডেভেলপমেন্টের ১ বছরের ডিপ্লোমা কোর্স। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরা ভর্তির জন্য এখনই আবেদন করতে পারেন।**



**নিজস্ব প্রতিনিধি:** ভোকেশনাল শাখায় উচ্চতর পড়াশোনার সুযোগ এ দেশে নতুন। এতদিন ভোকেশনাল শাখা তথা বৃত্তিমূলক পড়াশোনার চৌহদ্দিটি সীমিত ছিল উচ্চমাধ্যমিক পর্যন্ত। এখন এ শাখায় ব্যাচেলর্স ডিগ্রি ও ডিপ্লোমা কোর্স করা যাচ্ছে।

সাম্প্রতিক কালে ভারতের বিপুল সংখ্যক তরুণ-তরুণীর কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে যুগোপযোগী শিক্ষার উপর বিশেষ জোর দিয়েছে ভারত সরকার। তারুণ্যের সঙ্গে পেশাদারি কর্মদক্ষতার মেলবন্ধন ঘটানোই এই শিক্ষার মূল উদ্দেশ্য। বৃত্তিমূলক শিক্ষাব্যবস্থা পেশাদারি কাজে কারিগরি দক্ষতা অর্জনের ক্ষেত্রে অত্যন্ত সহায়ক।

কমিউনিটি কলেজ প্রকল্পের মাধ্যমে কেন্দ্রীয় সরকার দেশজুড়ে এই বিকল্প শিক্ষাব্যবস্থা কার্যকর করার উদ্যোগ নিয়েছে। ভোকেশনাল শাখার ডিগ্রি প্রথাগত ডিগ্রির সমতুল।

### কোথায় পড়বেন

কলকাতা সংলগ্ন রাজারহাটে ডিরোজিও মেমোরিয়াল কলেজে ব্রডকাস্ট জার্নালিজম, পাবলিক রিলেশনস এবং প্রিন্টিং অ্যান্ড বুক পাবলিশিংয়ের ৩ বছরের ব্যাচেলর্স (বি ভোক) ডিগ্রি এবং ফটোগ্রাফি অ্যান্ড ভিডিওগ্রাফি, ওয়েব ডিজাইনিং ও ডেভেলপমেন্টের ডিপ্লোমা কোর্স করা যায়। প্রতিটি ডিপ্লোমা কোর্সের মেয়াদ ১ বছর।

ডিরোজিও মেমোরিয়াল কলেজের কমিউনিটি কলেজ স্কিমের নোডাল অফিসার অধ্যাপক অনির্বাণ বসু রায়চৌধুরী জানিয়েছেন, বি ভোক ডিগ্রি এবং ডিপ্লোমা কোর্সগুলি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউ জি সি) কর্তৃক স্বীকৃত ও পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত।

> অনির্বাণবাবু 'কর্মক্ষেত্র'-কে জানালেন, এই কমিউনিটি কলেজে অত্যাধুনিক মানের একটি স্টুডিও গড়ে তোলা হয়েছে। একটি ভিডিও প্রোডাকশনের পরিচালনা থেকে শুরু করে সম্পাদনা, শব্দগ্রহণ— সামগ্রিক প্রক্রিয়াটাই হাতেকলমে শেখা যাবে এই স্টুডিওতে। সেইসঙ্গে এই কোর্সে ছাত্রছাত্রীদের যোগাযোগের দক্ষতা বৃদ্ধি ও কেরিয়ার গড়ার ব্যাপারে তালিম দেওয়া হয়।

### কোর্সের বৈশিষ্ট্য

**ব্রডকাস্ট জার্নালিজম:** ব্রডকাস্ট জার্নালিজম কোর্সটিতে অডিও এবং টিভি সাংবাদিকতার সঙ্গে ডিজিটাল এবং ওয়েব জার্নালিজমের সব দিকগুলিই খুঁটিয়ে শেখানো হয়। অনির্বাণবাবু জানান, দেশের মধ্যে একমাত্র এই কমিউনিটি কলেজটিতেই ব্রডকাস্ট জার্নালিজমের বি ভোক কোর্সটি পড়ানো হচ্ছে।

ব্রডকাস্ট জার্নালিজমের পাঠ্যসূচির মধ্যে রয়েছে: ভিশুয়াল কমিউনিকেশন, ডিজিটাল টেকনোলজি, ক্রিয়েটিভ রাইটিং, ফটোগ্রাফি, মোশন পিকচার, মাল্টিমিডিয়া, স্টোরিটেলিং, কমিকস ও অ্যানিমেশন, ডিজিটাল ফটোগ্রাফি, ডিজিটাল ভিডিওগ্রাফি, ডিজিটাল পোস্ট প্রোডাকশন, ওয়ার্ল্ডওয়াইড ওয়েব ও ভিশুয়াল কমিউনিকেশন।

অনির্বাণবাবু জানালেন, এই কমিউনিটি কলেজে অত্যাধুনিক মানের একটি স্টুডিও গড়ে তোলা হয়েছে। একটি ভিডিও প্রোডাকশনের পরিচালনা থেকে শুরু করে সম্পাদনা, শব্দগ্রহণ— সামগ্রিক প্রক্রিয়াটাই হাতেকলমে শেখা যাবে এই স্টুডিওতে। সেইসঙ্গে এই কোর্সে ছাত্রছাত্রীদের যোগাযোগের দক্ষতা বৃদ্ধি ও কেরিয়ার গড়ার ব্যাপারে তালিম দেওয়া হয়। ৩ বছরের ডিগ্রি কোর্স এটি।

**পাবলিক রিলেশনস:** এই কোর্সটিতে শেখানো হয় মিডিয়া রাইটিং, ইভেন্ট ম্যানেজমেন্ট, ইভেন্ট মার্কেটিং, ইভেন্ট প্ল্যানিং, অ্যাডভার্টাইজমেন্ট ক্যাম্পেন, কর্পোরেট জনসংযোগ ইত্যাদি। অধ্যাপক বসু রায়চৌধুরী জানালেন, ফটোগ্রাফি, ডকুমেন্টারি প্রোডাকশন, কর্পোরেট ফিল্ম তৈরি, ভি এফ এক্স, অ্যানিমেশন, ওয়েব ডিজাইনিং, ডিজিটাল কপি এডিটিং ইত্যাদি সব-ই শেখানো হয় হাতেকলমে। এছাড়াও এই কোর্সে পড়ানো হয় অডিও ভিশুয়াল মিডিয়া, প্রিন্ট মিডিয়া ও অন্যান্য মাধ্যমের উপযোগী বিজ্ঞাপন তৈরি, প্রেস

এরপর এগারোর পাতায়

স্বনির্ভরতার নানা পথ

## স্বল্পশিক্ষিতদের জন্য দক্ষতা বৃদ্ধির সরকারি প্রশিক্ষণ

**কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান জন শিক্ষণ সংস্থানে কর্মমুখী নানা বিষয়ে প্রশিক্ষণ নিয়ে নিজের পায়ে দাঁড়ানোর দারুণ সুযোগ রয়েছে। মাধ্যমিকের নীচে যাঁদের শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ নিতে পারেন তাঁরাও। নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আশ্রম পরিচালিত জন শিক্ষণ সংস্থানের বিভিন্ন কেন্দ্রে প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যায় বছরের যে-কোনও সময়েই।**



**নিজস্ব প্রতিনিধি:** আপনি কি একজন উদ্যোগী তরুণ বা তরুণী? উচ্চতর শিক্ষাগত যোগ্যতা নেই? উপার্জনের উপায় নিয়ে উদ্বেগের মধ্যে দিন কাটে? উপায় আছে। পেশার উপযোগী প্রশিক্ষণ নিয়ে দক্ষতা অর্জন করতে পারলে কাজের বাজারে আপনার মূল্য আছে। একটা ছোট আকারের ব্যবসার উদ্যোগ নিতে চাইলেও দক্ষতার দরকার। সুতরাং, চাকরি বা ব্যবসা, যা-ই আপনি করতে চান না কেন, সেই দক্ষতাটা

### দক্ষ লোকের অভাব

যে-কোনও পেশাদারি কাজ করার জন্যই দক্ষতার দরকার হয়। কিন্তু প্রয়োজনের তুলনায় এদেশে পেশাদারি ক্ষেত্রে দক্ষ লোকের অভাব অত্যন্ত প্রকট। সংখ্যাতত্ত্বের হিসেবে ভারতের মোট জনসংখ্যার মাত্র ৩ শতাংশ কর্মদক্ষ। কোরিয়ায় এই সংখ্যাটা ৯৬ শতাংশ, জাপানে ৮৭ শতাংশ।

বোঝাই যাচ্ছে, দক্ষ লোকের চাহিদা রয়েছে দেশজুড়ে। তাঁদের চাহিদা ও জোগানের মধ্যে বিপুল




অনলাইনেও গ্রাহক হওয়া যায়
www.swarnakshar.in
কলেজে পড়তে পড়তেই নিয়মিত পড়ুন
পেশাপ্রবেশ
আর স্নাতক হয়েই যে কোনও চাকরির পরীক্ষা দিন নিশ্চিন্তে

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয় সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ঘরে বসে নিয়মিত 'পেশাপ্রবেশ' পেতে ২৩০ (ক্যুরিয়ারে ৪৯০) টাকার চেক/ড্রাফট নীচের ঠিকানায় পাঠিয়ে বার্ষিক গ্রাহক হোন:

Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-19


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্বল্পশিক্ষিতদের জন্য দক্ষতা বৃদ্ধির সরকারি প্রশিক্ষণ

*নয়ের পাতার পর*



ফারাক রয়েছে। দক্ষ কর্মী তৈরির জন্য বিশেষ অভিযান শুরু করেছে ভারত সরকার। তৈরি হয়েছে দক্ষতা উন্নয়ন মন্ত্রক।

### স্বল্পশিক্ষিতদের জন্য প্রশিক্ষণ

এই মুহূর্তে দেশের মাত্র ৩৮ শতাংশ মানুষ মাধ্যমিক উত্তীর্ণ। মাধ্যমিক পাশ করে উঠতে পারেননি এমন তরুণ-তরুণীর সংখ্যা বিপুল। মাধ্যমিক শিক্ষাগত যোগ্যতার ছেলেমেয়েদের জন্য দক্ষতা বৃদ্ধির নানা রকমের প্রশিক্ষণ দেওয়া হয়। তার নীচের স্তরের ছেলেমেয়েদের জন্য প্রশিক্ষণের সুযোগ কোথায়? অথচ দক্ষতা অর্জন করতে পারলে এই বিপুল সংখ্যক ছেলেমেয়ে মূল্যবান মানবসম্পদে পরিণত হতে পারে।

## দিশাহীন ছেলেমেয়েদের স্বনির্ভর করে তোলাই আমাদের লক্ষ্য



**নির্মল পট্টনায়ক**
*ডিরেক্টর, জন শিক্ষণ সংস্থান, রামকৃষ্ণ মিশন আশ্রম, নরেন্দ্রপুর*

জন শিক্ষণ সংস্থান কেন্দ্রীয় সরকারের স্কিল ডেভেলপমেন্ট অ্যান্ড এন্টারপ্রেনারশিপ মন্ত্রকের একটি প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান স্বল্পশিক্ষিত ছেলেমেয়েদের বৃত্তিমূলক প্রশিক্ষণ দিয়ে তাঁদের নিজেদের পায়ে দাঁড় করানোর উদ্যোগ নেয়।

প্রসঙ্গত, ভারতের বিপুল জনসংখ্যার মাত্র ৩৮ শতাংশ মাধ্যমিক বা সমতুল পাশ। অর্থাৎ মাধ্যমিক স্তরের নীচে রয়েছে স্বল্পশিক্ষিত বহু কোটি মানুষ, উপার্জনের ক্ষেত্রে যাঁদের কোনও নির্দিষ্ট দিশা নেই। জন শিক্ষণ সংস্থান সেই দিশাহীন মানুষদের কর্মমুখী প্রশিক্ষণ দিয়ে তাঁদের প্রকৃতই মানবসম্পদে পরিণত করার লক্ষ্যে কাজ করছে।

জন শিক্ষণ সংস্থানের কেন্দ্র রয়েছে দেশ জুড়ে। নরেন্দ্রপুরের রামকৃষ্ণ মিশন আশ্রম পরিচালিত জন শিক্ষণ সংস্থান দরিদ্র, স্বল্পশিক্ষিত ছেলেমেয়েদের ২৫-৩০টি স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ দিয়ে স্বনির্ভর করে তোলার কাজ করে। এই প্রতিষ্ঠান রাজ্যের বিভিন্ন জেলায় গ্রামীণ সংগঠনের মাধ্যমেও প্রশিক্ষণ পরিচালনা করে।

২০১৭-১৮ সাল পর্যন্ত নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আশ্রম পরিচালিত জন শিক্ষণ সংস্থান থেকে প্রশিক্ষণ নেওয়া তরুণ-তরুণীদের মধ্যে ৭৩ শতাংশই স্বনির্ভর হয়েছেন। প্রশিক্ষণ দিয়ে মহিলাদের স্বনির্ভর করে তোলার ব্যাপারে বিশেষ অবদানের জন্য কেন্দ্রীয় সরকারের মহিলা ও শিশু বিকাশ মন্ত্রক ও টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেস ২০১৭ সালে আমাদের প্রতিষ্ঠানকে পুরস্কৃত করেছে।

প্রশিক্ষণের মূল বিষয়ে দক্ষতা বৃদ্ধির সঙ্গেই আমরা ছোট আকারে একটা ব্যবসা গড়ে তোলার প্রশিক্ষণও দিয়ে থাকি। প্রশিক্ষণ সম্পূর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে আমাদের কর্তব্য শেষ হয় না। প্রশিক্ষিত ছেলেটি বা মেয়েটি কী করছে, যা শিখল, সেই জ্ঞান ও দক্ষতাকে কাজে লাগিয়ে উপার্জন করতে পারছে কিনা সে ব্যাপারে আমরা খোঁজখবর রাখি প্রশিক্ষণ শেষ হওয়ার পরের দুই-আড়াই বছর ধরে। প্রয়োজনে পরামর্শ দিই। ঋণের ব্যাপারেও সহায়তা করা হয়। হাতের কাজ শেখার পাশাপাশি ছেলেমেয়েরা সামাজিক মূল্যবোধ সম্পর্কে অবহিত হয়। আমরা তাঁদের আত্মবিশ্বাস বাড়িয়ে তোলার ব্যাপারেও উদ্যোগ নিয়ে থাকি। ফলে, আমরাও আত্মবিশ্বাসী, আমাদের প্রতিষ্ঠান থেকে যে-ছেলেটি বা মেয়েটি প্রশিক্ষণ নিল, জীবনযুদ্ধে সে সহজে হাল ছাড়বে না।

### জন শিক্ষণ সংস্থান

ভারত সরকারের স্কিল ডেভেলপমেন্ট অ্যান্ড এন্টারপ্রেনারশিপ বিভাগের প্রতিষ্ঠান জন শিক্ষণ সংস্থান মাধ্যমিক অনুত্তীর্ণ, এমনকী শুধুমাত্র অক্ষর জ্ঞানসম্পন্ন তরুণ-তরুণীদেরও দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেয়। বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ আছে সামান্য খরচে।

### কোথায় প্রশিক্ষণ

নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আশ্রম পরিচালিত জন শিক্ষণ সংস্থান প্রতিষ্ঠানে বিভিন্ন ট্রেডে বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হয়। এখানে দক্ষিণ ২৪ পরগনা ও কলকাতা জেলায় বসবাসকারী তরুণ-তরুণীরা প্রশিক্ষণ নিতে পারেন।

অন্যান্য জেলার প্রার্থীদের জন্য রয়েছে অন্যান্য কেন্দ্রে প্রশিক্ষণ নেওয়ার ব্যবস্থা। নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আশ্রম পরিচালিত জন শিক্ষণ সংস্থানের প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে এইসব জেলায়: জলপাইগুড়ি, বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, হাওড়া, উত্তর ২৪ পরগনা ও দক্ষিণ ২৪ পরগনা।

দক্ষিণ ২৪ পরগনার প্রশিক্ষণ প্রার্থীরা যেমন রামকৃষ্ণ মিশন আশ্রমের জন শিক্ষণ সংস্থানের মূল কেন্দ্রে প্রশিক্ষণ নিতে পারেন, তেমনই জেলার দূরবর্তী অঞ্চলের প্রার্থীরা নিকটবর্তী কোনও শাখা কেন্দ্রেও প্রশিক্ষণ নিতে পারেন।

অন্য কোনও জেলার কেন্দ্রে প্রশিক্ষণ নিতে চাইলেও যোগাযোগ করতে হবে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের জন শিক্ষণ সংস্থানের মূল কেন্দ্রেই।

### প্রশিক্ষণের বিষয়

নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আশ্রমে জন শিক্ষণ সংস্থানের মূল কেন্দ্রে প্রশিক্ষণের বিষয় ও মেয়াদ, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা এবং ফি [illegible]

#### স্বাস্থ্য পরিষেবা

●হসপিটাল ও নার্সিংহোম অ্যাসিস্ট্যান্ট। ৬ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। ফি: ৬০০ টাকা।

#### চাষবাস-প্রাণিজ সম্পদ

●সবজি চাষ। ১ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: সাক্ষর হলেই আবেদন করতে পারবেন। ফি: ১০০ টাকা। ●নার্সারি। ১ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: সাক্ষর হলেই আবেদন করা যাবে। ফি: ১০০ টাকা। ●মাছ চাষ। ৩ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: সাক্ষর হলেই আবেদন করা যাবে। ফি: ৩০০ টাকা। ●কাঁকড়া চাষ। ৪ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস ফোর পাশ। ফি: ৪০০ টাকা। ●মাশরুম চাষ। আড়াই মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: সাক্ষর হলেই আবেদন করা যাবে। ফি: ৩০০ টাকা। ●মুরগি পালন। ৩ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস ফোর পাশ। ফি: ৩০০ টাকা। ●বি-কিপিং (মৌমাছি পালন)। ১ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: সাক্ষর হলেই আবেদন করা যাবে। ফি: ১০০ টাকা। ●কেঁচোসার তৈরি। ২ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: সাক্ষর হলেই আবেদন করা যাবে। ফি: ২০০ টাকা।

#### খাদ্য প্রক্রিয়াকরণ

●ফুড/ ভেজিটেবল প্রসেসিং/ প্রিজারভেশন। ১ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: সাক্ষর হলেই আবেদন করা যাবে। ফি: ১০০ টাকা।

#### হস্তশিল্প

●ইমিটেশন অ্যান্ড জুয়েলারি কিট মেকিং। ৫০ দিনের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস ফোর পাশ। ফি: ৬০০ টাকা। ●হ্যান্ডিক্রাফটস অ্যান্ড টয় মেকিং। আড়াই মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস ফোর পাশ। ফি: ৩০০ টাকা। ●জুট ক্র্যাফট। ৪ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস ফোর পাশ। ফি: [illegible] টাকা।

#### কাঠের কাজ

●কার্পেন্ট্রি অ্যান্ড ফার্নিচার মেকিং। ৬ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস ফোর পাশ। ফি: ৬০০ টাকা।

#### চর্মশিল্প

●লেদার অ্যান্ড রেক্সিন গুডস মেকিং। ৬ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস ফোর পাশ। ফি: ৬০০ টাকা।

#### টেলারিং

●কাটিং অ্যান্ড টেলারিং। ৪ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস ফাইভ পাশ। ফি: ৪০০ টাকা। ●ড্রেস ডিজাইনিং অ্যান্ড গারমেন্ট মেকিং। ৪ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস ফাইভ পাশ। ফি: ৪০০ টাকা। ●হ্যান্ড এমব্রয়ডারি। ৪ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: সাক্ষর হলেই আবেদন করা যাবে। ফি: ৪০০ টাকা। ●জরি-জারদোসী-আরি ওয়ার্ক। ৩ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: সাক্ষর হলেই আবেদন করা যাবে। ফি: ৩০০ টাকা।

#### প্রিন্টিং

●টাই, ডাই অ্যান্ড বাটিক প্রিন্টিং। ১ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস ফোর পাশ। ফি: ১০০ টাকা। ●ফেব্রিক পেন্টিং। ৩ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস ফোর পাশ। ফি: ৩০০ টাকা। ●অ্যাপ্লিক অ্যান্ড প্যাচওয়ার্ক। ২ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: সাক্ষর হলেই আবেদন করা যাবে। ফি: ২০০ টাকা।

#### ইলেক্ট্রিক্যাল

●ইলেক্ট্রিক ওয়্যারম্যান। ৫ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। ফি: ৫০০ টাকা। ●মোটর অ্যান্ড ট্রান্সফরমার রিওয়াইন্ডিং। ৫ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। ফি: ৫০০ টাকা।

**প্লাম্বিং:** ●প্লাম্বিং অ্যান্ড স্যানিটারি ওয়ার্ক। সাড়ে ৪ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস ফোর পাশ। ফি: ৫০০ টাকা।

#### বাহন মেরামতি

●রিপেয়ারিং অফ টু-হুইলার্স। ৬ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। ফি: ৬০০ টাকা। ●সাইকেল ও ভ্যানরিকশা মেরামতি। ১ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: সাক্ষর হলেই আবেদন করা যাবে। ফি: ১০০ টাকা।

#### নির্মাণ

●রাজমিস্ত্রি। ৬ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: সাক্ষর হলেই আবেদন করা যাবে। ফি: ৬০০ টাকা।

#### মোবাইল ফোন ও কম্পিউটার

●মোবাইল ফোন রিপেয়ারিং। ৩ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। ফি: ৩০০ টাকা। ●বেসিক কম্পিউটার। ৩ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। ফি: ৩০০ টাকা।

#### অন্দরসজ্জা

●ইন্টেরিয়র ডিজাইন ও ডেকোরেশন। ৩ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। ফি: ৫০০ টাকা।

#### সৌন্দর্য ও স্বাস্থ্যচর্চা

●বিউটি কালচার অ্যান্ড হেলথ কেয়ার। ৬ মাসের প্রশিক্ষণ। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। ফি: ৬০০ টাকা।

### কারা প্রশিক্ষণ নিতে পারেন

পুরুষ-মহিলা উভয়েই প্রশিক্ষণ নিতে পারেন। বয়স হতে হবে ১৫ থেকে ৩৫ বছরের মধ্যে। প্রশিক্ষণের বিষয় অনুসারে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।

**ভারত সরকারের স্কিল ডেভেলপমেন্ট অ্যান্ড এন্টারপ্রেনারশিপ বিভাগের প্রতিষ্ঠান জন শিক্ষণ সংস্থান মাধ্যমিক অনুত্তীর্ণ, এমনকী শুধুমাত্র অক্ষর জ্ঞানসম্পন্ন তরুণ-তরুণীদেরও দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেয়। বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ আছে সামান্য খরচে।**



### আবেদনের পদ্ধতি

প্রশিক্ষণ নেওয়ার জন্য বছরের যে-কোনও সময়ই আবেদন করা যায়। প্রশিক্ষণের বিষয়, নাম-ঠিকানা, ফোন নম্বর ও আধার কার্ডের জেরক্স কপি-সহ আবেদন করতে হবে। কোনও কোর্সের একটি ব্যাচের আসনসংখ্যা পূর্ণ হয়ে গেলে প্রার্থীকে পরবর্তী ব্যাচের কোর্সে ভর্তির জন্য ডেকে নেওয়া হবে।

কোর্স ফি ভর্তির সময় এককালীন পরিশোধ করতে হবে। কোর্স ফি মাসে ১০০ টাকা (গ্রামাঞ্চলের প্রশিক্ষণ কেন্দ্রের ক্ষেত্রে ৫০ টাকা)। রেজিস্ট্রেশন ফি: ৪ মাসের কম মেয়াদের কোর্সের ক্ষেত্রে ৫০ টাকা, ৩ মাসের বেশি মেয়াদের কোর্সের ক্ষেত্রে ১০০ টাকা।

যোগাযোগের ঠিকানা: জন শিক্ষণ সংস্থান, লোকশিক্ষা পরিষদ, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আশ্রম, নরেন্দ্রপুর, কলকাতা-৭০০ ১০৩। ফোন: (০৩৩) ২৪২৭-৪৫৪২, ২৪২৭-৪৫১১, ৮৭৯৮০-০৫৯৫৯, [illegible]

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# ব্রডকাস্ট জার্নালিজম, পাবলিক রিলেশনস ফটোগ্রাফি, ভিডিওগ্রাফি, ওয়েব ডিজাইনিং

*নয়ের পাতার পর*



রিলিজ রাইটিং, মিডিয়া রিসার্চ, মার্কেট সার্ভে ইত্যাদি। ৩ বছরের ব্যাচেলর্স ডিগ্রি কোর্স এটি।

**প্রিন্টিং ও বুক পাবলিশিং:** ৩ বছরের এই ডিগ্রি কোর্সটিতে প্রিন্টিং টেকনোলজি ও বুক পাবলিশিংয়ের কলাকৌশলের মিশেল ঘটেছে। এ ধরনের কোর্স এ দেশের আর কোথাও পড়ানো হয় না বলে জানালেন অধ্যাপক বসু রায়চৌধুরী। সেইসঙ্গে তিনি যোগ করেন, প্রিন্টিং টেকনোলজির দ্রুত উন্নতি ঘটছে। যদিও চাহিদা অনুযায়ী দক্ষ লোকের জোগান পাওয়া যাচ্ছে না।

তিনি জানান, এই কোর্সটিতে গ্রাফিক্স কমিউনিকেশন, বুক প্রিন্টিং ও প্রোডাকশন পদ্ধতি, মার্কেটিং, এডিটিং, কালার রি-প্রোডাকশন, আর্টিস্টিক ম্যানেজমেন্ট, ডিজিটাল প্রি-প্রেস, টাইপোগ্রাফি, কভার ডিজাইনিং ইত্যাদি শেখানো হয় হাতে-কলমে।

**ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি:** এটি ১ বছরের ডিপ্লোমা কোর্স। নিকন, ক্যানন ইত্যাদির মতো আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ক্যামেরা কোম্পানির পরামর্শ অনুসারে এবং ক্যালকাটা জার্নালিস্টস ক্লাবের সহায়তায় এই কোর্সের পাঠ্যক্রম তৈরি করা হয়েছে। কলেজেই রয়েছে উন্নত মানের বিভিন্ন ক্যামেরা ও ফটোশুট করার প্রয়োজনীয় সব উপকরণ। রয়েছে স্টুডিও ফ্লোর, লাইট সেট আপ, ক্রোমা স্টুডিও, অত্যাধুনিক এডিটিং সফটওয়্যার, ডাবিং স্টুডিও। কোর্স শেষে থাকবে ইন্টার্নশিপের ব্যবস্থা।

**ওয়েব ডিজাইনিং ও ডেভেলপমেন্ট:** ১ বছরের এই ডিপ্লোমা কোর্সে ছাত্রছাত্রীদের অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে ওয়েব ডিজাইনিংয়ের শিক্ষা দেওয়া হয় বিশদে। পাঠ্যসূচির মধ্যে রয়েছে নেটওয়ার্ক টেকনোলজি, ওয়েব ডিজাইনিং ও সফটওয়্যার ডেভেলপমেন্ট, সিকিউরিটি প্রোগ্রামিং, কোডিং প্র্যাক্টিস ইত্যাদি।

## কারা পড়তে পারেন

যে-কোনও শাখার উচ্চমাধ্যমিক পাশ তরুণ-তরুণীরাই কোর্সগুলি পড়তে পারেন। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ হলেও ভর্তির জন্য আবেদন করা যাবে।

**পড়ার খরচ:** ৩ বছরের ডিগ্রি (বি ভোক) কোর্সের ক্ষেত্রে বার্ষিক ফি ১২,৩৪০ টাকা। ইউনিভার্সিটি রেজিস্ট্রেশন ফি ও আবেদনের ফি আলাদা। ভর্তির সময় দিতে হবে ৫,৩৯০ টাকা। ১ বছরের ডিপ্লোমা কোর্সের বার্ষিক ফি ৯,৪৫০ টাকা। এছাড়া লাগবে ইউনিফর্ম ফি বাবদ ১,০০০ টাকা এবং ইউনিভার্সিটি রেজিস্ট্রেশন ফি ও আবেদনের ফি বাবদ ৫০০ টাকা। আবেদনের ফি-সহ ভর্তির সময় দিতে হবে ৫,০০০ টাকা।

প্রতিটি ডিপ্লোমা কোর্সের ফাইনাল পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রথম ৫০ জন ছাত্রছাত্রীর জন্য স্কলারশিপের ব্যবস্থা রয়েছে। স্কলারশিপের পরিমাণ ৮,৫০০ টাকা। তবে, ক্লাসে অন্তত ৭০ শতাংশ উপস্থিতি থাকলে তবেই স্কলারশিপ পাওয়া যাবে।

ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। ভর্তির জন্য সরাসরি অনলাইন আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dmc.ac.in

তথ্যের জন্য ফোনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৯৮৩০৫-৫১৭৭৪, ৯৮৩৬৭-৫৪২৩১, ৭৯৮০৭-৫৭৯০৩। দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইটটিও।

প্রতিষ্ঠানের ঠিকানা: ডিরোজিও মেমোরিয়াল কলেজ, রাজারহাট রোড, কলকাতা-৭০০ ১৩৬।

জ্ঞানকোষ একাডেমি
ISO 9001:2015 Certified Org. Head Office: Dumdum, Kol-74 Website : www.gyankoshacademy.com
যোগাযোগ- দমদম- 7980879741, চণ্ডিপুর- 9732794580
GNM নার্সিং করার শেষ সুযোগ
B.Sc. নার্সিং করুন অল্প খরচে
JENPAUH ছাড়া পাশের রাজ্য থেকে। (সম্পূর্ণ বাঙালী খাবার)
কলকাতায় ক্লাস ও Practical এর ব্যবস্থা
A.C. ক্লাস রুম। D.Pharm, Pharm.D
Doctor এবং সিনিয়ার নার্সিং Sister দ্বারা ক্লাস হয়।
B.Tech -Semi Govt. কলেজ থেকে পড়ার সুযোগ।
MBA, Hotel & Hospitality Management বিদ্যাসাগর ও রায়গঞ্জ।
ইউনিভার্সিটি থেকে পড়ার সুযোগ 100% নিশ্চিৎ চাকরী
ভগবানপুর ও বাজকুল- 9083619610, সন্দেশখালী-9800585956
বাঁকুড়া ও বিষ্ণুপুর-9749314146 চন্দ্রকোনা, গোয়ালতোড়-9007198208,
আরামবাগ (VICE)- 9733590675, কোতুলপুর-8918766894,
সাঁতরাগাছী ও লালগড়- 7980721031, দুর্গাপুর- 9475124588
ইন্দাস- 7063693003, বর্ধমান- 9474054537 পুরুলিয়া - 9434246274

IASBM ভর্তি চলিতেছে
WBUTTEPA // Burdwan University ( NCTE Approved )
B.Ed 2018 - 20 Batch অভূতপূর্ব সাফল্য
2018 - 20 1st Sem 250+ পরীক্ষার্থী, 97 %, 1st Class
রবিবার ক্লাস • সম্পূর্ণ ফ্রি বই ও নোটস্ Practicum ও Assignments সহযোগীতা
SC / ST / Minority স্কলারশিপ, হস্টেলের সুব্যবস্থা, Education Loan available
B.Ed @ 4000/-
M.Ed @ 5000/-
এখন কলকাতায়
• Regular Course
• EDUCATION LOAN
• SC / ST Scholarship
• 100 % Job Assistance
GNM Nursing
B.Sc Nursing
KOLKATA - 9073386334 / 9073386337
AGARTALA - 9073386335 / 9073386337
GUWAHATI - 9830476330 / 9073386337

Admission Going on 2019
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ ছাত্র-ছাত্রীরা
MANAGEMENT পড়তে পড়তে চাকরী ও INCOME করার
সুবর্ণ সুযোগ
HOSPITALITY
&
HOTEL MANAGEMENT
Course Duration 3 Years
-ঃ বিশেষ সুবিধা ঃ-
• Education Loan-এর সুবিধা • Job Bond Letter
• Free Hostel • Free Books & Dress
CRUSE HOTEL AIR-LINES
OUR PLACED STUDENTS
MATANGINI INSTITUTE OF TECHNOLOGY & MANAGEMNET
MITM
Govt. Regn. No.- S/2L/46401
Panskura (R.S.), Purba Medinipur
Mob. : 9564784173 / 7586053479

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মনের হাল ধরার পেশা

রোজকার জীবনের ছোট-বড় নানা ঘটনার ছাপ পড়ে মানুষের মনে। কোনও কোনও ঘটনার প্রভাব হয় সুদূরপ্রসারী, জন্ম হয় মানসিক জটিলতার। সমস্যার মূলে গিয়ে সঠিক চিকিৎসা ও পরামর্শ দিয়ে তাঁদের স্বাভাবিক জীবনে ফিরে আসতে সাহায্য করেন কাউন্সেলররা। কেরিয়ার গড়তে পারেন কাউন্সেলিং-সংক্রান্ত পেশাদার কোর্স করে। ভর্তি নিচ্ছে রাজ্যের একাধিক প্রতিষ্ঠান।



**নিজস্ব প্রতিনিধি:** প্রতিদিনের ব্যস্ত জীবনে স্ট্রেস বা ডিপ্রেশন এখন আর কোনও অচেনা শব্দ নয়। স্কুল-কলেজ থেকে কর্মস্থল, সামাজিক ক্ষেত্র বা ব্যক্তিগত পরিসর— কমবেশি মানসিক চাপে ভুগতে হয় সকলকেই। অত্যধিক মানসিক চাপ ডেকে আনতে পারে অবসাদ। অবনতি হতে থাকে শারীরিক ও মানসিক স্বাস্থ্যের, খারাপ হতে থাকে কাজের মান। এ সবকিছুর প্রভাব পড়ে পারিবারিক জীবনে। অবশ্য আরও অনেক কারণেই, এমনকী নির্দিষ্ট কোনও কারণ ছাড়াও অবসাদগ্রস্ত হয়ে পড়তে পারেন যে কেউ। অভিনেত্রী দীপিকা পাড়ুকোন কেরিয়ারের মধ্যগগনে থাকাকালীন ডিপ্রেশনে চলে গিয়েছিলেন। মনোবিদের পরামর্শ নিতে হয়েছিল তাঁকে। ২০১৮-য় বলিউডের তারকা নিজেই এক সাক্ষাৎকারে স্বীকার করেছিলেন একথা।

অবসাদের মতো মনের অসুখেরও চিকিৎসা আছে। স্থায়ীভাবে তা সারানো যায়। তবে তার জন্য সমস্যার গভীরে গিয়ে সঠিক কাউন্সেলিং প্রয়োজন। দক্ষ কাউন্সেলরদেরও গুরুত্ব এখানেই।

কাউন্সেলিংয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে রাজ্যের তিনটি প্রতিষ্ঠান। এ পেশায় আসতে চাইলে, ভর্তির জন্য আবেদন করতে পারেন এখনই।

## কোথায় পড়বেন

**●সেন্টার ফর কাউন্সেলিং সার্ভিসেস অ্যান্ড স্টাডিজ ইন সেল্ফ-ডেভেলপমেন্ট, যাদবপুর বিশ্ববিদ্যালয়**

এখানে পড়ানো হয় কাউন্সেলিং অ্যান্ড স্ট্রেস ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। আসনসংখ্যা ৩০টি। সরকারি নিয়মানুসারে তফসিলি এবং ওবিসি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকে।

আবেদন করতে পারেন যে-কোনও শাখার স্নাতকরা।

কোর্সের মেয়াদ ২ বছর। জুলাইয়ে কোর্স শুরু। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে ক্লাস নেওয়া হবে সোম, মঙ্গল এবং শুক্রবার বিকেল সাড়ে ৫টা থেকে সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত।

কোর্স ফি ৩০,০০০ টাকা।

প্রতিষ্ঠানের কো-অর্ডিনেটর অধ্যাপক সমরকুমার মণ্ডল কর্মক্ষেত্র-কে জানালেন, কাউন্সেলিং অ্যান্ড স্ট্রেস ম্যানেজমেন্টের কোর্সটি চারটি সেমেস্টারে বিভক্ত। পড়তে হয় হিউম্যান ফিজিওলজি, সাইকো-ডায়নামিক থেরাপি, গ্রুপ থেরাপি এবং ফ্যামিলি কেস হ্যান্ডলিং-এর মতো বিষয়। কোর্স চলাকালীন ছাত্রছাত্রীদের ইন্টার্নশিপের জন্য পাঠানো হয় ন্যাশনাল মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল এবং নীলরতন সরকার হাসপাতালে। এছাড়াও প্রতিষ্ঠানে বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে ছাত্রছাত্রীরা বিভিন্ন ধরনের কেস স্টাডি করে থাকে।

**প্রার্থী বাছাই পদ্ধতি—** প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ১০ জুন, বিকেল সাড়ে ৫টা থেকে। লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ১৭ জুন। ইন্টারভিউ ২২ ও ২৩ জুন।

**কীভাবে আবেদন—** আবেদনের ফর্ম নগদ ৫০ টাকার বিনিময়ে সরাসরি সংগ্রহ করা যাবে বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন কাউন্টার থেকে (সোম থেকে শুক্রবার, সকাল ১১টা থেকে দুপুর ২টো এবং দুপুর ২টো ৩০ মিনিট থেকে বিকেল ৪টের মধ্যে)। ৭ জুনের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র জমা দিতে হবে এই ঠিকানায়: Jadavpur University, Centre for Counselling Services and Studies in self Development, Darshan Bhavan, 2nd floor, 188, Raja S C Mallick Road, Kolkata-700032.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.jaduniv.edu.in প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৪৫৭-২৪৮১।

**●রামকৃষ্ণ মিশন, শিক্ষণমন্দির, বেলুড় মঠ**

পড়ানো হয় গাইডেন্স অ্যান্ড কাউন্সেলিংয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। আসনসংখ্যা ৭০টি। শুধু পুরুষরা আবেদন করবেন।

যে-কোনও শাখার স্নাতক হলেই আবেদন করা যাবে। বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে জুলাইয়ে। ক্লাস সপ্তাহে চার দিন— মঙ্গলবার ও বৃহস্পতিবার (বিকেল সাড়ে ৪টে থেকে সন্ধ্যা ৭টা), শনিবার (দুপুর ২টো থেকে সন্ধ্যা ৬টা) এবং রবিবার (সকাল সাড়ে ১০টা থেকে বিকেল ৫টা)।

কোর্স ফি ৯,০০০ টাকা। ফি দিতে হবে দু'টি কিস্তিতে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

**কীভাবে আবেদন—** আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.rkmsm.org

পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন— ✓ফি বাবদ নগদ ২০০ টাকা ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন ✓মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল ৩শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে) ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র যে-কোনও কাজের দিন দুপুর ১২টা থেকে বিকেল ৪টের

*এরপর চোদ্দোর পাতায়*

> কাউন্সেলর হিসেবে চাকরির সুযোগ রয়েছে ইংরেজি মাধ্যম স্কুলগুলিতে। ইদানীং বাংলা মাধ্যম স্কুলগুলিও কাউন্সেলর নিয়োগে আগ্রহ দেখাচ্ছে। এছাড়া হাসপাতাল, মানসিক স্বাস্থ্য চিকিৎসাকেন্দ্র, স্পোর্টস ট্রেনিং অ্যাকাডেমি ও জেরিয়াট্রিক সেন্টারেও রয়েছে কাজের সুযোগ। চাকরি রয়েছে সরকারি ও বেসরকারি রিহ্যাবিলিটেশন সেন্টারে। এছাড়া বহু কর্পোরেট সংস্থাও নিয়োগ করে কাউন্সেলরদের। সেইসঙ্গে স্বাধীনভাবে কাজ করার সুযোগ তো আছেই।

# যোগ, নেচারোপ্যাথি ও ফিজিওথেরাপির পেশা



যোগাভ্যাস এবং প্রাকৃতিক চিকিৎসা-পদ্ধতি তথা নেচারোপ্যাথির উপকারিতা সম্পর্কে মানুষ এখন অনেক বেশি সচেতন। অসুখবিসুখ নিয়ন্ত্রণ ও উপশমে যোগ, নেচারোপ্যাথি এবং ফিজিওথেরাপির প্রয়োগ বাড়ছে। চাহিদা বাড়ছে প্রশিক্ষিতদের। একইসঙ্গে যোগ-নেচারোপ্যাথি ও ফিজিওথেরাপির কোর্স করা যাচ্ছে সত্যানন্দ মহাপীঠের বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রে।

**নিজস্ব প্রতিনিধি:** শরীর-মন সুস্থ-সতেজ রাখার জন্য যোগচর্চা যে অত্যন্ত কার্যকর, সে-বিষয়ে বিশেষজ্ঞ চিকিৎসকরাও একমত। অন্যদিকে, বিভিন্ন রোগ নিরাময়ে এবং শরীর থেকে দূষণমুক্তির জন্য প্রাকৃতিক চিকিৎসা-পদ্ধতি নেচারোপ্যাথিও ক্রমশ জনপ্রিয় হয়ে উঠছে।

কেরল অনেকদিন যাবৎ নেচারোপ্যাথির একটি বড় কেন্দ্র। পঞ্চক্রিয়ার মাধ্যমে বিভিন্ন অসুখবিসুখ থেকে মুক্ত হওয়ার জন্য কেরলে যাওয়ার আহ্বান জানায় সে-... কলকাতা-সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন শহরে যত্রতত্র যোগ ও নেচারোপ্যাথির ক্লিনিক চোখে পড়বে।

## যোগা ও নেচারোপ্যাথি: ভারতীয় ঐতিহ্য

যোগা-ই হোক বা নেচারোপ্যাথি, উভয়ক্ষেত্রেই আমাদের দেশে রয়েছে এক সুদীর্ঘ ঐতিহ্য। উপনিষদ, গীতা, বৌদ্ধ ও জৈন ধর্মগ্রন্থগুলিতে যোগের উল্লেখ পাওয়া যায়। পতঞ্জলীর যোগসূত্র এবং হঠযোগ প্রদীপিকায় যোগচর্চার বিভিন্ন প্রক্রিয়া-পদ্ধতি ও ...

প্রাকৃতিক বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে রোগ নিরাময় ও শরীর শোধনের প্রক্রিয়াটিও এ দেশে বহু প্রাচীন। জল, মাটি, বাতাস, উত্তাপ, খাদ্য, চুম্বক ইত্যাদি প্রয়োগ করে চিকিৎসা করা হয়।

প্রাচীন এইসব রীতিনীতি আর দর্শন-ই নতুন করে আবিষ্কৃত হচ্ছে প্রকৃত সুস্থতার লক্ষ্যে।

## কে হবেন গাইড

যোগা-নেচারোপ্যাথির দর্শন, বিজ্ঞান ও ক্রিয়াপদ্ধতি সম্পর্কে সম্যক জ্ঞান না ... হওয়া সম্ভব নয়, নেচারোপ্যাথির প্রয়োগও হবে অনধিকার চর্চা।

শারীরতত্ত্ব, মনস্তত্ত্ব, রোগ প্রতিরোধ বা চিকিৎসায় প্রকৃতির ভূমিকা সম্পর্কে যথেষ্ট ধারণা থাকলে তবেই যোগা বা নেচারোপ্যাথির গভীরে প্রবেশের অধিকার জন্মায়।

## কোথায় প্রশিক্ষণ

সত্যানন্দ মহাপীঠের বৃত্তিমূলক প্রশিক্ষণকেন্দ্রে যোগা ও নেচারোপ্যাথির ১ বছরের সার্টিফিকেট কোর্স করানো হয়। কোর্সটি পশ্চিমবঙ্গ সরকারের যোগ ও নেচারোপ্যাথি কাউন্সিল কর্তৃক অনুমোদিত। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, এক বছরের কোর্স শেষে প্রশিক্ষিতরা সরকার স্বীকৃত রেজিস্ট্রেশন নম্বর ও সরকারি ...

প্রশিক্ষক ডাঃ উত্তম অধিকারী জানান, এই কোর্সে আসন, প্রাণায়াম, ক্রীড়া, মুদ্রা, মেডিটেশন, রিল্যাক্সেশনের বিভিন্ন প্রক্রিয়ার সঙ্গে নেচারোপ্যাথির বিভিন্ন প্রক্রিয়া শেখানো হয়। সঙ্গে থাকে যোগদর্শনের পাঠ। তিনি আরও জানান, যোগা ও নেচারোপ্যাথির সঙ্গে ফিজিওথেরাপি জানা থাকলে এ ধরনের শিক্ষা সম্পূর্ণতা পায়। প্রশিক্ষিতদের কাজকর্মের পরিসরও বাড়ে। তাই যোগ ও নেচারোপ্যাথির সঙ্গে এই প্রতিষ্ঠানে ফিজিওথেরাপি শেখার সুযোগও রয়েছে।

## কারা প্রশিক্ষণ নিতে পারেন

অন্তত উচ্চমাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা প্রশিক্ষণ নিতে পারেন।

ফি: যোগা ও নেচারোপ্যাথির ১ ... আলাদা করে ৬ মাস মেয়াদের ফিজিওথেরাপি কোর্সের ফি ৫ হাজার টাকা। একসঙ্গে যোগা-নেচারোপ্যাথি ও ফিজিওথেরাপি কোর্স করা যাবে। কোর্সের মেয়াদ ১ বছর। ফি ১৯ হাজার টাকা। ক্লাস প্রতি শনিবার বেলা ১১টা থেকে বিকেল ৪টে। দূরবর্তী ছাত্রছাত্রীদের জন্য স্বল্প খরচে প্রতিষ্ঠানে থাকা-খাওয়ার ব্যবস্থা রয়েছে।

আগ্রহীরা ভর্তির জন্য এখনই প্রতিষ্ঠানে যোগাযোগ করতে পারেন। ঠিকানা: সত্যানন্দ মহাপীঠ, রামনগর-উত্তরভাগ, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা-৭৪৩ ৩৮৭। ফোন: ৯৮৩১৫-৭৫৭২১, ৯৮৩০২-১৯০৬৩, ৯৩৩১০-১৭২৬২। ওয়েবসাইট: www.sreesatyananda...

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# পোস্ট হার্ভেস্ট টেকনোলজি নিয়ে পড়াশোনা



**উৎপাদিত খাদ্যপণ্য ক্রেতার হাতে পৌঁছনোর মধ্যবর্তী সময়ে খাবারের মান বজায় রাখতে প্রয়োগ করা হয় বিশেষ প্রযুক্তি। প্রক্রিয়াজাত খাবারের গুণাগুণ বজায় রাখতেও নেওয়া হয় নানান বিজ্ঞানসম্মত কৌশল। পোস্ট হার্ভেস্ট টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে নরেন্দ্রপুরের রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট। আবেদন করা যাবে ৭ জুন পর্যন্ত।**

**নিজস্ব প্রতিনিধি:** দ্রুত পচনশীল খাদ্যকে বেশি দিন ধরে তাজা রাখার জন্য বিজ্ঞানসম্মত পন্থা অবলম্বন করে বাড়ানো হয় তার 'শেলফ লাইফ'। এই প্রযুক্তিকে বলা হয় পোস্ট-হার্ভেস্ট টেকনোলজি। খাদ্যপণ্য আমদানি-রপ্তানির ক্ষেত্রে এই প্রযুক্তির গুরুত্ব অনেক। ভারতের বাসমতি চাল, সবজি, ফল, এমনকী খেজুর গুড়েরও কদর রয়েছে পৃথিবীর নানা দেশে। এগুলিকে দীর্ঘদিন তাজা রাখা আমদানি-রপ্তানি বাণিজ্যের এক জরুরি শর্ত। একইসঙ্গে কর্মব্যস্ততার সঙ্গে তাল মেলাতে কম সময়ের মধ্যে তৈরি হয় এমন খাবার অর্থাৎ রেডি-টু-ইট খাদ্যের চাহিদাও বাড়ছে। আর এক্ষেত্রেও পোস্ট হার্ভেস্ট প্রযুক্তির একটা বড় অবদান রয়েছে। এক কথায় উৎপাদিত খাদ্যপণ্য ফুড প্রসেসিং ইউনিট হয়ে ক্রেতার হাতে পৌঁছনোর মধ্যেকার দীর্ঘ সময়টায় সেগুলির খাদ্যগুণ বজায় রাখতে নিয়ন্ত্রিত তাপমাত্রায় মজুত ও সংরক্ষণ এবং সঠিক প্যাকেজিং-এর প্রয়োজন পড়ে। এই সব কিছুর জন্যই খাদ্যপ্রক্রিয়াকরণ শিল্পে চাহিদা বাড়ছে পোস্ট হার্ভেস্ট টেকনোলজিস্টের।

পোস্ট হার্ভেস্ট অ্যান্ড ফুড টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পড়ানো হয় রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের ইন্টিগ্রেটেড রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট সেন্টারে। কোর্সের মেয়াদ এক বছর। আবেদন করতে পারেন এখনই।

### কী পড়বেন

পোস্ট হার্ভেস্ট অ্যান্ড ফুড টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সটিতে পড়ানো হয়: ফুড কেমিস্ট্রি, ফুড প্রসেসিং, সিড প্রসেসিং, ফুড কোয়ালিটি টেস্টিং। কোর্সটির কো-অর্ডিনেটর সৌমিত্র ভট্টাচার্য কর্মক্ষেত্র-কে জানালেন, ধান থেকে চাল, গম থেকে আটা, ফল থেকে ফলের রস, জ্যাম, আচার, দুধ থেকে তৈরি পণ্য— সবক্ষেত্রেই প্রয়োগ করা হয় পোস্ট-হার্ভেস্ট প্রযুক্তি। শস্য, তৈলবীজ, ডাল, শাকসব্জি, মশলা ইত্যাদিও বাজারে আনা হয় নানাবিধ প্রক্রিয়াকরণের পর। খাদ্যপ্রক্রিয়াকরণ প্লান্টে কেমিক্যাল ল্যাবে এই সবই হাতেকলমে শেখানো হয় ছাত্রছাত্রীদের। প্যাকেজিং বিষয়েও বিশদে পড়ানো হয়। এর পাশাপাশি তাঁদের কোর্স চলাকালীন নিজস্ব ব্যবসা শুরুর নানাবিধ খুঁটিনাটি বিষয়ও শেখানো হয়। এর মধ্যে রয়েছে আইনের নানা খুঁটিনাটি দিক, ট্যাক্স সিস্টেম, লেবার ল, ঋণ-সংক্রান্ত নিয়মকানুন।

এরপর চোদ্দোর পাতায়

স্বনির্ভরতার নানা পথ

# হস্তশিল্পের হাত ধরে বাণিজ্যের রথে



**চাকরির পিছনে না ছুটে হস্তশিল্পের প্রতি টান থেকে কাজ শুরু করেন দেবমাল্য কর্মকার। গড়ে তুলেছেন নিজের সংস্থা 'দ্য টাইনি ক্র্যাফট স্টেশন'। আড়াই বছরে একটু একটু করে বাড়িয়েছেন ব্যবসা, নাম লিখিয়েছেন নামজাদা ই-কমার্স সংস্থাতেও। ব্যবসা শুরুর ভাবনা, গোড়ার দিকের লড়াই, ভবিষ্যতের পরিকল্পনার কথা দেবমাল্য ভাগ করে নিলেন কর্মক্ষেত্র-র পাঠকদের সঙ্গে।**

পারিবারিক ব্যবসা থাকলেও সবসময়ই নিজের জোরে কিছু করার ইচ্ছে ছিল। রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাসে পোস্ট-গ্র্যাজুয়েশন করার পর শিক্ষক হওয়ার ইচ্ছে নিয়েই পড়ি বি এড। কোর্স শেষ করার পর স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষাতেও বসি। কিন্তু কমিশনের টালবাহানা, একাধিক মামলা-মোকদ্দমার খবরে হতাশ হয়ে পড়ি। তখনই ঠিক করি চাকরির জন্য বসে না থেকে নিজেকে কিছু করতে হবে।

প্রথাগত কোনও ট্রেনিং না থাকলেও ছোট থেকেই হস্তশিল্পের জিনিসপত্র তৈরির প্রতি আগ্রহ এবং আকর্ষণ ছিল। তবে তা নিয়ে ব্যবসার ভাবনা দানা বাঁধেনি

> **ব্যবসা বাড়ানোর চেষ্টা করতে গিয়ে উপলব্ধি করেছি, যে-কোনও সামগ্রী বিক্রির জন্যই মার্কেটিং এবং ব্র্যান্ডিং খুব গুরুত্বপূর্ণ। এর জন্য ফেসবুক, ইনস্টাগ্রাম-সহ বিভিন্ন সামাজিক মাধ্যমে নিজের উপস্থিতি বাড়াই, সংস্থার নামে তৈরি করি অফিশিয়াল পেজ। সেইসঙ্গে জানতে পারি, কোনও কোনও ক্যাফে ও রেস্তোরাঁয় নতুন শিল্পীদের তৈরি করা জিনিস রাখতে ও বিক্রি করতে দেয়। নিজে গিয়ে যোগাযোগ করি তাঁদের সঙ্গে।**



প্রথমেই। ফেলে দেওয়া জিনিসপত্র, যেমন ভাঙা মাটির ভাঁড়, প্লাইউডের টুকরো, কাচ, কাচের বাক্স, ছোট পাথর, প্লাস্টিক বোতল ইত্যাদি দিয়ে কলমদানি, ফুলদানি তৈরি করতাম। এবার ছাত্রছাত্রীদের টিউশন পড়িয়ে উপার্জিত টাকাই বিনিয়োগ করি কাঁচামাল কেনার জন্য।

চকের উপর নকশা করে তৈরি করি মিনিয়েচার ফার্নিচার ও দাবার ঘুঁটি, বানাই কাগজের গয়না, কাচের বোতলের সঙ্গে পাটের দড়ি-সহ অন্যান্য উপকরণ ব্যবহার করে ফুলদানি। ছোটখাটো সামান্য জিনিসপত্রের এই বদলে যাওয়া রূপ আমার বন্ধুদের বেশ আকৃষ্ট করে। প্রশংসা পাই। তারা ছোটখাটো অনুষ্ঠানে আমার তৈরি জিনিস উপহার দিতে থাকে। আর এর ফলে আমার আরও বেশি করে এই কাজে এগোনোর ইচ্ছেটা জোরদার হয়।

প্রথমে পাড়াতেই এক মেলার এগজিবিশনে একটা স্টল দিই। পঞ্চাশটির মতো হস্তশিল্পের পণ্য রেখেছিলাম। প্রথম দিন কিছুই বিক্রি হয়নি, লোকে শুধু দেখে চলে গিয়েছিল। কিন্তু পরের তিন দিনে ত্রিশটি বিক্রি হয়ে যায়। লোকে খুব আগ্রহ দেখায়। কেউ কেউ আমার ফোন নম্বরও সংগ্রহ করেন, তৈরি হয় নতুন নতুন যোগাযোগ। এরপরই ব্যবসার কথা আমার মাথায় আসে। ২০১৬-য় তৈরি করি একটি সংস্থা, নাম দিই 'দ্য টাইনি ক্র্যাফট স্টেশন'। টিউশন পড়িয়ে পাওয়া টাকা এবং মেলায় শিল্পসামগ্রী বিক্রির টাকার অংশই বিনিয়োগ করেছি। ক্রমে ট্রেড লাইসেন্স পেয়েছি, জিএসটি রেজিস্ট্রেশনও করেছি।

এরপর চোদ্দোর পাতায়

স্বর্ণাক্ষরের সব বই
সাহিত্য সংসদ ও শিশু সাহিত্য সংসদে পাওয়া যায়
অমরেন্দ্র চক্রবর্তীর সব বয়সের ছোটদের বই
গরিলার চোখ
মধ্য আফ্রিকার রোয়ান্ডার আদিম অরণ্যে গরিলাদের মুখোমুখি। কিশোর উপন্যাস। ₹৮০
সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
হীরু ডাকাত

পাগলকরা ছন্দে দম বন্ধ করা ডাকাতের গল্প। ১০ম মুদ্রণ ₹১২০
সঙ্গে বিনামূল্যে দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
বরফের বাগান পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ ₹১২০
আমাজনের জঙ্গলে ৭ম মুদ্রণ ₹৭০
লিচুবাগানের চৌকিদার ₹৮০
ছেঁড়াকাঁথার গল্প ২য় সংস্করণ ₹৭৫
গৌর যাযাবর ২য় সংস্করণ ₹১২০
মাতলাগাঙের ভূত ₹৭৫
পাখির খাতা ₹৪০
চোখে দেখা গল্প সুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫০
ভূতের বাঁশি ₹৪০
তালগাছের ডোঙা ₹২০
শাদা ঘোড়া

ছোটদের স্বপ্ন আর যুদ্ধের রূপকথা। পাতায় পাতায় দেবব্রত ঘোষের ছবি। নানা ভাষায় অনূদিত। ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
নতুন ছড়ার বই জল-বাতাসা প্রত্যেক পাতায় দেবব্রত ঘোষের প্রাণঢালা চিত্রাঙ্কন। মূল্য ৮০ টাকা
সঙ্গে বিনামূল্যে
লেখকের কালোত্তীর্ণ কিশোর উপন্যাস ঋষিকুমার

কানাইলাল চক্রবর্তীর
কুমির হয়ে জলে গেল ₹৩০
চলো দেখে আসি ₹২০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫
সুভাষ মুখোপাধ্যায়ের বকবকম ₹১৫
পূর্ণেন্দু পত্রীর আমার ছেলেবেলা ₹১৮
পবিত্র সরকারের ₹১৫ কথামালা: ছড়ায় ঢালা
মহাশ্বেতা দেবীর

তুতুল ৩য় মুদ্রণ ₹ ৬০
মৈত্রেয়ী নাগের
আষাঢ়ে গল্প ₹ ৬০ বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
নেকড়ের চোখ ₹৬০
প্রখ্যাত ফরাসি লেখক দানিয়েল পেনাক-এর L'OEIL DU LOUP বইয়ের অনুবাদ
প্রাপ্তিস্থান
শিশু সাহিত্য সংসদ প্রাঃ লিঃ, ৩২এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৯ ফোন: ২৩৫০-৭৬৬১/৩১১৫ ফ্যাক্স: ০৩৩ ২৩৬০-৩৫০৮ স্টার মার্ক, লর্ড সিনহা রোড, সিটি সেন্টার, সাউথ সিটি, মনি স্কোয়ার। স্টোরি, এলগিন রোড, দমদম, দুর্গাপুর। কথাশিল্প, কলেজ স্ট্রিট। দে বুক স্টোর (আদি), দে বুক স্টোর (দীপু), বলাকা বুক স্টল ইত্যাদি।
বাংলাদেশে: বাতিঘর চট্টগ্রাম, প্রেস ক্লাব ভবন, ১৪৬/১৫১ জামাল খান রোড, চট্টগ্রাম-৪০০০। ফোন: [illegible]
বাতিঘর ঢাকা, বিশ্বসাহিত্য কেন্দ্র ভবন, ১৭, ময়মনসিংহ রোড, বাংলা মোটর, ঢাকা ১০০০। ফোন: [illegible] বাতিঘর সিলেট, গোল্ডেন সিটি কমপ্লেক্স, ৬৮২, পূর্ব জিন্দাবাজার, সিলেট ৩১০০ ফোন: [illegible]
অনলাইন কিনতে হলে ই-মেল করুন swarnakshar.books@gmail.com

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# পোস্ট হার্ভেস্ট টেকনোলজি নিয়ে পড়াশোনা

*তেরোর পাতার পর*

সৌমিত্রবাবু আরও জানান, কোর্স চলাকালীন ছাত্রছাত্রীদের বিভিন্ন সংস্থার ফুড প্রসেসিং ইউনিট ও প্রিজারভেশন ইউনিটে নিয়ে যাওয়া হয় হাতেকলমে প্রশিক্ষণের জন্য। প্রশিক্ষণের জন্য রলিক আইসক্রিম, ব্রিটানিয়া-র মত সংস্থার প্লান্টে পাঠানো হয় তাঁদের।



## কারা পড়বেন

কেমিস্ট্রি বা হর্টিকালচার বা এগ্রিকালচার অথবা বায়োলজিক্যাল সায়েন্সেস-সম্পর্কিত কোনও বিষয়ে বি এসসি অনার্সরা আবেদন করতে পারেন। এছাড়া জুলজি বা বটানিতে বি এসসি অনার্স-রাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। সব ক্ষেত্রেই ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা মোট নম্বরে নিয়মানুসারে ছাড় পাবেন। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

আসনসংখ্যা ১৫টি। তরুণ-তরুণী উভয়ই আবেদন করতে পারেন। কোর্স শুরু হবে জুলাইয়ে। কোর্স ফি সেমেস্টার প্রতি ১৫,০০০ টাকা। অ্যাডমিশন ফি ৫,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা ১০ জুন (সোমবার), সকাল ১১টা থেকে দুপুর ১২টা। পরীক্ষা নেওয়া হবে নরেন্দ্রপুরের ইন্টিগ্রেটেড রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট সেন্টারে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ইন্টারভিউ ১১ জুন।

## কীভাবে আবেদন

আবেদন করা যাবে অনলাইন-অফলাইন উভয়ভাবেই। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েব-সাইটের মাধ্যমে: www.rkmvu.ac.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৭ জুন। ফি বাবদ ২৫০ টাকা দিতে হবে অনলাইনে ভিসা বা মাস্টার ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

অফলাইন আবেদনের ক্ষেত্রে আবেদনের বয়ান ডাউনলোড করবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। এ ক্ষেত্রে ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ৩০০ টাকা। ডিমান্ড ড্রাফটটি 'RKM Vivekananda University, Narendrapur'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।

এছাড়া নগদে ২৫০ টাকার বিনিময়ে সরাসরি নরেন্দ্রপুরের ইন্টিগ্রেটেড রুর‍্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট সেন্টার থেকে ফর্ম সংগ্রহ করতে পারেন।

পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন— ✓প্রযোজ্য ক্ষেত্রে ডিমান্ড ড্রাফট ✓প্রার্থীর ২ কপি ফটো। এর মধ্যে একটি ফটো ফর্মের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। অন্য ফটোটি ফর্মের সঙ্গে গেঁথে দেবেন ✓বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল ✓শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র হিসেবে যাবতীয় মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র-ভরা খামের উপর লিখবেন: 'Application for Post-Graduate Diploma in Post Harvest and Food Technology'. আবেদনপত্র ডাকে পাঠাবেন এই ঠিকানায়: Dean, IRDM Faculty Centre, Ramakrishna Mission Vivekananda Educational and Research Institute, Ramakrishna Mission Ashrama, Narendrapur, Kolkata-700 103.

আবেদনপত্র সরাসরি প্রতিষ্ঠানে গিয়েও জমা দিতে পারেন। উভয় ক্ষেত্রেই আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ৭ জুন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.rkmvu.ac.in

## কোথায় সুযোগ

পোস্ট হার্ভেস্ট অ্যান্ড ফুড টেকনোলজি কোর্সটির কো-অর্ডিনেটর সৌমিত্র ভট্টাচার্য কর্মক্ষেত্র-কে জানালেন, পোস্ট হার্ভেস্ট টেকনোলজিস্টদের চাকরির সুযোগ রয়েছে বিভিন্ন ফুড প্রসেসিং ইউনিট, নার্সারি, প্লান্টেশন, প্যাকেজিং শিল্প এবং সেলস অ্যান্ড মার্কেটিং ক্ষেত্রে। সরকারি সহযোগিতায় নির্মিত ফুড পার্ক ছাড়াও কাজের সুযোগ রয়েছে বিভিন্ন এগ্রিক্লিনিক ও এগ্রিবিজনেস সেন্টারে।

# মনের হাল ধরার পেশা

*বারোর পাতার পর*

মধ্যে শান্তি ভবন অফিসে (অফিস অব দ্য কন্ট্রোলার অব এক্সামিনেশনস) সরাসরি জমা দিতে হবে। আবেদনের ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ১৫ জুন। প্রতিষ্ঠানের ঠিকানা: Ramakrishna Mission Sikshanamandira, P.O. - Belur Math, Dist. - Howrah, State: West Bengal, India, Pin: 711 202.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৬৫৪-৬০৮১/৯২৮১/১৬৩৫।

**●বিদ্যাসাগর স্কুল অব ওয়ার্ক, জয়প্রকাশ ইনস্টিটিউট অব সোশ্যাল চেঞ্জ**

পড়ানো হয় সাইকোলজিক্যাল কাউন্সেলিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স। আসনসংখ্যা ২০টি। পুরুষ-মহিলা উভয়ই আবেদন করতে পারেন। নিয়মানুসারে তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**আবেদনের যোগ্যতা—** সাইকোলজি, সোশিওলজি, পলিটিক্যাল সায়েন্স, হিউম্যান ডেভেলপমেন্ট, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট এবং এডুকেশনের মধ্যে যে-কোনও একটি বিষয়ে অনার্স-সহ স্নাতক। উপরোক্ত যে-কোনও বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েশন করে থাকলেও আবেদন করা যাবে। এর পাশাপাশি মেডিক্যাল সায়েন্স বা ফিলজফি বা ফিজিওলজি বা অ্যানথ্রপলজির স্নাতকরাও আবেদনের যোগ্য।

কোর্সটি ১ বছরের। সান্ধ্যকালীন কোর্স। ক্লাস করানো হবে সোম, মঙ্গল, বুধ ও শনিবার (বিকেল ৫টা থেকে সন্ধ্যা ৭টা)।

কোর্স ফি ৩১,৬০০ টাকা। অ্যাডমিশনের সময় দিতে হবে ২০,৮০০ টাকা।

আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

**আবেদনের পদ্ধতি—** আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.jpinstitute.org

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র জমা দিতে হবে প্রতিষ্ঠানের এই ঠিকানায়: Vidyasagar School of Social Work (VIDYASAGAR UNIVERSITY), Jayprakash Institute of Social Change, DD-18/4/1, Salt Lake City, Kolkata – 700 064. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে : (০৩৩) ২৩২১-৩২৩০।

## কাজের সুযোগ

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সমরকুমার মণ্ডল 'কর্মক্ষেত্র'কে জানালেন, রোগীর সঙ্গে সহজ সম্পর্ক স্থাপন করে নানান ধরনের কথাবার্তা ও প্রশ্নোত্তরের মাধ্যমে তাঁর সমস্যাকে বোঝা এবং তাঁকে সঠিক চিকিৎসার মাধ্যমে সুস্থ করে তোলাই মনোবিদের কাজ। অবস্থা বিশেষে প্রতিটি মানুষের সমস্যা ভিন্ন ধরনের। তাই প্রতিটি সমস্যাকেই স্বতন্ত্রভাবে সমাধান করার চেষ্টা করা হয়। তিনি জানান, কাউন্সেলর হিসেবে চাকরির সুযোগ রয়েছে ইংরেজি মাধ্যম স্কুলগুলিতে। ইদানীং বাংলা মাধ্যম স্কুলগুলিও কাউন্সেলর নিয়োগে আগ্রহ দেখাচ্ছে। এছাড়া হাসপাতাল, মানসিক স্বাস্থ্য চিকিৎসাকেন্দ্র, স্পোর্টস ট্রেনিং অ্যাকাডেমি ও জেরিয়াট্রিক সেন্টারেও রয়েছে কাজের সুযোগ। চাকরি রয়েছে সরকারি ও বেসরকারি রিহ্যাবিলিটেশন সেন্টারে। এছাড়া বহু কর্পোরেট সংস্থাও নিয়োগ করে কাউন্সেলরদের। সেইসঙ্গে স্বাধীনভাবে কাজ করার সুযোগ তো আছেই।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓ফি বাবদ ৩০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি Vidyasagar School of Social Work-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে
✓প্রার্থীর এক কপি ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন
✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

# হস্তশিল্পের হাত ধরে বাণিজ্যের রথে

*তেরোর পাতার পর*



ব্যবসা বাড়ানোর চেষ্টা করতে গিয়ে উপলব্ধি করেছি, যে-কোনও সামগ্রী বিক্রির জন্যই মার্কেটিং এবং ব্র্যান্ডিং খুব গুরুত্বপূর্ণ। এর জন্য ফেসবুক, ইনস্টাগ্রাম-সহ বিভিন্ন সামাজিক মাধ্যমে নিজের উপস্থিতি বাড়াই, সংস্থার নামে তৈরি করি অফিশিয়াল পেজ। বিভিন্ন হস্তশিল্প মেলায় তো অংশগ্রহণ করতামই, সেইসঙ্গে জানতে পারি, কোনও কোনও ক্যাফে ও রেস্তোঁরায় নতুন শিল্পীদের তৈরি করা জিনিস রাখতে ও বিক্রি করতে দেয়। নিজে গিয়ে যোগাযোগ করি তাঁদের সঙ্গে।

তবে এর জন্য খুবই লড়াই করতে হয়েছে। নামী অনেক সংস্থাই নতুন ধরনের কাজকে জায়গা দিতে ভয় পায়। অনেক সময়ই চেয়েছে বিশিষ্ট কোনও ব্যক্তি বা সংস্থার রেফারেন্স, যা আমার ছিল না। প্রত্যাখ্যাত হলেও হাল ছাড়িনি। ব্যবসা শুরুর আড়াই বছরের মধ্যে কলকাতার বিভিন্ন ক্যাফে যেমন, আবার বৈঠক, বুকটিক, ক্যাফে কবীরা-য় আমার হাতের কাজের সামগ্রী স্থান করে নেয়। পাশাপাশি অ্যামাজন, শপক্লুজ, ওয়াণ্ডার আর্ট, ইটসি-র মতো অনলাইন ই-কমার্স সংস্থাগুলির সঙ্গেও যুক্ত হই। সাড়াও পাচ্ছি ভালোই।

শিল্পকর্মের মধ্যে বাঙালিয়ানার ছোঁয়া অবশ্যই রাখার চেষ্টা করি, যা অন্যান্য প্রদেশের মানুষের কাছে আমাদের রাজ্যের ঐতিহ্যকে তুলে ধরবে। টেরাকোটার গয়না, ঘড়ি, জুয়েলারি বক্স, ফটোফ্রেম, টেবিল ল্যাম্প ছাড়াও এখন সেরামিক নিয়ে শুরু করেছি কাজ, করছি নানারকম এক্সপেরিমেন্টও।

এই মুহূর্তে আমাদের সংস্থায় সক্রিয়ভাবে কাজ করছি ছয় জন। যুক্ত হয়েছি অনেক নতুন প্রতিভাবান শিল্পীর সঙ্গে, দলে নিয়েছি তাঁদের। এখন অনেকেই আমাদের এই প্ল্যাটফর্মের সাহায্য নিয়ে নিজেদের শিল্পকর্মকে ক্রেতার সামনে নিয়ে আসতে চাইছে। তাঁদের সাহায্য করতে আমরা সদাপ্রস্তুত। কেউ যদি আগ্রহী হন তবে সরাসরি ফোন করতে পারেন এই নম্বরে: দেবমাল্য কর্মকার, ৮৯৮১৫-২৫৭৮৫।




জীবনে আমি চাকরি পাইনি
ব'লে দুঃখ ছিল। ফলে,
'কর্মক্ষেত্র' আমি ছোঁয়াতে
দিইনি। প'ড়ে বুঝেছি, চাকরি
পেতে যে এলেম দরকার
আমার তা নেই।
প্রশ্নোত্তরগুলো রপ্ত করার
চেষ্টা করি। পরে বুঝি, খুব
দেরি ক'রে ফেলেছি। কী
করব, আমাদের বাল্যকালে
তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি।
তবু নিয়মিত ক'রে ...
স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো
একবার কপাল খুলে যেতে পারে।
কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে
কাজ না দিলেও অনেক কিছু
শেখায় পড়ায়।



কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
ইন্টারনেটে কর্মক্ষেত্র: www.ekarmakshetra.com


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

মে মাসের প্রতিযোগিতায় বিজয়ী **বিশ্বনাথ বিশ্বাস**
পেলেন ৫০০০ টাকা পুরস্কার



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের প্রাক্তন ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের প্রাক্তন ডেপুটি সেক্রেটারি **এম এন মাইতি**



## জৈব পদ্ধতিতে লাভজনক তিল চাষ

**বিশ্বনাথ বিশ্বাস,** করিমপুর, নদিয়া

**বিচারক:** জৈব পদ্ধতিতে তিল চাষ করে থাকেন। চাষের পদ্ধতির পুঙ্খানুপুঙ্খ বর্ণনা দিয়েছেন। তবে উৎপন্ন শস্য বিক্রি করার জন্য কী ব্যবস্থা করবেন সে বিষয়ে আর-একটু বিস্তারিত ভাবে লিখলে বুঝতে সুবিধা হতো। আয়-ব্যয় ও লাভের হিসাব যথাযথই মনে হয়েছে।



আমি 'কর্মক্ষেত্র' পত্রিকার একজন নিয়মিত পাঠক। নদিয়া জেলার শেষ প্রান্ত, বাংলাদেশ সীমান্তবর্তী করিমপুর থানার অন্তর্গত পাট্টাবুকা গ্রামের একজন স্থায়ী বাসিন্দা ও সাধারণ কৃষক। আমি বি কম পাশ করে প্রাকৃতিক জৈব পদ্ধতিতে দীর্ঘদিন যাবৎ বিভিন্ন ফসলের চাষাবাদ করছি। তার মধ্যে বিভিন্ন মরশুমে তিল চাষও করে চলেছি। এক্ষেত্রে আমি আমার অভিজ্ঞতার কথা তুলে ধরছি। আশা করি, আমার এই চাষের অভিজ্ঞতা থেকে পত্রিকার পাঠকরা উপকৃত হবেন।

### তিল চাষ করার কারণ

তিল থেকে তৈরি হয় ভোজ্য তেল। স্বল্প সময়ে ও খরচে একই জমিতে বছরে দু'-তিন বার চাষ করে আয় করা যায়। তাছাড়া যেহেতু জৈব পদ্ধতিতে চাষ, সেজন্য প্রাকৃতিক উপকরণগুলিকেই ব্যবহার করা হয়, সার ও কীটনাশকের খরচ সামান্য। সব মিলিয়ে উৎপাদন খরচ কম, সেইসঙ্গে মাটির স্বাস্থ্য বজায় থাকে, ভূগর্ভস্থ জল ও প্রাকৃতিক দূষণ কম হয়, রোগ, পোকা ও আগাছার সমস্যা কম, উৎপন্ন খাদ্যশস্য স্বাস্থ্যের পক্ষে নিরাপদ এবং সাথী ফসল-সহ অনাবাদী ও পতিত জমিতে চাষাবাদ করা যায়।

### বীজ সংগ্রহ ও চাষের সময়

তিল চাষ সাধারণত বছরের তিনটি মরশুমেই করা যায়। সেই হিসাবে প্রাক খরিফ, খরিফ ও রবি মরশুমে রোপণ করার জন্য পছন্দমতো জাতগুলি হল— • তিলোত্তমা বি-৬৭, সময়: ৭৫-৮০ দিন, তেলের পরিমাণ প্রায় ৪০% • রমা, সময়: ৮০-৮৫ দিন, তেলের পরিমাণ-৪৫% • পাঞ্জাব-১, সময়: ৮০-৮৫ দিন, তেলের পরিমাণ: ৫০% • কৃষ্ণা, সময়: ৮০-৮৫ দিন, তেলের পরিমাণ-৪২%। এইসব তিলবীজ বিশ্বস্ত প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করতে হবে।

### চাষের পদ্ধতি ও উপকরণ-সমূহ

- মাটি: জলসেচ ও জলনিকাশি ব্যবস্থা-সহ প্রায় সব ধরনের মাটিতেই তিল চাষ করা যায়।
- বীজের পরিমাণ: ছিটিয়ে বুনলে বিঘাপ্রতি এক কেজি ও সারিতে বুনলে ৫০০ গ্রাম বীজের প্রয়োজন।
- বীজ শোধন: পরিমাণমতো বীজামৃত দিয়ে অথবা প্রতি কেজি বীজে ৪ গ্রাম ট্রাইকোডারমা ভিরিডি দিয়ে বীজ শোধন করে নিতে হবে।
- বীজ বপন/রোপণের সময়: প্রাক খরিফ, খরিফ ও রবি— সব মরশুমেই তিল চাষ করা যায়। কিন্তু এখানে সাধারণত প্রাক খরিফ অর্থাৎ ফাল্গুন/চৈত্র মাসে ও রবি মরশুমে অর্থাৎ কার্তিক/ অগ্রহায়ণ মাসে তিল চাষ করা হয়।
- জমি/মাটি তৈরি ও বীজ বপন: তিলের বীজ খুব ছোট হওয়ায় কমপক্ষে তিনবার লাঙল ও মই দিয়ে মাটি ঝুরঝুরে ও সমান করে নিয়ে ভিজে থাকা অবস্থায় বীজ বোনা প্রয়োজন। সারিতে বীজ বোনা লাভজনক কারণ তাতে বীজ কম লাগে, আগাছা দমন ও পরিচর্যা করতেও সুবিধা হয়। এক সারি থেকে অন্য সারির দূরত্ব ৩০ সেমি এবং গভীরতা ২.৫ সেমি থাকা বাঞ্ছনীয়। বপনকারী ড্রিল মেশিনের সাহায্যে এ কাজটি সহজেই করা যায়। বীজ বপনের পর মই দিয়ে মাটি চাপা দেওয়া বিশেষ প্রয়োজন।
- জৈব সার প্রয়োগ: শেষ চাষে মই দেওয়ার আগে বিঘাপ্রতি ৩০-৪০ কেজি ঘন/শুকনো অথবা তরল জীবামৃত সার ছড়িয়ে মই দিয়ে মাটি সমান করে দিতে হবে।

উৎপাদন খরচ কম, সেইসঙ্গে মাটির স্বাস্থ্য বজায় থাকে, ভূগর্ভস্থ জল ও প্রাকৃতিক দূষণ কম হয়, রোগ, পোকা ও আগাছার সমস্যা কম, উৎপন্ন খাদ্যশস্য স্বাস্থ্যের পক্ষে নিরাপদ এবং সাথী ফসল-সহ অনাবাদী ও পতিত জমিতে চাষাবাদ করা যায়।

- পরিচর্যা: বীজ রোপণের ১৫-২০ দিন পর খেতে আগাছা পরিষ্কার করতে হবে। প্রতি বর্গমিটারে ৪০-৪৫টি চারা রাখা আবশ্যক। খেতে হালকা করে সেচ দেওয়া যেতে পারে এবং সেচের আগে বা পরে ১০ কেজি (বিঘাপ্রতি) শুকনো জীবামৃত ছড়িয়ে দিলে বিশেষ উপকার হবে।
- কীটনাশক: তিলের গুণগত মান বজায় রাখতে ফুল আসার আগে ও ফুল ঝরে গিয়ে গুটি আসার পর ১০ লিটার পরিষ্কার জলে ২০০ মিলিলিটার টক ঘোল ও ডাবের জল মিশিয়ে গাছে স্প্রে করে দিতে হবে।
- ফসল কাটা ও গোলাজাত করা: বীজ ঝরে যাওয়ার আগে গাছগুলিকে কেটে প্রায় এক সপ্তাহ গাছের গোড়াগুলিকে বাইরের দিকে রেখে গোলাকারে গাদা করে রাখতে হবে। ৭ দিন পর তিল গাছগুলিকে রোদে শুকিয়ে, লাঠি দিয়ে পিটিয়ে দানাগুলি সংগ্রহ করে, ফের রোদে শুকিয়ে গোলাজাত করতে হবে।
- ফলন: সেচ এলাকায় বিঘাপ্রতি ২০০ কেজি ও অসেচ এলাকায় ১৫০-১৭৫ কেজি ফলন পাওয়া যায়।

**এক বিঘা জমিতে তিল চাষে আয়, ব্যয় ও লাভের হিসাব—**

**আয়:** ২০০ কেজি, প্রতি কেজি ৩৫ টাকা
= ২০০ × ৩৫ = ৭,০০০ টাকা

| | | |
|---|---|---|
| **ব্যয়:** জমি তৈরি ২০০ × ৩ | = | ৬০০ টাকা |
| জলসেচ | = | ১৫০ " |
| শ্রমিক ৫ জন/২০০টাকা | = | ১,০০০ " |
| বীজ-১ কেজি | = | ৫০ " |
| জৈব সার ও কীটনাশক | = | ২০০ " |
| মোট খরচ | = | ২,০০০ টাকা |

লাভ = ৫,০০০ টাকা
বিঘাপ্রতি একটি মরশুমে (৯০ দিনে) তিল চাষে মোট লাভ: ৫,০০০ টাকা।

যদি কোনও পাঠক তিল চাষ করতে চান, তাহলে আমার সঙ্গে রাত্রি ৯টার পর যোগাযোগ করতে পারেন এই নম্বরে: মোঃ নং: ৮৭৬৮৩-৬৫৮৬৬।

পশ্চিমবঙ্গে এই প্রথম ➤ বিগত ২ দশক ধরে হসপিটালিটি সেক্টরে শতশত ছাত্র-ছাত্রীদের নিশ্চিত কেরিয়ার তৈরী করে সারা ভারতে অনবদ্য রেকর্ড গড়লো ➤ কল্যাণীতে

SIHM INSTITUTE OF HOTEL MANAGEMENT
ISO 9001 : 2015 29990 : 2010
AN AUTHORISED TRAINING CENTRE OF "BHARAT SEVAK SAMAJ"
( A NATIONAL DEVELOPMENT AGENCY, ESTABLISHED IN 1952 BY PLANNING COMMISSION, GOVT. OF INDIA.)

ADMISSION OPEN
কোর্স শেষে দেশে ও বিদেশে নিশ্চিত চাকরী

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ছাত্র-ছাত্রীদের জন্য হোটেল ম্যানেজমেন্ট কোর্স

All STUDENTS PLACED TILL DATE

রাজ্যের পিছিয়ে পড়া ছেলেমেয়েদের জন্য মেধাবী স্কলারশিপ স্কিম

মেধাবী ছাত্রছাত্রীদের ন্যূনতম মাধ্যমিক যোগ্যতার নিরিখে কোর্স ফীতে 'মেধাবী স্কলারশিপ' প্রদান করা হবে। এই বছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরা আবেদনের যোগ্য। স্কলারশিপের জন্য সম্পূর্ণ নিখরচায় আবেদন করা যাবে, এর জন্য নাম, ঠিকানা, যোগ্যতা সহ ফোন নং দিয়ে সরাসরি বা পোস্টে আবেদন করতে হবে কলেজের ঠিকানায়। হোটেল ম্যানেজমেন্ট কোর্স করে দেশে ও বিদেশে চাকরি করে ভবিষ্যৎ নিশ্চিত করতে আগ্রহীরাই কেবল যোগাযোগ করবেন।

Email: sihm97@gmail.com
Visit Us : www.sihm.co.in

TRAINING & PLACEMENT
Only in 5 STAR HOTELS in India & Abroad

কেন SIHM পশ্চিমবঙ্গে NO 1
➤ কোর্স চলাকালীন ভারতের নামকরা হোটেলে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং-এর ব্যবস্থা।
➤ হোটেল ইন্ডাস্ট্রি'র স্বনামধন্য ফ্যাকাল্টি। ➤ অ্যাডভান্সড ফুড প্রোডাকশন ল্যাব।
➤ দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক হস্টেলের ব্যবস্থা আছে।
➤ দুই দশক ধরে প্রায় সব ছাত্র-ছাত্রীরা আজ দেশে বিদেশে সম্মানের সঙ্গে কর্মরত।
➤ ট্রেনিং শেষে হোটেল, এয়ারলাইন্স, ক্রুজ লাইন্স, হসপিটালিটি সেক্টরে চাকরির সুযোগ।



B 12 / 283, KALYANI, NADIA, W.B.
(Near Central Park, Oppsite of Kalyani Fish Farm ) (Sunday Open)
Cont : 9831616989 / 9830852189

Spot admission at
EGRA, Purba Medinipur
Venue: SOURAV HOTEL, Egra
(Near New Central Bus stand)
Date: 29th & 30th May 2019
Time: 10:00AM - 3:00PM

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com  Join http://t.me/BanglaJobGuide  http://t.me/BangoSongbad

# জ্ঞা ন বি জ্ঞা ন

## জানার জানালা

### জাপানে নতুন বুলেট ট্রেন



২৫ মে জাপানে নতুন মডেলের বুলেট ট্রেন গতির রেকর্ড গড়ল। ট্রেনের গতি ছিল ঘণ্টায় ৩৬০ কিলোমিটার। জাপানে প্রথম বুলেট ট্রেন চালু হয়েছিল ১৯৬৪ সালে, টোকিয়ো অলিম্পিক্সের সময়। ২০২০-তে ফের টোকিয়োয় বসছে অলিম্পিক্সের আসর। এদিন পরীক্ষামূলক ভাবে চালানো হয়েছে এই অতি-দ্রুত গতির ট্রেন। নাম দেওয়া হয়েছে এন৭০০এস।

### বিরল অ্যালবিনো পান্ডা চিনে



বিরল সাদা জায়ান্ট পান্ডার দেখা মিলল চিনে। গায়ে কোনও কালো ছোপ নেই, ধবধবে সাদা লোমে ঢাকা। দক্ষিণ-পশ্চিম চিনের সিচুয়ান প্রদেশের জঙ্গলে দেখা মিলেছে এমনই এক অ্যালবিনো পান্ডার। সম্প্রতি ওলং অরণ্যে ট্রেকিংয়ের সময় পান্ডাটি চোখে পড়ে এক দল অভিযাত্রীর। পান্ডাটিকে দেখে মনে হয়েছে তার বয়স হবে এক থেকে দু'বছরের মধ্যে। উল্লেখ্য, বিশ্বের আশি শতাংশ পান্ডার দেখা মেলে চিনের সিচুয়ান প্রদেশে। তবে অ্যালবিনো পান্ডার দর্শন একেবারেই বিরল।

### কলম্বিয়ার রামধনু নদী



দক্ষিণ আমেরিকার কলম্বিয়ার ম্যাকারেনা ন্যাশনাল পার্কে গেলে চোখে পড়বে এমন এক নদী যাতে আছে রামধনুর রং। সে কারণেই নদীটিকে ডাকা হয় 'রিভার অব ফাইভ কালার্স' নামে। নদীর রং দেখে মনে হয় যেন রামধনু গলে বয়ে চলেছে। ৬২.১ মাইল লম্বা নদীর কোথাও হলুদ, কোথাও লাল, কোথাও সবুজ রঙের ছড়াছড়ি। জলের নীচে থাকা জলজ উদ্ভিদের ফুল ফুটে থাকার জন্যই নদীর এই রামধনুর রং। বছরের বিশেষ বিশেষ সময়ে জলজ গাছেরা যখন ফুলে ফুলে ভরে ওঠে, নদীও তখন রামধনুর রং ছড়ায়। জুন থেকে নভেম্বর মাসে থাকে নদীর রঙের সমারোহ। সেই সময়েই বিশ্বের নানা প্রান্ত থেকে পর্যটকেরা ভিড় জমান এই ন্যাশনাল পার্কে। তবে পর্যটকের ভিড়ে এলাকার জীববৈচিত্র নষ্ট হওয়ার আশঙ্কায় তৎপর কলম্বিয়ার পর্যটন বোর্ড। পর্যটকের সংখ্যা বেঁধে দিয়েছেন তাঁরা। দিনে ২০০-র বেশি পর্যটক ওই নদী দেখতে যেতে পারবেন না। গায়ে কোনও সানস্ক্রিন লোশন বা কীটনাশক স্প্রে লাগিয়েও নামা যাবে না নদীতে। এখানকার জীববৈচিত্রকে রাসায়নিকের হাত থেকে বাঁচাতেই এই ব্যবস্থা নেওয়া হয়েছে।



- ভারতের প্রাচীনতম বাদ্যযন্ত্র কোনটি?
**উত্তর:** বীণা

- গোয়ার মুখ্যমন্ত্রী থাকাকালীন কে সম্প্রতি প্রয়াত হলেন?
**উত্তর:** মনোহর পর্রীকর

- সৌরজগতের সবচেয়ে বড় উপগ্রহটির নাম কী?
**উত্তর:** গ্যানিমিড

- ভারতের কোন রাজ্যের জন্য পৃথক সংবিধান আছে?
**উত্তর:** জম্মু ও কাশ্মীর

- ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি মিরজাফরের পর কাকে বাংলার নবাব পদে বসিয়েছিল?
**উত্তর:** মিরকাশিম

- বিশ্বের কোন শহরে প্রথম ভূগর্ভ রেলপথ চালু হয়?
**উত্তর:** লন্ডন



- ইলেক্ট্রিক বাল্বের ফিলামেন্ট কী দিয়ে গঠিত?
**উত্তর:** টাংস্টেন

- সমুদ্রজলের গড় লবণত্ব কত?
**উত্তর:** ৩.৫

- কোন ঋতুতে বায়ুর চাপ সবচেয়ে কম থাকে?
**উত্তর:** বর্ষা

- কোন দেশটি ভারতের ক্ষুদ্রতম প্রতিবেশী রাষ্ট্র?
**উত্তর:** মালদ্বীপ

- ভিটামিন-ই এর রাসায়নিক নাম কী?
**উত্তর:** টোকোফেরল

- রেললাইনের মাঝে ও দু'পাশে যে কালো পাথর দেওয়া থাকে সেগুলি কী শিলা?
**উত্তর:** ব্যাসল্ট শিলা

- রাষ্ট্রপুঞ্জের সদর দপ্তর কোন শহরে অবস্থিত?
**উত্তর:** নিউ ইয়র্ক



- অনিল কুম্বলে টেস্টে কতগুলি উইকেট নিয়েছেন?
**উত্তর:** ৬১৯

- ভারতের প্রথম অ্যাটমিক পাওয়ার স্টেশন কোথায় স্থাপিত হয়?
**উত্তর:** তারাপুর

- কোলেরু হ্রদ ভারতের কোন রাজ্যে অবস্থিত?
**উত্তর:** অন্ধ্রপ্রদেশ

- নিউক্লিয়ার রিঅ্যাক্টরে জ্বালানি হিসেবে কোন মৌল ব্যবহার করা হয়?
**উত্তর:** ইউরেনিয়াম

- রাইনোপ্লাস্টি বলতে মানুষের কোন অঙ্গের সার্জারিকে বোঝায়?
**উত্তর:** নাক

- জোড়পোখরি অভয়ারণ্য পশ্চিমবঙ্গের কোথায় আছে?
**উত্তর:** দার্জিলিং জেলায়

- ঝুলন্ত উপত্যকা তৈরি হয় কোন প্রাকৃতিক কারণে?
**উত্তর:** হিমবাহের ক্ষয়কার্যজনিত কারণে

- কাংড়া দুর্গ কোন রাজ্যে অবস্থিত?
**উত্তর:** হিমাচল প্রদেশ



- সাইকাস (*Cycas*) কী জাতীয় উদ্ভিদ?
**উত্তর:** জিমনোস্পার্ম বা ব্যক্তবীজী

## হী রে র টু ক রো

### পরিবেশ-বান্ধব ইটের ভাবনার জাতীয় স্বীকৃতি

পরিবেশ-বান্ধব ইট তৈরির পরিকল্পনা বাতলে ভারতীয় মহাকাশ বিজ্ঞান গবেষণা কেন্দ্র ইসরো-র নজর কেড়ে নিল কোচবিহারের স্কুলছাত্রী নন্দিতা সাহা। গতবছর নভেম্বরে কলকাতায় অনুষ্ঠিত জাতীয় শিশু বিজ্ঞান কংগ্রেসে নন্দিতার পরিবেশ-বান্ধব ইট তৈরির মডেলটি প্রদর্শিত হয়েছিল। পরে সয়েন্স সিটিতে আয়োজিত রাজ্য স্তরের একটি প্রতিযোগিতায় মডেলটি প্রথম পুরস্কারও পায়।

কোচবিহারের পুন্ডিবাড়ি জি ডি এল গার্লস হাইস্কুলের নবম শ্রেণির ছাত্রী নন্দিতা জানাল, ছোটবেলা থেকেই সে গ্রামের মাটির বাড়ির দেয়ালে গোবর লেপা হতে দেখেছে। সেই অভিজ্ঞতা থেকেই পরিবেশ-বান্ধব ইট তৈরির বিষয়টি মাথায় আসে তার। ৭৫ শতাংশ গোবর এবং ২৫ শতাংশ মাটির মিশ্রণ দিয়ে ইট তৈরি করা সম্ভব, এটাই সে দেখিয়েছে তার মডেলে। নন্দিতার বক্তব্য, এই মডেলে ইট তৈরি হতে থাকলে ব্যাপক ভূমিক্ষয় রোধ করা যাবে, সেইসঙ্গে সাধারণ ইটে মাটির সঙ্গে রাসায়নিক মিশিয়ে পোড়ানোর ফলে যে-পরিবেশ দূষণ ঘটে থাকে তারও সম্ভাবনা থাকবে না।

সম্প্রতি এই মডেলের জন্যই ইসরো-র 'যুব বিজ্ঞান কর্মশালা'য় ডাক পেয়েছিল নন্দিতা। ১২-২৬ মে মেঘালয়ের নর্থ ইস্টার্ন স্পেস অ্যাপ্লিকেশন সেন্টারে হয়ে গেল ওই কর্মশালা। বাংলা থেকে নন্দিতা-সহ তিনজন অংশ নেয় ওই কর্মশালায়।

### সর্বকনিষ্ঠ সাংসদ



এ দেশের রাজনীতিতে শিক্ষিত যুবদের সংখ্যা কমে যাচ্ছে বলেই রাজনীতি এতটা পঙ্কিল হয়ে উঠছে— এমন কথা বলে প্রায়শই হাহুতাশ করতে শোনা যায় অনেককে। কেওনঝড়ের চন্দ্রাণী মুর্মু তাঁদের সেই হতাশার জবাব। ওড়িশার আদিবাসী অধ্যুষিত জেলা কেওনঝড় থেকে এবার লোকসভা নির্বাচনে জিতে সাংসদ হয়েছেন ২৫ বছরের চন্দ্রাণী। সপ্তদশ লোকসভা নির্বাচনে তিনিই দেশের সর্বকনিষ্ঠ সাংসদ।

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং নিয়ে স্নাতক হওয়ার পর চাকরিবাকরির খোঁজ করছিলেন, এমন সময় আসে লোকসভা নির্বাচনে প্রার্থী হওয়ার প্রস্তাব। দ্বিতীয়বার ভাবেননি চন্দ্রাণী, বিজু জনতা দলের টিকিটে দাঁড়িয়ে ৬৬ হাজার ২৬০ ভোটে হারিয়ে দিয়েছেন বিজেপি দলের দুবারের সাংসদ অনন্ত নায়ককে।

রাজনৈতিক অভিজ্ঞতা না থাকতে পারে, কিন্তু কেওনঝড়ের মতো প্রত্যন্ত আদিবাসী এলাকায় মানুষ হওয়ার সুবাদে সেখানকার সমস্যাগুলো ভালোই বোঝেন চন্দ্রাণী। সংবাদমাধ্যমকে জানিয়েছেন, কেওনঝড়ের মতো খনিজ সমৃদ্ধ অঞ্চলেও কাজের অভাব বিপুল। রাজ্যের যুব সম্প্রদায় এবং মহিলাদের হয়ে সাংসদে প্রতিনিধিত্ব করবেন বলে জানিয়ে চন্দ্রাণী যোগ করেন, জেলায় শিল্প আনতে চেষ্টার খামতি রাখবেন না। পিছিয়ে পড়া আদিবাসী সমাজের ইঞ্জিনিয়ার-মেয়ের এমন সঙ্কল্পে আশায় বুক বাঁধছেন কেওনঝড়ের মানুষও।

### তাক লাগানো ফল দৃষ্টিহীন শুভদীপের

এবারের মাধ্যমিক পরীক্ষার ফলাফলে সকলকে চমকে দিয়েছে নরেন্দ্রপুর ব্লাইন্ড বয়েজ অ্যাকাডেমির ছাত্র শুভদীপ মন্ডল। তার মোট নম্বর ৬৬৩ বা ৯৪.৫ শতাংশ। ব্লাইন্ড বয়েজ অ্যাকাডেমির অধ্যক্ষ বিশ্বনাথ ঘোষ জানিয়েছেন, গতবার এই স্কুল থেকে মাধ্যমিকে সর্বোচ্চ নম্বর উঠেছিল ৬৪০। তবে এবারেরটি রেকর্ড।

শুভদীপ জন্মান্ধ। তার বাবা আদিত্য মন্ডল দুর্গাপুর স্টিল প্লান্টে চাকরি করেন। চতুর্থ শ্রেণি থেকে ব্লাইন্ড বয়েজ অ্যাকাডেমিতে পড়ছে আদিত্য। জানাল, মূলত ব্রেইল পদ্ধতিতেই সে পড়াশোনা করেছে। এর পাশাপাশি বই পড়ে অডিও শুনে আর বন্ধুদের সঙ্গে আলোচনা করেও উপকৃত হয়েছে সে।

শুভদীপের জীবনের লক্ষ্য কিন্তু আর-পাঁচজনের মতো ডাক্তার-ইঞ্জিনিয়ার হওয়া নয়। সে গায়ক হতে চায়। সিন্থেসাইজার বাজানো আর গানের দিকে ছোটবেলা থেকেই তার ঝোঁক।

এবারের মাধ্যমিক পরীক্ষায় ভালো ফল করেছে বেহালার বৈদ্যপাড়ার 'ভয়েস অব ওয়ার্ল্ড' আবাসিক স্কুলের দৃষ্টিহীন ছাত্রছাত্রী বিশ্বজিৎ ধানগ, আলমগির বিশ্বাস, মালতী ঘোষ, অঞ্জনা মন্ডলরাও। কিন্তু তাদের অনেকেই হতাশ উচ্চমাধ্যমিকে ভূগোল নিয়ে পড়ার সুযোগ না পাওয়ায়। ভূগোলে দৃষ্টিহীনদের জন্য বিকল্প পাঠক্রম তৈরি করা প্রায় অসম্ভব কাজ বলেই জানিয়েছেন বিশেষজ্ঞরা।

- এফিড্রিন কোন রোগের ওষুধ তৈরিতে ব্যবহৃত হয়?
**উত্তর:** হাঁপানি

- ব্রহ্মপুত্র বাংলাদেশের মধ্য দিয়ে কী নামে প্রবাহিত হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে?
**উত্তর:** মেঘনা ২০

- খারিফ শস্য চাষের সময় কোনটি?
**উত্তর:** জুন থেকে অক্টোবর

- ভারতীয় জাতীয় কংগ্রেসের কোন অধিবেশনে নরমপন্থী ও চরমপন্থীদের মধ্যে বিবাদ চরমে উঠেছিল?
**উত্তর:** সুরাট

- কোন শ্বেতকণিকা অ্যালার্জি প্রতিরোধ করে?
**উত্তর:** ইওসিনোফিল

- ভারতে তুলা চাষের পক্ষে সবচেয়ে উপযোগী অঞ্চল কোনটি?
**উত্তর:** দাক্ষিণাত্যের লাভাগঠিত অঞ্চল

- ভারতের সর্বাপেক্ষা ক্ষুদ্র রাজ্য কোনটি?
**উত্তর:** গোয়া

- পাবলো পিকাসো কোন দেশের চিত্রশিল্পী?
**উত্তর:** স্পেন

- নেপালের কামি শেরপা মোট কতবার এভারেস্ট জয়ের নজির গড়লেন?
**উত্তর:** ২৪ বার

- আন্তর্জাতিক বিচারালয় কোথায় অবস্থিত?
**উত্তর:** দি হেগ

- কার্বলিক অ্যাসিডের রাসায়নিক নাম কী?
**উত্তর:** ফেনল

- কোন নদীর তীরে মস্কো শহর অবস্থিত?
**উত্তর:** মস্কোভা

- জাহাজের গতি মাপার জন্য কোন একক ব্যবহার করা হয়?
**উত্তর:** নট

Banglajobguide.blogspot.com  Join http://t.me/BanglaJobGuide  http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশনে ১০৬

ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার, মেডিক্যাল অফিসার, ফায়ার অফিসার এবং সিকিউরিটি অফিসার পদে ১০৬ জনকে নেবে অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন। নিয়োগ করা হবে ই-ওয়ান লেভেলে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1/2019 (R&P).

**শূন্যপদের বিবরণ: ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার:** ৩১টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ১০, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ৩টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত এবং ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে ৬০ শতাংশ নম্বর-সহ আই সি ডব্লু এ বা সি এ বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ।

**মেডিক্যাল অফিসার:** ৪২টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২, আর্থিকভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ৩টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস, সঙ্গে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**ফায়ার অফিসার:** ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ফায়ার ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক।

**সিকিউরিটি অফিসার:** ২৪টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে আর্মড ফোর্স বা সেন্ট্রাল পুলিশ অর্গানাইজেশন বা সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্সে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। দৈহিক মাপজোক: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৬৮ সেমি (তফসিলি উপজাতি ও পার্বত্য অঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৬৩ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫২ সেমি (তফসিলি উপজাতি ও পার্বত্য অঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭ সেমি)। পুরুষদের ক্ষেত্রে বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রম ৮১ সেমি ও ৮৬ সেমি হতে হবে। মহিলাদের ক্ষেত্রে ন্যূনতম ওজন হতে হবে ৪৬ কেজি।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ৩১-৭-২০১৯-এর মধ্যে ফাইনাল মার্কশিট সাবমিট করতে হবে।

**বয়স:** ১৮-৬-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৃষ্টিশক্তি:** মায়োপিয়া (সিলিন্ডার-সহ) থাকলে তা যেন মাইনাস ৪.০০ ডি এবং হাইপারমেট্রোপিয়া (সিলিন্ডার-সহ)-এর ক্ষেত্রে তা যেনপ্লাস ৪.০০ ডি-এর মধ্যে হয়। কেবল ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে সম্পূর্ণ বা আংশিক বর্ণান্ধ প্রার্থীরা আবেদনের যোগ্য। সবকটি পদের ক্ষেত্রেই ২০ বছরের অধিক বয়সি প্রার্থীর মায়োপিয়া থাকলে তা মাইনাস ৬.০০ ডি এবং হাইপারমেট্রোপিয়া থাকলে তা +৬.০০ ডি-র (উভয় ক্ষেত্রেই নন-প্রোগ্রেসিভ) বেশি হওয়া চলবে না। পাওয়ার আরও বৃদ্ধির সম্ভাবনা থাকলেও চলবে না। কোনও পদের ক্ষেত্রেই রাতকানা রোগ থাকা চলবে না।

বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। কম্পিউটারভিত্তিক পরীক্ষায় প্রশ্ন থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস, রিডিং কম্প্রিহেনশন, নিউমেরিক্যাল এবিলিটি, ভার্বাল ও নন-ভার্বাল রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ডেটা ইন্টারপ্রিটেশন এবং সংশ্লিষ্ট বিষয়ে। নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ongcindia.com দরখাস্তের শেষ তারিখ ১৮ জুন। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (সাদা ব্যাকগ্রাউন্ডে, ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১০ -২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৩৭০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে, এই অ্যাকাউন্টে: ONGC Power Jyoti A/C No. 30827318409. চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৯ জুন।

আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতায় সরকারি প্রকল্পে ডাক্তার

৬০ জন মেডিক্যাল অফিসার নিয়োগ করবে কলকাতা সিটি ন্যাশনাল আর্বান হেলথ মিশন সোসাইটি। চুক্তিতে নিয়োগ হবে কলকাতার বিভিন্ন আর্বান প্রাইমারি হেলথ সেন্টারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১০ জুন, কলকাতায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1/Kolkata City NUHM Society / 2019-20.

**শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস। সঙ্গে ১ বছর মেয়াদের বাধ্যতামূলক ইন্টার্নশিপ করে থাকতে হবে। **বয়স:** ১-১-২০১৯ তারিখে ৬৬ বছরের মধ্যে হতে হবে।

নিয়োগ করা হবে পূর্ণ ও আংশিক সময়ের জন্য। বেতন: পূর্ণ সময়ের ক্ষেত্রে প্রতি মাসে ৪০,০০০ টাকা এবং আংশিক সময়ের ক্ষেত্রে প্রতি মাসে ২৪,০০০ টাকা।

নিয়োগ করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.kmcgov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

**ওয়াক-ইন-ইন্টারভিউয়ে সঙ্গে নিয়ে যাবেন:** ✓নির্দিষ্ট বয়ানে পূরণ করা দরখাস্ত। প্রার্থীর এক কপি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্র হিসেবে পাসপোর্ট বা ভোটার আই ডি-র নকল। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের নকল। ✓প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র এবং রেজিস্ট্রেশন সার্টিফিকেটের নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

মূল নথিপত্রগুলিও ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যাবেন।

ইন্টারভিউ ১০ জুন, সকাল সাড়ে ১১টা থেকে। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Room No. 254, 2nd Floor, PMU, Kolkata City NUHM Society, 5, S. N. Banerjee Road, Kolkata-700 013.

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# স্কলারশিপের খোঁজখবর

## কাইন্ড স্কলারশিপ ফর ইয়ং উইমেন

নবম শ্রেণি বা উচ্চতর শ্রেণিতে পাঠরত এবং আর্থিকভাবে অনগ্রসর ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে বাডি ফর স্টাডি ইন্ডিয়া ফাউন্ডেশন।

**আবেদনের যোগ্যতা:** অন্তত নবম শ্রেণিতে পাঠরত হতে হবে। স্নাতকোত্তর, আই টি আই, পলিটেকনিক, ভোকেশনাল বা পেশাদারি কোর্সে পাঠরতরাও আবেদনের যোগ্য। শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪ লাখের নিচে।

**স্কলারশিপের পরিমাণ:** নবম ও দশম শ্রেণির ক্ষেত্রে প্রতি বছরে ৬,০০০ টাকা, একাদশ ও দ্বাদশ শ্রেণির ক্ষেত্রে প্রতি বছরে ১২,০০০ টাকা এবং পলিটেকনিক, আই টি আই, ডিপ্লোমা, গ্র্যাজুয়েশন বা অন্যান্য কোর্সের ক্ষেত্রে প্রতি বছরে ১৮,০০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/BKS1 আবেদনের শেষ তারিখ ১৫ জুন।

## এইচ ডি এফ সি ব্যাঙ্ক এডুকেশনাল ক্রাইসিস স্কলারশিপ সাপোর্ট ২০১৯

আর্থিকভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এইচ ডি এফ সি ব্যাঙ্ক। পারিবারিক সংকট, দৈহিক প্রতিবন্ধকতা কিংবা পরিবারের উপার্জনকারী সদস্যের মৃত্যু বা অসুস্থতার কারণে পড়াশোনা চালিয়ে যাওয়ার ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হওয়া ছাত্রছাত্রীদের এই স্কলারশিপ দেওয়া হবে। **আবেদনের যোগ্যতা:** অন্তত ষষ্ঠ শ্রেণিতে পাঠরত হতে হবে। স্নাতক, স্নাতকোত্তর, আই টি আই, ডিপ্লোমা, পলিটেকনিক, পি এইচ ডি কোর্সে পাঠরতরাও আবেদনের যোগ্য। **স্কলারশিপের পরিমাণ:** ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণীর ক্ষেত্রে এককালীন ১০,০০০ টাকা এবং পলিটেকনিক, আই টি আই, ডিপ্লোমা, গ্র্যাজুয়েশন বা অন্যান্য কোর্সের ক্ষেত্রে এককালীন ২৫,০০০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/HEC6 আবেদনের শেষ তারিখ ১৫ জুন।

## জাপানিজ গভর্নমেন্ট (এম ই এক্স টি) স্কলারশিপস ফর কলেজ অব টেকনোলজি স্টুডেন্টস ২০২০

জাপানে কারিগরি শিক্ষা নিয়ে গ্র্যাজুয়েশন করতে ইচ্ছুক ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে জাপান সরকার। প্রার্থীকে অবশ্যই জাপানের কোনও শিক্ষাপ্রতিষ্ঠানে পড়াশোনার সুযোগ পেয়ে থাকতে হবে। **আবেদনের যোগ্যতা:** অন্তত উচ্চমাধ্যমিক পাশ। জন্মতারিখ হতে হবে ১৯৯৫-এর এপ্রিল মাসের পর। **স্কলারশিপের পরিমাণ:** প্রতি মাসে ১,১৭,০০০ জাপানিজ ইয়েন। এর পাশাপাশি রিজিওনাল অ্যালাওয়েন্স হিসেবে দেওয়া হবে ৩,০০০ জাপানিজ ইয়েন। প্লেনে যাতায়াতের খরচও দেওয়া হবে ছাত্রছাত্রীদের।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/JGS6 বিশ্ববিদ্যালয়ের তালিকা পাবেন উপরোক্ত ওয়েবসাইটে। আবেদনের শেষ তারিখ ১৪ জুন।

*(তথ্য সহায়তা: buddy4study)*


দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

ESTD.-1920

ট্রেনিং পার্টনার অফ

ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

Skill India

\# TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence BELGHARIA : 9830780280

DAIKIN Centre Of Excellence SEALDAH : 8336939682

AUTOMOBILE ENGINEERING Centre of Excellence SALAP (Howrah) : 9903967142 • RAJARHAT : 9903967146

** COURSES JOINTLY WITH NETAJI SUBHAS OPEN UNIVERSITY (RECOGNISED BY UGC-DEB)

- ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- নেটওয়ার্ক এক্সপার্ট ★
- রাউটিং সুইচিং এক্সপার্ট ★
- ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং ★
- মোবাইল অ্যান্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান ★
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- এসি অ্যান্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সোলার পাওয়ার টেকনোলজি
- সাইবার সিকিউরিটি এন্ড ইনফরমেশন
- সিভিল ড্রাফটসম্যানশিপ (ক্যাড সহ)
- সিসিটিভি টেকনিসিয়ান ★
- চিপ লেভেল ল্যাপটপ রিপেয়ারিং ★

যোগ্যতা ক্লাস X/XII বোর্ড পরীক্ষা

- অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যান্ড ব্যাক) ★
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
- সার্টিফায়েড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট ★ (Tally.ERP9 সহ) (গ্রাজুয়েট)
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড প্রোগ্রামিং #
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড অফিস ম্যানেজমেন্ট ★#
- স্টেনোগ্রাফি ★
- অ্যাডভান্সড এক্সেল ★
- ডট নেট টেকনোলজি ★
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন কসমেটোলজি ★
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন বিউটি ★
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন মেকআপ ★
- ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবোরেটরি টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন রিনাল ডায়েলেসিস টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনিশিয়ান

- ইন্টিরিয়র ডিজাইন, ডেকোরেশন অ্যান্ড সাইট সুপারভাইজার (Godrej Interio)
- ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন } পার্ক স্ট্রিট কেন্দ্র
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন } পার্ক স্ট্রিট কেন্দ্র
- আই এফ বি ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং (IFB দ্বারা পরিচালিত)
- টিভিএস অটোমোবাইল টেকনিসিয়ান (TVS Motor Co. Ltd. দ্বারা পরিচালিত)
- গোদরেজ অ্যাডভান্স কোর্স ইন এসি, রেফ্রিজারেশন অ্যান্ড ওয়াশিং মেশিনস (Godrej দ্বারা পরিচালিত)
- অটোমোবাইল ইলেকট্রনিক্স এসি অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)
- ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)
- প্রফেশনাল রেস্টুরেন্ট সুপারভাইসার ★
- প্রফেশনাল রেস্টুরেন্ট স্টিওয়ার্ড ★
- প্রফেশনাল বারটেন্ডার
- প্রফেশনাল বার সুপারভাইসার
- প্রফেশনাল ইন হাউসকিপিং অপরেশানস্ ★

অনলাইন অ্যাডমিশনে স্কলারশিপ www.georgetelegraph.org

6/12/24 EMI, Zero Processing Fee (Only Sealdah Centre) BAJAJ FINSERV

প্রধান ট্রেনিং সেন্টার শিয়ালদা ✆ 8336939682/83/84/85, 033 22272605/24851214 অ্যাডমিশন হেল্পলাইন : 9836428285 • WhatsApp 8336939684

CENTRES

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আগরতলা | 9436139307 | ▪ কুচবিহার | 9674165586 | ▪ খড়্গপুর | 9073610876 |
| ▪ আলিপুর দুয়ার | 9836408027 | ▪ দুর্গাপুর | 9051111246 | ▪ লিলুয়া (হাওড়া) | 9830136688 |
| ▪ আন্দুল | 8334975533 | ডাকঘর | 8017522288 | ▪ মালদা | 9674165585 |
| ▪ আসানসোল | 9051117895 | ডায়মণ্ড হারবার | 8017522287 | ▪ মেদিনীপুর | 8335062606 |
| বেলঘড়িয়া (টেক্সম্যাকো) | 9830780280 | গুয়াহাটি | 9127066277 | মেমারি | 8777687853 |
| ▪ বাগনান | 9051110638 | গার্ডেনরিচ | 9230613574 | পাণ্ডুয়া | 9831840004 |
| ▪ বোলপুর | 9073333262 | ▪ হরিপাল | 9874136799 | ▪ পুরুলিয়া | 9051110498 |
| ▪ বারাসাত (ডাকা রোড) | 9674165589 | হাবরা | 9093037766 | রাজারহাট | 7998981202 |
| ▪ বারাসাত (যশোর রোড) | 8336911041 | হলদিয়া | 9732727609 | ▪ শিলিগুড়ি | 8335051715 |
| ▪ বেহালা | 9836616668 | ▪ জয়নগর | 9836666773 | ▪ সোনারপুর | 9830720005 |
| ▪ বহরমপুর | 9674165587 | জলপাইগুড়ি | 9434154082 | সিউড়ি | 9475074332 |
| বাঁকুড়া | 9932870010 | ▪ কল্যাণী | 9674165588 | তমলুক | 9735521383 |
| ব্যারাকপুর (চিড়িয়ার মোড়) | 9830596844 | ▪ কৃষ্ণনগর | 9674162462 | ঠাকুরপুকুর | 8017522286 |
| বর্ধমান | 0342 2560398 | খোসবাগ (বাঁকুড়া) | 9635735382 | **Hotel Studies** | |
| বিষ্ণুপুর (বাঁকুড়া) | 9051277877 | | | ▪ দুর্গাপুর | 9073952157 |
| ▪ কাঁথি | 9674165582 | কাকদ্বীপ | 9830077802 | ▪ শিয়ালদা | 8336939682/83 |

| | |
|---|---|
| **Interior Design** | |
| পার্ক স্ট্রিট | 9073610877 |
| **Beauty** | |
| ▪ ভবানীপুর | 9073952154 |
| ▪ বর্ধমান | 8335053588 |
| গার্ডেনরিচ | 6290939559 |
| জলপাইগুড়ি | 8158806115 |
| নাকতলা (গড়িয়া) | 9831166575 |
| **Paramedical** | |
| ▪ বারাসাত | 8336911041 |
| বসিরহাট | 8910505980 |
| ▪ বেহালা | 8336911653 |
| কামারকুণ্ডু | 03326300045 |
| ▪ লিলুয়া | 9830136688 |
| সোনারপুর | 9073727474 |
| তারকেশ্বর | 9800119669 |
| **Smart Centre** | |
| ▪ শ্রীরামপুর | 9073610884 |
| ▪ বর্ধমান | 8335053588 |
| নাকতলা (গড়িয়া) | 9831166575 |

e-mail : queries@georgetelegraph.org Website : www.georgetelegraph.org

Franchise enquiry : 9051921190 • e-mail: atcoperations@georgetelegraph.org


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**নির্দেশ (1 and 2):** *নীচের তথ্যগুলি পড়ে প্রশ্নগুলির উত্তর দিন।*

*সাতজন গায়কের একটি দল দর্শকদের দিকে মুখ করে মঞ্চে এক লাইনে দাঁড়িয়ে আছে।*

*(i) C-এর ডানদিকে D আছে।*
*(ii) G-এর কাছে আছে F।*
*(iii) F-এর বাঁদিকে আছে B।*
*(iv) A-এর বাঁদিকে আছে E।*
*(v) C এবং B-এর মাঝে একজন গায়ক আছে।*
*(vi) A ও D-এর মাঝে একজন গায়ক আছে।*

1. সবচেয়ে বাঁদিকে কে আছে?
(a) E (b) D (c) F (d) G
2. যদি আমরা বাঁদিক থেকে গোনা শুরু করি, তবে C কততম নম্বর-এ আছে?
(a) পঞ্চম (b) প্রথম (c) দ্বিতীয় (d) তৃতীয়

**নির্দেশ (3 to 6):** *একই সম্পর্কযুক্ত বিকল্প খুঁজে বের করুন।*

3. Ammeter : Current : : Odometer : ?
(a) Pressure (b) Distance (c) Length (d) Humidity
4. 11 : 121 : : 13 : ?
(a) 169 (b) 144 (c) 121 (d) 231
5. EJOT : BGLQ : : VOLG : ?
(a) ZUPK (b) AEIM (c) YTOJ (d) SLID
6. Question Figure



Answer Figure



7. মোহন দক্ষিণদিকে 30 মিটার গেল, বাঁদিকে ঘুরে আরও 15 মিটার গেল। তারপর ডানদিকে ঘুরে 20 মিটার গেল। তারপর ডানদিক ঘুরে আরও 15 মিটার গেল। শুরুর স্থান থেকে সে এখন কতদূরে?
(a) 70 মিটার (b) 95 মিটার (c) 50 মিটার (d) 40 মিটার
8. একটি নির্দিষ্ট কোডে GERMINATION-কে যদি লেখা হয় IMGRENNOAIT, তবে ওই নির্দিষ্ট কোডে ESTABLISHED-কে কী লেখা হবে?
(a) IMGRENNOAIT (b) NOANIGRETIM (c) GRINMNOATIE (d) REGIMNITONA
9.




(a) 1231 (b) 1331 (c) 1441 (d) 1221

**নির্দেশ (10 to 13):** *সঠিক বিকল্প বসিয়ে শ্রেণিসারিগুলি সম্পূর্ণ করুন।*

10. VG, XI, ZK, BM, ______, FQ.
(a) CM (b) EL (c) DO (d) None of these
11. 1, 0, 5, 8, 17, 24, 37, _?_ .
(a) 43 (b) 46 (c) 48 (d) 40
12. 6, 13, 25, 51, 101, _?_ .
(a) 202 (b) 205 (c) 201 (d) 203
13. ____ bbm ____ amb ___ m ___ a ___ bb.
(a) mabam (b) ambbm (c) abmab (d) mbabm
14. যদি + = ÷; ÷ = −; − = × এবং × = + হয়, তবে 6 × 3 ÷ 2 − 2 + 5 = ?
(a) $4\frac{2}{7}$ (b) $8\frac{1}{5}$ (c) $2\frac{3}{5}$ (d) 3

**নির্দেশ (15 to 19):** *অমিল বিকল্প খুঁজে বের করুন।*

15. (a) Gandhi (b) Buddha (c) Mahavir (d) Christ
16. (a) 83 (b) 51 (c) 21 (d) 39
17. (a) Nylon (b) Wool (c) Silk (d) Cotton
18. (a) DFG (b) BDW (c) GIQ (d) FHS
19.

| M | Y | W | D |
|---|---|---|---|
| (a) | (b) | (c) | (d) |

**নির্দেশ (20 and 21):** *নীচের শব্দগুলিকে অর্থপূর্ণ ক্রম অনুসারে সাজান।*

20. 1. Elephant 2. Cat 3. Mosquito 4. Tiger 5. Whale
(a) 3, 2, 4, 1, 5 (b) 5, 3, 1, 2, 4 (c) 2, 5, 1, 4, 3 (d) 1, 3, 5, 4, 2
21. 1. Mother 2. Child 3. Milk 4. Cry 5. Smile
(a) 3, 2, 1, 5, 4 (b) 1, 5, 2, 4, 3 (c) 2, 4, 1, 3, 5 (d) 2, 4, 3, 1, 5
22. নীচের শব্দগুলির মধ্যে কোনটি প্রদত্তশব্দের অক্ষরগুলি দ্বারা গঠন করা যাবে না?
SUPERVISION
(a) REVISION (b) PERSON (c) NOISE (d) PISTON
23. নীচের শব্দগুলির মধ্যে কোনটি প্রদত্ত শব্দের অক্ষরগুলি দ্বারা গঠন করা যাবে?
REMEMBERING
(a) NEGRO (b) AGREE (c) RAIN (d) GREEN
24. নীচের কোন বর্ণটি প্রদত্ত 24টি বর্ণমালার সারির ডানদিক থেকে 15তম অবস্থানে থাকবে?
A B C D E F G H I J K L M N O P Q R S T U V W X Y Z
(a) Q (b) L (c) R (d) S
25. যদি পৃথিবী মানে আকাশ, জল মানে আলো, আলো মানে বাতাস, বাতাস মানে জল এবং আকাশ মানে পৃথিবী হয় তবে কেউ তৃষ্ণার্ত হলে কী পান করবে?
(a) আকাশ (b) জল (c) বাতাস (d) আলো
26. যদি একটি নির্দিষ্ট কোডে TREAD-কে লেখা হয় '7% # 94' এবং PREY-কে লেখা হয় '$ % # 8', তবে ওই কোডে ARTERY কে কী লেখা হবে?
(a) 9 % 7 # % 8 (b) 9 # % 7 # 8 (c) 9 % # 7 % 8 (d) 9 # 7 % # 8
27. 'EMTA' এই বর্ণগুলি দ্বারা কতগুলি অর্থপূর্ণ শব্দ গঠন করা যাবে যেখানে সবক'টি বর্ণ একবারমাত্র ব্যবহার করা যাবে?
(a) 1 (b) 2 (c) 3 (d) 3-এর বেশি
28. একটি নির্দিষ্ট কোডে PROCESS-কে যদি লেখা হয় ORPCSSE, তবে ওই কোডে FURTHER-কে কী লেখা হবে?
(a) TRFURHE (b) RUFTREH (c) RUFEHTR (d) কোনওটিই নয়
29. নীচের কোনটি গরু, ছাগল ও গবাদিপশুর মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?



(a) (b) (c) (d)

30. নীচের চিত্রটিতে ক'টি বর্গক্ষেত্র আছে?



(a) 18 (b) 14 (c) 15 (d) 16
31. ভারতীয় সংবিধানের কোন ধারায় নির্বাচন কমিশনের অধিকার দেওয়া হয়েছে?
(a) 382 নম্বর (b) 324 নম্বর (c) 356 নম্বর (d) 286 নম্বর
